Unit 3

# Real Viva

## Real Viva-01

প্রার্থী : আসসালামু আলাইকুম; স্যার, আসতে পারি?

১ম পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, (একটু থেমে) আপনি কোন বিষয়ে পড়াশুনা করছেন?

প্রার্থী : আমি বরিশাল বি. এল. কলেজ থেকে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক পাশ করেছি।

২য় পরীক্ষক : 'আমি বরিশাল বি. এল. কলেজ থেকে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক পাশ করেছি' বাক্যটি ইংরেজিতে বলুন।

প্রার্থী : I have graduated in Management from Barishal B. L. College.

১ম পরীক্ষক : আচ্ছা বলুনতো ১ কেজি পেয়াজের দাম ৮০ টাকা কেজি হলে ৩০০ গ্রামের দাম কত?

প্রার্থী : ২৪ টাকা।

১ম পরীক্ষক : বাংলার প্রথম স্বাধীন নৃপতি কে ছিলেন?

প্রার্থী : রাজা শশাঙ্ক।

৩য় পরীক্ষক : আচ্ছা বলুনতো বাংলায় বংশানুক্রমিক শাসন পরিচালনা করে কারা?

প্রার্থী : পালরা।

৩য় পরীক্ষক : বেগম রোকেয়া কে ছিলেন? তার ১টি উপন্যাস ও ১টি প্রবন্ধের নাম বলুন।

প্রার্থী : বেগম রোকেয়া ছিলেন নারী জাগরণ ও নারীর অধিকার আন্দোলনের অন্যতম পথিকৃত। তার বিখ্যাত উপন্যাস – পদ্মরাগ ও উল্লেখযোগ্য প্রবন্ধ মতিচুর।

১ম পরীক্ষক : একনেক (ECNEC) কী?

প্রার্থী : একনেক হলো বাংলাদেশের অর্থনৈতিক নীতিনির্ধারণ এবং উন্নয়ন প্রকল্প অনুমোদন সংক্রান্ত সর্বোচ্চ অর্থনৈতিক সংস্থার নাম।

৩য় পরীক্ষক : বলুন তো, বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির সদস্য কতজন ছিল?

প্রার্থী : ৩৪ জন।

২য় পরীক্ষক : বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে এবং সংস্থাটির কততম সদস্য?

প্রার্থী : ১৯৭৪ সালে, ১৩৬তম সদস্য।

১ম পরীক্ষক : হ্যামলেট কার লেখা?

প্রার্থী : উইলিয়াম শেক্সপিয়রের।

২য় পরীক্ষক : বাংলাদেশের জাতীয় প্রতীকে কয়টি তারকা রয়েছে?

প্রার্থী : দুঃখিত, স্যার এ প্রশ্নের উত্তর জানা নেই। (সঠিক উত্তর চারটি)

২য় পরীক্ষক : আগরতলা ষড়যন্ত্রমামলার আসামী কতজন ছিলো?

Scanned with CamScanner

প্রার্থী : ৩৫ জন, স্যার।
১ম পরীক্ষক : আপনি কি রবীন্দ্র সঙ্গীত জানেন? জানলে গেয়ে শুনান।
প্রার্থী : "আজি বাংলাদেশের হৃদয় হতে ---"
১ম পরীক্ষক : প্রাথমিক শিক্ষক হিসেবে নিয়োগ পেতে আপনি কতখানি আন্তরিক?
প্রার্থী : স্যার, আমি পুরোপুরি আন্তরিক।
১ম পরীক্ষক : ঠিক আছে, আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামু আলাইকুম।

## Real Viva-02

অনুমতির পর কক্ষে প্রবেশ করে-

প্রার্থী : আসসালামু আলাইকুম।
প্রশ্নকর্তা : ওয়াআলাইকুম আসসালাম। কেমন আছেন?
প্রার্থী : ভালো আছি স্যার।
প্রশ্নকর্তা : আপনার নাম নজরুল ইসলাম : তো বলুনতো আপনার নামে মুজিবনগর সরকারের একজন বলিষ্ঠ নেতা ছিলেন। তিনি কে?
প্রার্থী : সৈয়দ নজরুল ইসলাম। তিনি ছিলেন মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি।
প্রশ্নকর্তা : আপনি কোন সাবজেক্ট নিয়ে পড়েছেন?
প্রার্থী : Economics.
প্রশ্নকর্তা : Economics এর জনক কে?
প্রার্থী : অ্যাডাম স্মিথ।
প্রশ্নকর্তা : বলুনতো বাংলাদেশের স্বাধীনতা ঘোষণাপত্র কবে জারি হয়?
প্রার্থী : ১০ এপ্রিল, ১৯৭১।
প্রশ্নকর্তা : সিমের (SIM) পূর্ণরূপ কি?
প্রার্থী : Subscriber identity module.
প্রশ্নকর্তা : ২টা English newspaper নাম বলেন?
প্রার্থী : The Daily Star, The Daily Sun
প্রশ্নকর্তা : বলুনতো 'কিন্ডারগার্টেন' পদ্ধতির প্রবর্তন করেন কে?
প্রার্থী : ফ্রেডরিক ফ্রোয়েবল।
প্রশ্নকর্তা : আপনি কেন প্রাইমারি শিক্ষকতায় আসতে চান?
প্রার্থী : শিক্ষকতা পেশা আমাকে তীব্রভাবে আকর্ষণ করে। আমি একজন আর্দশ শিক্ষক হওয়ার জন্য নিজেকে তৈরি করেছি। তাই আমি প্রাইমারি শিক্ষক হবার জন্য আবেদন করেছি।
প্রশ্নকর্তা : Very Good, আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ স্যার।

Scanned with CamScanner

# Real Viva-03

প্রার্থী : আসসালামুআলাইকুম, ভিতরে আসতে পারি স্যার?

প্রশ্নকর্তা : ওয়ালাইকুমুস সালাম, আসুন।

প্রার্থী : স্যার, বসতে পারি?

প্রশ্নকর্তা : অবশ্যই, বসুন।

প্রশ্নকর্তা : আপনার নাম কী? সার্টিফিকেটগুলো দিন।

প্রশ্নকর্তা : আপনি কোথায় থেকে স্নাতক সম্পন্ন করেছেন?

প্রার্থী : জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

প্রশ্নকর্তা : আপনি কোন বিষয়ে পড়েছেন?

প্রার্থী : উদ্ভিদ বিজ্ঞান।

প্রশ্নকর্তা : উদ্ভিদ বিজ্ঞানের জনক কে?

প্রার্থী : থিওফ্রাস্টাস।

প্রশ্নকর্তা : উদ্ভিদের যে প্রাণ আছে তা কে আবিষ্কার করেন?

প্রার্থী : স্যার জগদীশ চন্দ্র বসু।

প্রশ্নকর্তা : সালোকসংশ্লেষণ কাকে বলে?

প্রার্থী : যে জৈব রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে সবুজ উদ্ভিদ কোষে সূর্যালোকের উপস্থিতিতে, পরিবেশ থেকে গৃহীত কার্বন ডাইঅক্সাইডে ($CO_2$) ও মূল দ্বারা শোষিত পানির বিক্রিয়ায় শর্করা জাতীয় খাদ্যের সংশ্লেষ ঘটে এবং গৃহীত কার্বন-ডাই-অক্সাইডের সমপরিমাণ অক্সিজেন প্রকৃতিতে নির্গত হয় তাকে সালোকসংশ্লেষণ বলে।

প্রশ্নকর্তা : বাংলায় মোট কতটি বর্ণমালা আছে?

প্রার্থী : মোট ৫০টি।

প্রশ্নকর্তা : ফ্যানগুলো ঘুরিতেছে এর ইংরেজি বলুন।

প্রার্থী : The fans are moving.

প্রশ্নকর্তা : ছোট বেলায় পড়েছেন বিশ্বকবি রবীন্দ্রনাথের একটি কবিতার নাম বলুন?

প্রার্থী : তালগাছ।

প্রশ্নকর্তা : $(a + b)^2$ এর সূত্র বলুন।

প্রার্থী : $(a + b)^2 = a^2 + 2ab + b^2$

প্রশ্নকর্তা : ধন্যবাদ আসতে পারেন।

প্রার্থী : ধন্যবাদ, আসসালামুআলাইকুম।

Scanned with CamScanner

# Real Viva-04

প্রার্থী : আসসালামুআলাইকুম। ভিতরে আসতে পারি স্যার?

প্রশ্নকর্তা : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন। আপনার নাম কী?

প্রার্থী : রাবেয়া খাতুন।

প্রশ্নকর্তা : আপনি কোন বিষয়ে পড়ালেখা করেছেন?

প্রার্থী : আমি ইতিহাসে অনার্স ডিগ্রি অর্জন করেছি।

প্রশ্নকর্তা : বলুন তো, সিন্ধু সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?

প্রার্থী : সিন্ধু সভ্যতা গড়ে উঠেছিল সিন্ধু নদের তীরে অবস্থিত হরপ্পা ও মহেঞ্জোদারো নগরীকে কেন্দ্র করে।

প্রশ্নকর্তা : বঙ্গবন্ধু কত সালে জন্মগ্রহণ করেন?

প্রার্থী : ১৯২০ সালের ১৭ই মার্চ।

প্রশ্নকর্তা : ১৭ই মার্চ বাংলাদেশে কোন দিবস হিসেবে পালিত হয়?

প্রার্থী : জাতীয় শিশু দিবস।

প্রশ্নকর্তা : NAPE এর পূর্ণরূপ বলুন।

প্রার্থী : Sorry (National Academy for Primary Education.)

প্রশ্নকর্তা : ভানুসিংহ কার ছদ্মনাম?

প্রার্থী : রবীন্দ্রনাথ ঠাকুরের।

প্রশ্নকর্তা : বাংলা ভাষায় অর্ধমাত্রার বর্ণ কয়টি?

প্রার্থী : মোট আটটি (ঋ, খ, গ, ণ, থ, ধ, প, শ)।

প্রশ্নকর্তা : আচ্ছা বলুন তো, বর্তমান বিশ্বের স্বাধীন রাষ্ট্র কতটি?

প্রার্থী : ১৯৫টি।

প্রশ্নকর্তা : টেবিলের উপর ২টি বোতল আছে-ইংরেজিতে বলুন।

প্রার্থী : There are two bottles on the table.

প্রশ্নকর্তা : আপনাকে ধন্যবাদ, আপনি আসুন।

প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ স্যার, আসসালামুআলাইকুম।

# Real Viva-05

প্রার্থী : স্যার আসতে পারি?

প্রশ্নকর্তা : আসুন, আপনার নাম কী?

প্রার্থী : মো. কামরুল হাসান।

প্রশ্নকর্তা : আপনার পিতার নাম কী?

প্রার্থী : জনাব মো. ফরিদুল ইসলাম।

প্রশ্নকর্তা : আপনার বাড়ি কোন উপজেলায়?

প্রার্থী : কাহালু উপজেলা (বগুড়া)।

Scanned with CamScanner

## Real Viva-04

প্রার্থী : আসসালামুআলাইকুম। ভিতরে আসতে পারি স্যার?

প্রশ্নকর্তা : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন। আপনার নাম কী?

প্রার্থী : রাবেয়া খাতুন।

প্রশ্নকর্তা : আপনি কোন বিষয়ে পড়ালেখা করেছেন?

প্রার্থী : আমি ইতিহাসে অনার্স ডিগ্রি অর্জন করেছি।

প্রশ্নকর্তা : বলুন তো, সিন্ধু সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?

প্রার্থী : সিন্ধু সভ্যতা গড়ে উঠেছিল সিন্ধু নদের তীরে অবস্থিত হরপ্পা ও মহেঞ্জোদারো নগরীকে কেন্দ্র করে।

প্রশ্নকর্তা : বঙ্গবন্ধু কত সালে জন্মগ্রহণ করেন?

প্রার্থী : ১৯২০ সালের ১৭ই মার্চ।

প্রশ্নকর্তা : ১৭ই মার্চ বাংলাদেশে কোন দিবস হিসেবে পালিত হয়?

প্রার্থী : জাতীয় শিশু দিবস।

প্রশ্নকর্তা : NAPE এর পূর্ণরূপ বলুন।

প্রার্থী : Sorry (National Academy for Primary Education.)

প্রশ্নকর্তা : ভানুসিংহ কার ছদ্মনাম?

প্রার্থী : রবীন্দ্রনাথ ঠাকুরের।

প্রশ্নকর্তা : বাংলা ভাষায় অর্ধমাত্রার বর্ণ কয়টি?

প্রার্থী : মোট আটটি (ঋ, খ, গ, ণ, থ, ধ, প, শ)।

প্রশ্নকর্তা : আচ্ছা বলুন তো, বর্তমান বিশ্বের স্বাধীন রাষ্ট্র কতটি?

প্রার্থী : ১৯৫টি।

প্রশ্নকর্তা : টেবিলের উপর ২টি বোতল আছে-ইংরেজিতে বলুন।

প্রার্থী : There are two bottles on the table.

প্রশ্নকর্তা : আপনাকে ধন্যবাদ, আপনি আসুন।

প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ স্যার, আসসালামুআলাইকুম।

## Real Viva-05

প্রার্থী : স্যার আসতে পারি?

প্রশ্নকর্তা : আসুন, আপনার নাম কী?

প্রার্থী : মো. কামরুল হাসান।

প্রশ্নকর্তা : আপনার পিতার নাম কী?

প্রার্থী : জনাব মো. কবিরুল ইসলাম।

প্রশ্নকর্তা : আপনার বাড়ি কোন উপজেলায়?

প্রার্থী : কাহালু উপজেলা (বগুড়া)।

Scanned with CamScanner

প্রশ্নকর্তা : আপনি কোথায় থেকে স্নাতক সম্পন্ন করেছেন?
প্রার্থী : রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রশ্নকর্তা : আপনার বিষয় কী ছিল?
প্রার্থী : বাংলা।
প্রশ্নকর্তা : আচ্ছা আপনি বলুন তো কাজী নজরুল ইসলামের একটি নিষিদ্ধ কবিতার নাম।
প্রার্থী : আনন্দময়ীর আগমনে।
প্রশ্নকর্তা : পৌরসভা কোন সমাস?
প্রার্থী : Sorry. (ষষ্ঠী তৎপুরুষ)
প্রশ্নকর্তা : ছোট ছেলে মেয়েদের motive করা যায় এমন একটি ছড়ার নাম বলুন।
প্রার্থী : আমরা সবাই রাজা এই রাজার রাজত্বে।
প্রশ্নকর্তা : $a = 3$ এবং $b = 2$ হয়, তবে $(a + b)^2$ মান কত?
প্রার্থী : 25
প্রশ্নকর্তা : Very good. আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামুআলাইকুম।

## Real Viva-06

প্রার্থী : ভিতরে আসতে পারি, স্যার? আসসালামুআলাইকুম।
প্রশ্নকর্তা : আসুন। ওয়ালাইকুমুস সালাম।
প্রশ্নকর্তা : আপনার নাম কী?
প্রার্থী : মো. রবিউল ইসলাম।
প্রশ্নকর্তা : আপনার পিতার নাম কী?
প্রার্থী : জনাব আমিনুল ইসলাম।
প্রশ্নকর্তা : আপনি কোথায় থেকে স্নাতক সম্পন্ন করেছেন?
প্রার্থী : জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে।
প্রশ্নকর্তা : আপনি কোন বিষয়ে স্নাতক সম্পন্ন করেছেন?
প্রার্থী : হিসাববিজ্ঞান।
প্রশ্নকর্তা : ১০০ টাকায় ২ বছরে ৫% চক্রবৃদ্ধিতে মুনাফা কত হবে বলুন?
প্রার্থী : Sorry.
প্রশ্নকর্তা : PPP এর পূর্ণরূপ বলুন।
প্রার্থী : Public-Private Partnership
প্রশ্নকর্তা : এই রুমে অনেক লোক আছে-ইংরেজিতে অনুবাদ করুন।
প্রার্থী : There are many people in this room.
প্রশ্নকর্তা : পদ কাকে বলে? এক কথায় বলুন।
প্রার্থী : বাক্যে ব্যবহৃত প্রতিটি শব্দকে পদ বলে। (যখন কোনো শব্দ বা ধাতু বিভক্তিযুক্ত হয়ে বাক্যে বসার উপযুক্ত হয় তখন তাকে পদ বলে।)
প্রশ্নকর্তা : সর্বনামের কয়েকটি উদাহরণ বলুন।

Scanned with CamScanner

প্রার্থী : স্বয়ং, নিজ, খোদ ইত্যাদি।
প্রশ্নকর্তা : Very good; আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ, আসসালামুআলাইকুম।

# Real Viva-07

*সালাম দিয়ে ভিতরে ঢুকলাম*

প্রশ্নকর্তা : বসুন; আপনার নাম কী?
প্রার্থী : মো. আব্দুল মজিদ।
প্রশ্নকর্তা : আপনার পিতার নাম কী?
প্রার্থী : মৃত আহম্মদ আলী আকন্দ।
প্রশ্নকর্তা : মাস্টার্স কোথায় করেছেন?
প্রার্থী : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।
প্রশ্নকর্তা : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয়?
প্রার্থী : ১৯৬১ সালে।
প্রশ্নকর্তা : বর্তমানে মোট কতটি কৃষি বিশ্ববিদ্যালয় আছে?
প্রার্থী : মোট ৫টি।
প্রশ্নকর্তা : মহাস্থানগড় কোথায় অবস্থিত?
প্রার্থী : বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায়।
প্রশ্নকর্তা : বলুনতো, সুবর্ণ জয়ন্তী কত বছর পর পালন করা হয়?
প্রার্থী : ৫০ বছর।
প্রশ্নকর্তা : SAARC এর পূর্ণরূপ কী?
প্রার্থী : South Asian Association for Regional Co-operation.
প্রশ্নকর্তা : মেয়েটি দেখতে তার মায়ের মতো– ইংরেজিতে বলুন।
প্রার্থী : The girl takes after her mother.
প্রশ্নকর্তা : বাংলা স্বরবর্ণ কতটি?
প্রার্থী : ১১টি।
প্রশ্নকর্তা : আপনি এখন কী করেন?
প্রার্থী : বর্তমানে আমি চাকরির জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে পরীক্ষা দিচ্ছি।
প্রশ্নকর্তা : আপনার পরিবারে সদস্য সংখ্যা কতজন?
প্রার্থী : মোট ৫ জন।
প্রশ্নকর্তা : আপনি কী পরিবারের বড় সন্তান?
প্রার্থী : জ্বী স্যার, আমি পরিবারের বড় সন্তান।
প্রশ্নকর্তা : ধন্যবাদ, আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ; আসসালামুআলাইকুম।

Scanned with CamScanner

## Real Viva-08

*[প্রথমে অনুমতি নিয়ে সালাম দিয়ে ভিতরে প্রবেশ করলাম। তারপর তাঁরা কাগজ চেক করলো। বোর্ডে ৩ জন ছিল, ডিসিসহ]*

প্রশ্নকর্তা : আপনার নাম কী?
প্রার্থী : মোছা. শারমিন আখতার
প্রশ্নকর্তা : আপনি কোন বিষয়ে অনার্স করেছেন?
প্রার্থী : আমি অনার্স করেছি প্রাণিবিদ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে।
প্রশ্নকর্তা : মাছ উৎপাদনে বাংলাদেশ কততম?
প্রার্থী : মাছ উৎপাদনে বাংলাদেশ পঞ্চম, তবে সাধু পানির মাছ উৎপাদনে ৩য়।
প্রশ্নকর্তা : বাংলাদেশ ইলিশ মাছ উৎপাদনে কত তম?
প্রার্থী : প্রথম।
প্রশ্নকর্তা : বাংলাদেশের স্বাধীনতা দিবস কত তারিখে?
প্রার্থী : ১৯৭১ সালের ২৬ মার্চ।
প্রশ্নকর্তা : বঙ্গবন্ধু না থাকলে কি স্বাধীনতা সম্ভব ছিল?
প্রার্থী : আমি বললাম অসম্ভব। এরপর বঙ্গবন্ধু সম্পর্কে বিস্তারিত বললাম। লক্ষ করলাম ভাইবা বোর্ড আমার উত্তরে সন্তুষ্ট।
প্রশ্নকর্তা : সমাজে আলালের ঘরে দুলালের অভাব নাই— ইংরেজি অনুবাদ করুন।
প্রার্থী : Sorry স্যার। (There is no scarcity of the spoilt child of a rich parent in the society.)
প্রশ্নকর্তা : দুদক এর চেয়ারম্যানের নাম কী?
প্রার্থী : ইকবাল মাহমুদ (তৎকালীন)।
প্রশ্নকর্তা : ধন্যবাদ, আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ, সালাম দিয়ে ভাইবা বোর্ড থেকে বের হয়ে আসলাম।

## Real Viva-09

*প্রথমে সালাম দিয়ে ভিতরে প্রবেশ করলাম।*

প্রশ্নকর্তা : বসুন, আপনার নাম কী?
প্রার্থী : লাভলু হাসান ফারুক
প্রশ্নকর্তা : আপনি কোথায় থেকে মাস্টার্স করেছেন?
প্রার্থী : জাতীয় বিশ্ববিদ্যালয়।
প্রশ্নকর্তা : শাপলা ফুলের ইংরেজি নাম বলুন।
প্রার্থী : Water lily.
প্রশ্নকর্তা : স্বরবর্ণ কতটি?

Scanned with CamScanner

প্রার্থী : স্বরবর্ণ মোট ১১টি।
প্রশ্নকর্তা : মাত্রাহীন বর্ণের সংখ্যা কতটি?
প্রার্থী : Sorry (১০টি)।
প্রশ্নকর্তা : জ্যামিতি কাহাকে বলে?
প্রার্থী : গণিত শাস্ত্রের যে শাখায় ভূমি বা স্থানের পরিমাণ সম্পর্কে আলোচনা করা হয় তাকে জ্যামিতি বলে।
প্রশ্নকর্তা : বিষমবাহু ত্রিভুজের সংজ্ঞা বলুন।
প্রার্থী : যে ত্রিভুজের বাহুগুলো পরস্পর অসমান থাকে তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।
প্রশ্নকর্তা : মুষলধারে বৃষ্টি হচ্ছে ইংরেজিতে অনুবাদ করুন।
প্রার্থী : It is raining cats and dogs.
প্রশ্নকর্তা : Thank you, আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ, সালাম দিয়ে ভাইবা বোর্ড হতে বের হয়ে আসলাম।

## Real Viva–10

প্রার্থী : আসসালামুআলাইকুম। আসতে পারি স্যার?
প্রশ্নকর্তা : আসুন, বসুন। আপনার নাম কী?
প্রার্থী : তহুরা আকতার জাহান।
প্রশ্নকর্তা : বলুন তো বাংলাদেশে প্রথম বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় কত সালে?
প্রার্থী : ১৯৯২ সালের ১ জানুয়ারি।
প্রশ্নকর্তা : বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতির নাম কী?
প্রার্থী : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
প্রশ্নকর্তা : কোন দেশ বাংলাদেশকে সর্বপ্রথম স্বীকৃতি দান করেন?
প্রার্থী : ১৯৭১ সালের ৬ ডিসেম্বর ভুটান সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি দান করেন।
প্রশ্নকর্তা : বাংলাদেশের প্রথম নিরক্ষরতামুক্ত গ্রাম কোনটি?
প্রার্থী : Sorry স্যার (কচুবাড়ি-কৃষ্টপুর, ঠাকুরগাঁও জেলার সালান্দ ইউনিয়নের একটি গ্রাম।)
প্রশ্নকর্তা : বাংলাদেশে প্রাক-প্রাথমিক শিক্ষার বয়সসীমা কত?
প্রার্থী : ৩-৫ বছর।
প্রশ্নকর্তা : রম্বসের ক্ষেত্রফলের সূত্র বলুন।
প্রার্থী : রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল
প্রশ্নকর্তা : UNESCO এর সদর দপ্তর কোথায়?
প্রার্থী : ফ্রান্সের প্যারিসে।
প্রশ্নকর্তা : এখন দশটা বাজতে ৬ মিনিট বাকি — ইংরেজিতে অনুবাদ করুন।
প্রার্থী : It is six to ten.
প্রশ্নকর্তা : ধন্যবাদ, আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামুআলাইকুম।

Scanned with CamScanner

Ziillur Sir

# নমুনা ভাইভা

## নমুনা ভাইভা-০১

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভিতরে আসতে পারি, স্যার?

বোর্ড চেয়ারম্যান : ওয়া আলাইকুমুস সালাম। আসুন, বসুন। আপনার নাম কী?

প্রার্থী : ইমদাদুল হক।

বোর্ড চেয়ারম্যান : আপনার নামে একজন প্রখ্যাত সাহিত্যিক রয়েছেন, তার একটি উপন্যাসের নাম বলুন।

প্রার্থী : তার বিখ্যাত উপন্যাস 'আবদুল্লাহ্'।

পরীক্ষক-১ : আপনি কোন বিষয়ে শিক্ষালাভ করেছেন?

প্রার্থী : আমি শিক্ষায় মাস্টার্স (M.Ed) ডিগ্রি লাভ করেছি।

পরীক্ষক-১ : আচ্ছা বলুন তো শিক্ষা কী?

প্রার্থী : সাধারণ অর্থে জ্ঞান বা দক্ষতা অর্জনই হলো শিক্ষা। ব্যাপক অর্থে পদ্ধতিগত জ্ঞানলাভের প্রক্রিয়াকেই শিক্ষা বলে।

পরীক্ষক-১ : প্রান্তিক যোগ্যতা কী?

প্রার্থী : প্রাথমিক স্তরে শিক্ষালাভ শেষে একটি শিশুর যতটুকু আচরণিক পরিবর্তন হবে, জ্ঞান-দক্ষতা-দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের বিকাশ ঘটবে, তাই হচ্ছে ঐ স্তরে অর্জন উপযোগী যোগ্যতা বা প্রান্তিক যোগ্যতা।

পরীক্ষক-১ : পদোন্নতির মাধ্যমে প্রধান শিক্ষক নিয়োগ পেতে অন্যূন কত বছর সহকারী শিক্ষক পদে চাকরি করার অভিজ্ঞতা থাকতে হবে?

প্রার্থী : ১২ বছর।

পরীক্ষক-১ : আপনি কেন শিক্ষকতাকে পেশা হিসেবে গ্রহণ করতে চান?

প্রার্থী : শিক্ষকতা একটি সম্মানজনক পেশা। তাছাড়া প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে যোগদান করলে নিজ বাড়িতে থেকে চাকরি করার সুযোগ পাওয়া যাবে, যা অন্য অধিকাংশ চাকরির ক্ষেত্রে সম্ভব নয়। আরও নানাবিধ কারণে আমি শিক্ষকতাকে পেশা হিসেবে পছন্দ করি।

পরীক্ষক-১ : একটি ইংরেজি বাক্য শুদ্ধভাবে লিখতে হলে কোন বিষয়টির দিকে সবচেয়ে বেশি লক্ষ রাখা উচিত বলে আপনি মনে করেন?

প্রার্থী : আমার দৃষ্টিতে একটি ইংরেজি বাক্যের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে 'sequence of parts of speech'। কাজেই ইংরেজি বাক্য শুদ্ধভাবে লিখতে হলে বাক্যের Tense-এর দিকে সমান গুরুত্ব দেওয়া উচিত।

পরীক্ষক-২ : ইংরেজি বাক্যের ক্ষেত্রে Tense এত গুরুত্বপূর্ণ হওয়ার কারণ কী?

প্রার্থী : কেননা সব ক্ষেত্রেই tense sentence-এর verb-এর সময়কে স্পষ্ট করে। যা sentence-এর গঠন এবং অর্থকে পূর্ণতা দান করে।

পরীক্ষক-২ : বলুন তো Deer-এর plural form কী?

প্রার্থী : Deer-এর Singular ও Plural form একই অর্থাৎ Deer.

পরীক্ষক-২ : আপনি জানেন কি Deer-এর স্ত্রীলিঙ্গ কী হবে?

প্রার্থী : জ্বি হ্যাঁ, Doe.

পরীক্ষক-২ : 'Nomenclature' শব্দটির বাংলা অর্থ কী?

প্রার্থী : পরিভাষা বা নামকরণ পদ্ধতি।

পরীক্ষক-২ : ইংরেজি ভাষা থেকে আগত কয়েকটি বাংলা শব্দের নাম বলুন।

প্রার্থী : লণ্ঠন, হাসপাতাল, বিস্কুট ইত্যাদি।

পরীক্ষক-২ : ভারতীয় মুসলমানদের মধ্যে শিক্ষাবিস্তারে অনন্য ভূমিকা পালন করেন কে?

প্রার্থী : ভারতীয় মুসলমানদের মধ্যে শিক্ষাবিস্তারে নবাব আব্দুল লতিফ অনন্য ভূমিকা পালন করেন।

পরীক্ষক-৩ : বাংলাদেশের প্রথম নিরক্ষরমুক্ত জেলা কোনটি?

প্রার্থী : মাগুরা।

পরীক্ষক-৩ : প্রাথমিক শিক্ষা আইন জারি হয় কবে?

প্রার্থী : ১৯৭৪ সালে।

পরীক্ষক-৩ : প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি চালু হয় কত সালে?

প্রার্থী : ২৮ সেপ্টেম্বর ২০০২।

পরীক্ষক-৩ : বাংলাদেশে উপ-আনুষ্ঠানিক শিক্ষা চালু হয় কবে?

প্রার্থী : ১৯৯১ সালে।

পরীক্ষক-৩ : দেশে খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচি চালু হয় কবে?

প্রার্থী : ১৯৯৩ সালে।

পরীক্ষক-৩ : বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা আইন পাশ হয় কত সালে?

প্রার্থী : ১৯৯০ সালে।

পরীক্ষক-৩ : PMED-এর পূর্ণরূপ বলুন তো?

প্রার্থী : Primary and Mass Education Division.

পরীক্ষক-৩ : প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ চালু হয় কবে?

প্রার্থী : ১৯৯২ সালে।

বোর্ড চেয়ারম্যান : আপনি আসুন। আপনাকে ধন্যবাদ।

প্রার্থী : আপনাদের সবাইকে ধন্যবাদ।

Ziillur Sir

## নমুনা ভাইভা-০২

প্রার্থী : আসসালামু আলাইকুম, আসতে পারি স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়া আলাইকুমুস সালাম, আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম?
প্রার্থী : মোঃ জয়নুল আবেদিন।
বোর্ড চেয়ারম্যান : এ নামের একজন বিখ্যাত ব্যক্তির নাম বলুন।
প্রার্থী : শিল্পাচার্য জয়নুল আবেদিন।
বোর্ড চেয়ারম্যান : তিনি কবে ও কোথায় জন্মগ্রহণ করেন?
প্রার্থী : তিনি ১৯১৪ সালে কিশোরগঞ্জ জেলার কেন্দুয়ায় জন্মগ্রহণ করেন।
বোর্ড চেয়ারম্যান : তিনি কোথায় লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা করেন?
প্রার্থী : তিনি বাংলার প্রাচীন রাজধানী সোনারগাঁওয়ে লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা করেন।
বোর্ড চেয়ারম্যান : আপনি কি কোনো দৈনিক পত্রিকা পড়েন?
প্রার্থী : জ্বি, স্যার আমি দৈনিক ইত্তেফাক পত্রিকা পড়ি।
বোর্ড চেয়ারম্যান : 'ইত্তেফাক' অর্থ কী?
প্রার্থী : ঐক্য, একতা, সম্প্রীতি ইত্যাদি।
বোর্ড চেয়ারম্যান : ECNEC-এর পূর্ণরূপ কী?
প্রার্থী : Executive Committee of the National Economic Council.
বোর্ড চেয়ারম্যান : 'একনেক'-এর প্রধান কে?
প্রার্থী : ECNEC-এর প্রধান বাংলাদেশের প্রধানমন্ত্রী।
পরীক্ষক-১ : আপনি কোথায় লেখাপড়া করেছেন?
প্রার্থী : আমি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে সমাজকল্যাণে এমএসএস ডিগ্রি অর্জন করেছি।
পরীক্ষক-১ : ইংরেজি করুন— আমি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে সমাজকল্যাণে মাস্টার্স ডিগ্রি অর্জন করেছি।
প্রার্থী : I have completed/acquired MSS degree in Social Welfare from the University of Rajshahi.
পরীক্ষক-১ : আপনার জেলা তো রংপুর। বলুন তো রংপুর জেলায় কয়টি উপজেলা?

Ziillur Sir

প্রার্থী : ৮টি।
পরীক্ষক-১ : উপজেলাগুলোর নাম বলুন।
প্রার্থী : রংপুর সদর, গংগাচড়া, কাউনিয়া, পীরগাছা, মিঠাপুকুর, বদরগঞ্জ, তারাগঞ্জ ও পীরগঞ্জ।
পরীক্ষক-২ : রংপুর বিভাগ প্রশাসনিক কার্যক্রম শুরু করে কবে?
প্রার্থী : ১৭ মে ২০১০।
পরীক্ষক-২ : জুলাই গণঅভ্যুত্থানে রংপুর বেশি আলোচিত ছিল কেন?
প্রার্থী : জুলাই গণঅভ্যুত্থানের প্রথম শহিদ আবু সাঈদের বাড়ি রংপুরে এবং তিনি রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন।
পরীক্ষক-২ : প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ কবে 'প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়'-এ উন্নীত হয়?
প্রার্থী : ২ জানুয়ারি ২০০৩।
পরীক্ষক-২ : প্রাক-প্রাথমিক শিক্ষার বয়সসীমা কত?
প্রার্থী : ৩-৫ বছর।
পরীক্ষক-২ : প্রাথমিক শিক্ষার বয়সসীমা কত?
প্রার্থী : ৬-১১ বছর।
পরীক্ষক-২ : সরকার কবে প্রাথমিক শিক্ষার জন্য 'শিক্ষা উপবৃত্তি' চালু করে?
প্রার্থী : ২৮ সেপ্টেম্বর ২০০২।
পরীক্ষক-২ : এ কর্মসূচির আওতায় একজন শিক্ষার্থী মাসে কত টাকা পায় এবং একই পরিবারের একাধিক শিক্ষার্থী বিদ্যালয়ে গেলে কত পায়?
প্রার্থী : একজন শিক্ষার্থী পায় ১০০ টাকা এবং একই পরিবারের একাধিক শিক্ষার্থী থাকলে ১২৫ টাকা পায়।
পরীক্ষক-২ : NAPE-এর পূর্ণরূপ কী?
প্রার্থী : National Academy for Primary Education.
বোর্ড চেয়ারম্যান : আপনাকে ধন্যবাদ, আপনি আসুন।
প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ। আসসালামু আলাইকুম।

## নমুনা ভাইভা-০৩

প্রার্থী : আসসালামু আলাইকুম। আসতে পারি, স্যার।
বোর্ড চেয়ারম্যান : ওয়া আলাইকুমুস সালাম। আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম বলুন।
প্রার্থী : সালমা খান।
বোর্ড চেয়ারম্যান : আপনার নামে একজন বিখ্যাত ব্যক্তি সম্পর্কে বলুন।
প্রার্থী : সালমা খান এশিয়ার প্রথম নারী যিনি ১৯৯৭ সালে জাতিসংঘের সিডও (CEDAW) কমিটির চেয়ারম্যান নির্বাচিত হন।
বোর্ড চেয়ারম্যান : সিডও (CEDAW) কী?
প্রার্থী : সিডও হচ্ছে জাতিসংঘ ঘোষিত নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ।
বোর্ড চেয়ারম্যান : বাংলাদেশ কখন সিডও (CEDAW) সনদ অনুমোদন করে?
প্রার্থী : ৬ নভেম্বর ১৯৮৪ সালে।
পরীক্ষক-১ : ড. মুহাম্মদ ইউনূস রচিত 'A World of Three Zeros' গ্রন্থে 'Three Zeros' কী?
প্রার্থী : The New Economics of Zero Poverty, Zero Unemployment and Zero Net Carbon Emissions.
পরীক্ষক-১ : পোপ ফ্রান্সিস ও ড. মুহাম্মদ ইউনূসের নামে Three Zero Club কোথায় চালু হবে?
প্রার্থী : ইতালির রোমে।
পরীক্ষক-১ : মুসলিম বিশ্বের প্রথম নারী প্রধানমন্ত্রী কে?
প্রার্থী : বেনজির ভুট্টো (পাকিস্তান)।
পরীক্ষক-১ : বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য কোন দুইজন মহিলাকে বীরপ্রতীক খেতাবে ভূষিত করা হয়েছে?

প্রার্থী : ক্যাপ্টেন সিতারা বেগম (সেনাবাহিনী) এবং তারামন বিবিকে (গণবাহিনী ১১ নং সেক্টর)।
পরীক্ষক-১ : বর্তমানে মহিলাদের প্রসূতিকালীন ছুটির মেয়াদ কত দিন?
প্রার্থী : ৬ মাস (৯ জানুয়ারি ২০১১ থেকে কার্যকর)।
পরীক্ষক-১ : ২০২২ সালের জনশুমারি অনুযায়ী বাংলাদেশের জনসংখ্যা কত?
প্রার্থী : প্রায় সতেরো কোটি।
পরীক্ষক-১ : ইলা মিত্র কোন আন্দোলনের সাথে সম্পৃক্ত ছিলেন?
প্রার্থী : তেভাগা আন্দোলন।
পরীক্ষক-২ : মুসলিম নারী জাগরণের অগ্রদূত কে?
প্রার্থী : বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন।
পরীক্ষক-২ : বেগম রোকেয়া কোথায় জন্মগ্রহণ করেন?
প্রার্থী : বেগম রোকেয়া ১৮৮০ সালে রংপুরের পায়রাবন্দ গ্রামে জন্মগ্রহণ করেন।
পরীক্ষক-২ : বেগম রোকেয়া স্মরণে রংপুরের পায়রাবন্দে নির্মিত স্থাপনার নাম কী?
প্রার্থী : বেগম রোকেয়া স্মৃতি কেন্দ্র।
পরীক্ষক -২ : বাংলাদেশের শ্রেষ্ঠ মহিলা কবির নাম বলুন।
প্রার্থী : বেগম সুফিয়া কামাল।
পরীক্ষক-২ : সুফিয়া কামালের বিখ্যাত কাব্যগ্রন্থের নাম কী?
প্রার্থী : সাঁঝের মায়া।
পরীক্ষক-২ : বাংলাদেশে মহিলাদের বিয়ের সর্বনিম্ন বয়স কত বছর?
প্রার্থী : ১৮ বছর।
পরীক্ষক-২ : 'Mob Justice'-এর বাংলা কী?
প্রার্থী : উত্তাল জনতা বা উচ্ছৃঙ্খল জনতার বিচার।
পরীক্ষক-৩ : শ্রীলংকার প্রেসিডেন্টের নাম বলুন।
প্রার্থী : শ্রীলংকার বর্তমান প্রেসিডেন্ট অনুঢ়া কুমার দিশানায়েকে।
পরীক্ষক-৩ : সংবিধান অনুযায়ী জাতীয় সংসদের ইংরেজি নাম বলুন।
প্রার্থী : The House of the Nation.
পরীক্ষক-৩ : 'Graffiti' শব্দের অর্থ বলুন তো?
প্রার্থী : খচিত।
পরীক্ষক-৩ : ২০২২ সালের ষষ্ঠ জনশুমারি অনুযায়ী দেশে সাক্ষরতার হার কত?
প্রার্থী : ৭৪.৮০%।

Ziillur Sir

পরীক্ষক-৩ : কালো টাকা কী?
প্রার্থী : বৈধ বা অবৈধ আয়ের যে অংশ নগদ টাকায় ধরে রাখা হয়, আয়কর বিবরণীতে যে অর্থ প্রদর্শন করা হয় না তাকেই কালো টাকা বলে।
পরীক্ষক-৩ : স্মাগলিং কী?
প্রার্থী : দেশে বলবৎ বিধি-নিষেধ ভঙ্গ করে বা শুল্ক ও কর ফাঁকি দিয়ে কোনো কিছু দেশের অভ্যন্তরে আনা বা বাইরে নেওয়াকে Smuggling বা চোরাচালান বলে।
বোর্ড চেয়ারম্যান : আপনাকে ধন্যবাদ।
প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## নমুনা ভাইভা-০৪

প্রার্থী : আসসালামু আলাইকুম। আসতে পারি, স্যার।
সভাপতি : ওয়া আলাইকুমুস সালাম। আসুন।
প্রার্থী : ধন্যবাদ।
সভাপতি : আপনার নাম কী?
প্রার্থী : তানভীর কবীর।
সভাপতি : এ নামের একজন বিখ্যাত ব্যক্তির নাম বলুন।
প্রার্থী : তানভীর কবীর। তিনি মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি।
পরীক্ষক-১ : DIT-এর পূর্ণরূপ কী?
প্রার্থী : Sorry sir. (DIT-এর পূর্ণরূপ Dhaka Improvement Trust)।
পরীক্ষক-১ : ঢাকায় থাকেন অথচ এটা জানেন না। এখন বলুন তো 'সিসিলি' ও 'সিচেলিস' কী?
প্রার্থী : সিসিলি হচ্ছে ভূ-মধ্যসাগরে অবস্থিত ইতালির সৌধাটি। পক্ষান্তরে, সিচেলিস হচ্ছে আফ্রিকার একটি ছোট্ট দ্বীপ রাষ্ট্র। এটি আফ্রিকার সবচেয়ে মনোরম রাষ্ট্র। প্রায় ১৫৫টি দ্বীপ নিয়ে ভারত মহাসাগরে এ রাষ্ট্রটি অবস্থিত।
পরীক্ষক-১ : ডাকাতিয়া নদী ও ডাকাতিয়া বিল কোথায় অবস্থিত?
প্রার্থী : ডাকাতিয়া নদী চাঁদপুরে অবস্থিত। এটি মেঘনা নদীর শাখানদী। অন্যদিকে ডাকাতিয়া বিল অবস্থিত খুলনায়।
পরীক্ষক-১ : মানুষের ষড়রিপু কয়টি ও কী কী?
প্রার্থী : ছয়টি। যথা: কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য।
পরীক্ষক-২ : বর্তমান বিশ্বের কতটি দেশ জাতিসংঘের সদস্য?
প্রার্থী : ১৯৩টি।
পরীক্ষক-২ : মাছ চাষ করার জন্য কোন মাসকে বছরের প্রথম ধরা হয়?
প্রার্থী : ফাল্গুন মাসকে।
পরীক্ষক-২ : White Gold কী?
প্রার্থী : বাংলাদেশের চিংড়িকে White Gold বলা হয়।
পরীক্ষক-২ : জাটকা কী এবং এর দৈর্ঘ্য কত?
প্রার্থী : ইলিশ মাছের পোনা; এর দৈর্ঘ্য ২৩ সেমি বা ৯ ইঞ্চির নিচে।
পরীক্ষক-২ : কোন দেশকে ধীবর বা মৎস্যজীবীদের দেশ বলা হয়?
প্রার্থী : নরওয়েকে।
পরীক্ষক-৩ : দেশের একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন ক্ষেত্র কোথায়?
প্রার্থী : চট্টগ্রামের হালদা নদীতে।
পরীক্ষক-৩ : জুলাই শহিদ দিবস কত তারিখে পালিত হয়?
প্রার্থী : ১৬ জুলাই।
পরীক্ষক-৩ : জুলাইয়ের প্রথম শহিদ আবু সাঈদ কোন বিভাগের শিক্ষার্থী ছিলেন?
প্রার্থী : বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের।
পরীক্ষক-৩ : ECNEC-এর পূর্ণরূপ কী?
প্রার্থী : Executive Committee of National Economic Council.
পরীক্ষক-৩ : 'একনেক'-এর প্রধান কে?
প্রার্থী : ECNEC-এর প্রধান বাংলাদেশের প্রধানমন্ত্রী।
সভাপতি : ধন্যবাদ। আপনি আসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামু আলাইকুম।

## নমুনা ভাইভা-০৫

প্রার্থী : আসসালামু আলাইকুম, আসতে পারি স্যার?
সভাপতি : ওয়া আলাইকুমুস সালাম। আসুন, বসুন, আপনার নাম কী?
প্রার্থী : তহুরা আখতার জাহান।
সভাপতি : আপনার বাড়ি কোন জেলায়?
প্রার্থী : কিশোরগঞ্জ।
সভাপতি : আপনার জেলার কয়েকজন বিখ্যাত ব্যক্তির নাম বলুন।
প্রার্থী : শিল্পাচার্য জয়নুল আবেদিন, জহুরুল ইসলাম, নীরদ সি চৌধুরী, সত্যজিৎ রায়, জিল্লুর রহমান।
পরীক্ষক-১ : আইনের আওতায় কবে বাংলাদেশে প্রথম বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়?
প্রার্থী : ১৯৯২ সালের ১ জানুয়ারি।
পরীক্ষক-১ : বাংলাদেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে বাধ্যতামূলক শিক্ষা চালু হয় কবে?
প্রার্থী : ১৯৯৩ সালের ১ জানুয়ারি।
পরীক্ষক-১ : বাংলাদেশের প্রথম নিরক্ষরতামুক্ত গ্রাম কোনটি?
প্রার্থী : কচুবাড়ী কৃষ্টপুর (ঠাকুরগাঁও জেলার সালান্দ ইউনিয়নের একটি গ্রাম)।
পরীক্ষক-১ : FSSAP-এর পূর্ণ অভিব্যক্তি কী?
প্রার্থী : Female Secondary School Assistance Project.
পরীক্ষক-২ : শিক্ষার প্রথম সোপান কী?
প্রার্থী : প্রাথমিক শিক্ষা।
পরীক্ষক-২ : সরকার কোন শিক্ষাকে অগ্রাধিকার প্রদান করেছে?
প্রার্থী : প্রাথমিক ও গণশিক্ষাকে।
পরীক্ষক-২ : কোন শ্রেণি পর্যন্ত ছেলেদের অবৈতনিক শিক্ষাব্যবস্থা চালু আছে?
প্রার্থী : ৫ম শ্রেণি।
পরীক্ষক-২ : প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প চালু করা হয় কবে?
প্রার্থী : ২৮ সেপ্টেম্বর ২০০২।
পরীক্ষক-২ : UCEP-এর পুরো নাম কী?
প্রার্থী : Underprivileged Children's Educational Programme.
পরীক্ষক-২ : কত সালে এবং কোথায় UCEP পাইলট প্রকল্পের মাধ্যমে কাজ শুরু করে?
প্রার্থী : ১৯৭২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা প্রতিষ্ঠানে।
পরীক্ষক-২ : UCEP-এর প্রতিষ্ঠাতা কে?

Ziillur Sir

প্রার্থী : এলএ চেয়ানি (L A Cheyenne)।
পরীক্ষক-২ : বর্তমানে শিক্ষার কয়টি ধারা প্রচলিত আছে?
প্রার্থী : তিনটি। যথা : আনুষ্ঠানিক, উপানুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক।
পরীক্ষক-২ : বাংলাদেশে বর্তমানে শিক্ষার স্তর কয়টি ও কী কী?
প্রার্থী : ৪টি। যথা :
প্রাথমিক স্তর : প্রথম–পঞ্চম শ্রেণি।
মাধ্যমিক স্তর : ষষ্ঠ–দশম শ্রেণি।
উচ্চ মাধ্যমিক স্তর : একাদশ ও দ্বাদশ শ্রেণি।
উচ্চতর স্তর : স্নাতক (পাস ও সম্মান)/স্নাতকোত্তর/ এমএস/এমফিল/পিএইচ-ডি।
পরীক্ষক-২ : সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞানের মূল আলোচ্য বিষয় কী?
প্রার্থী : সমাজবিজ্ঞানের মূল আলোচ্য বিষয় হচ্ছে সমাজ এবং রাষ্ট্রবিজ্ঞানের মূল আলোচ্য বিষয় হচ্ছে রাষ্ট্র।
পরীক্ষক-২ : বাংলাদেশে এক নম্বর সমস্যা কী?
প্রার্থী : জনসংখ্যা সমস্যা।
পরীক্ষক-২ : বাংলাদেশে বাল্যবিবাহের প্রচলন কোথায় বেশি?
প্রার্থী : গ্রামাঞ্চলে।
পরীক্ষক-৩ : বলুন তো 'অন্তর্বর্তীকালীন সরকার'-এর ইংরেজি কী?
প্রার্থী : Interim government.
পরীক্ষক-৩ : বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারে নারী উপদেষ্টা কতজন?
প্রার্থী : ৪ জন।
পরীক্ষক-৩ : 'Politics' নামের বিখ্যাত গ্রন্থটি কার লেখা?
প্রার্থী : 'Politics' নামের বিখ্যাত গ্রন্থটি লিখেছেন রাষ্ট্রবিজ্ঞানের জনক, গ্রিক দার্শনিক এরিস্টটল।
পরীক্ষক-৩ : মার্কিন যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্টের নাম কী?
প্রার্থী : ডোনাল্ড ট্রাম্প।
পরীক্ষক-৩ : যুক্তরাষ্ট্রের বর্তমান পররাষ্ট্রমন্ত্রীর নাম কী?
প্রার্থী : যুক্তরাষ্ট্রের বর্তমান পররাষ্ট্রমন্ত্রীর নাম মার্কো রুবিও।
পরীক্ষক-৩ : বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলমন্ত্র কী?
প্রার্থী : সকলের সঙ্গে বন্ধুত্ব, কারো সঙ্গে শত্রুতা নয়।
পরীক্ষক-৩ : বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?
প্রার্থী : বাংলাদেশ ব্যাংক।
পরীক্ষক-৩ : বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নরের নাম বলুন।
প্রার্থী : বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নরের নাম ড. আহসান এইচ মনসুর।
সভাপতি : ধন্যবাদ, তহুরা আখতার। আপনি এখন আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ। আসসালামু আলাইকুম।

## নমুনা ভাইভা-০৬

প্রার্থী : আসসালামু আলাইকুম, আসতে পারি স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়া আলাইকুমুস সালাম। আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম কী?
প্রার্থী : আসলাম তালুকদার।
পরীক্ষক-১ : আপনি কোথায় লেখাপড়া করেছেন?
প্রার্থী : আমি কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ থেকে বাংলায় মাস্টার্স করেছি।
পরীক্ষক-১ : বাংলা সাহিত্যের সূচনাকাল কত?
প্রার্থী : ৬৫০ খ্রিষ্টাব্দ। মতান্তরে ৯৫০ খ্রিষ্টাব্দ।
পরীক্ষক-১ : আচ্ছা, বলুন তো, বাংলা সাহিত্যের আদি নিদর্শনের নাম কী?
প্রার্থী : চর্যাপদ।
পরীক্ষক-১ : চর্যাপদ কে আবিষ্কার করেন?
প্রার্থী : মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী।
পরীক্ষক-১ : 'ভানুসিংহ' কার ছদ্মনাম?
প্রার্থী : রবীন্দ্রনাথ ঠাকুরের।

পরীক্ষক-১ : রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থ কোনটি এবং এটি কত সালে, কোন পত্রিকায় প্রকাশিত হয়?
প্রার্থী : রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থের নাম 'বনফুল'। এটি ১২৮২ বঙ্গাব্দে 'জ্ঞানাঙ্কুর' পত্রিকায় প্রকাশিত হয়।
পরীক্ষক-১ : ব্রজবুলি ভাষায় রবীন্দ্রনাথ ঠাকুর কোন কাব্য রচনা করেন?
প্রার্থী : ভানুসিংহের পদাবলী।
পরীক্ষক-১ : বাংলাভাষায় অর্ধমাত্রার বর্ণ কয়টি ও কী কী?
প্রার্থী : ৮টি। যথা : ঋ, খ, গ, ণ, ধ, প, শ, থ।
পরীক্ষক-১ : মাত্রা কাকে বলে?
প্রার্থী : বাংলা বর্ণমালায় কোনো কোনো বর্ণের ওপরে যে রেখা দেওয়া হয় তাকে মাত্রা বলে।
পরীক্ষক-২ : উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রী উপবৃত্তি প্রকল্প কবে চালু হয়?
প্রার্থী : ১ আগস্ট ২০০২।
পরীক্ষক-২ : আচ্ছা বলুন তো, বর্তমান বিশ্বের স্বাধীন রাষ্ট্র কতটি?
প্রার্থী : ১৯৫টি।
পরীক্ষক-২ : জাতিসংঘের সদস্যভুক্ত দেশ কতটি?
প্রার্থী : ১৯৩টি।
পরীক্ষক-২ : ইউক্রেনের রাজধানীর নাম কী?
প্রার্থী : কিয়েভ।

Ziillur Sir

পরীক্ষক-২ : মুদ্রাস্ফীতি কাকে বলে?
প্রার্থী : যখন অর্থের মূল্য ক্রমাগত কমে আসে এবং দ্রব্যমূল্য ক্রমাগত বেড়ে যায় এরূপ একটি অবস্থাকে মুদ্রাস্ফীতি বলা হয়।
পরীক্ষক-২ : বাংলাদেশের মুদ্রাস্ফীতি নির্ণয়ে অর্থনৈতিক উপাত্ত হিসেবে কী কী ধরা হয়?
প্রার্থী : খাদ্য, জ্বালানি, বাসস্থান, বস্ত্র ও বিবিধ-এ পাঁচটিকে উপাত্ত হিসেবে ধরা হয়।
পরীক্ষক-২ : মন্ত্রণালয় ও সচিবালয়ের মধ্যে পার্থক্য কী?
প্রার্থী : মন্ত্রণালয় হলো এক বা একাধিক বিভাগের সমন্বয়ে গঠিত সরকারের একটি প্রশাসনিক ইউনিট। পক্ষান্তরে, সচিবালয় হচ্ছে দেশের সকল প্রশাসনিক ব্যবস্থার কেন্দ্রবিন্দু।
পরীক্ষক-৩ : বাংলার প্রথম মুসলিম বিজেতা কে ছিলেন? তিনি কোন পথে বাংলায় আসেন?
প্রার্থী : ইখতিয়ার উদ্দীন মুহাম্মদ বিন বখতিয়ার খলজী। তিনি নদীয়া বা নবদ্বীপের পশ্চিমে ঝাড়খণ্ডের পাহাড়ি অঞ্চল অতিক্রম করে বাংলায় আসেন।
পরীক্ষক-৩ : নদীয়া বিজয়ের পর বখতিয়ার খলজী কোথায় রাজধানী স্থাপন করেন?
প্রার্থী : দেবকোটে (বর্তমান দিনাজপুর জেলায়)।
পরীক্ষক-৩ : সুন্দরবনের কয়েকটি উল্লেখযোগ্য প্রাণীর নাম বলুন।
প্রার্থী : রয়েল বেঙ্গল টাইগার, হরিণ, বানর, কুমির ইত্যাদি।
পরীক্ষক-৩ : দেশে ব্যবহৃত কাঠের কত ভাগ সুন্দরবন থেকে আসে?
প্রার্থী : ৬০ ভাগ।
পরীক্ষক-৩ : চট্টগ্রাম, রাঙ্গামাটি বনাঞ্চলে কী কী বৃক্ষ জন্মে?
প্রার্থী : গর্জন, জারুল, সেগুন, চাপালিশ, গামারি প্রভৃতি বৃক্ষ এবং বাঁশ ও রাবার।
পরীক্ষক-৩ : কোনো দেশের পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য কত শতাংশ বনাঞ্চল প্রয়োজন?
প্রার্থী : ২৫ শতাংশ।
পরীক্ষক-৩ : বাংলাদেশের কোথায় কোথায় টাইডাল বন অবস্থিত?
প্রার্থী : খুলনা ও পটুয়াখালী জেলার দক্ষিণাংশে উপকূলীয় বনভূমি ও সুন্দরবন এ শ্রেণির বৃহত্তম বনভূমি। এছাড়া চট্টগ্রামের মাতামুহুরি নদীর ব-দ্বীপে সংরক্ষিত চকোরিয়াও এ শ্রেণির বন।
পরীক্ষক-৩ : সুন্দরবনের প্রধান বনজ সম্পদ কী?
প্রার্থী : সুন্দরী, গেওয়া, কেওড়া, গরান, ধুন্দল প্রভৃতি কাঠ, গোলপাতা ও মধু।
পরীক্ষক-৪ : 'উপকূলীয় সবুজ বেষ্টনী' বনাঞ্চল সৃজন করা হয়েছে কতটি জেলায়?
প্রার্থী : ১০টি জেলায়।
পরীক্ষক-৪ : পরিবেশ রক্ষার ক্ষেত্রে কোন গাছটি ক্ষতিকারক?
প্রার্থী : ইউক্যালিপটাস।
পরীক্ষক-৪ : চব্বিশের গণঅভ্যুত্থানের পর বাংলাদেশের জাতীয় সংসদের সংস্কার বিষয়ে ঐক্যমত্যের অন্যতম প্রস্তাবটি কী?
প্রার্থী : দ্বিস্তর বিশিষ্ট সংসদ।
পরীক্ষক-৪ : বাংলাদেশের ওয়ারেন্ট অফ প্রেসিডেন্ট অনুযায়ী সর্বপ্রথম কে অবস্থান করেন?
প্রার্থী : রাষ্ট্রপতি।
পরীক্ষক-৪ : বাংলাদেশের জুলাই বিপ্লবের শহিদ আবু সাঈদ কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন?
প্রার্থী : বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
পরীক্ষক-৪ : 'আয়নাঘর' কী?
প্রার্থী : গোপন কারাগার।
বোর্ড চেয়ারম্যান : আপনাকে ধন্যবাদ। আপনি আসুন।
প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## নমুনা ভাইভা-০৭

প্রার্থী : আসসালামু আলাইকুম।
চেয়ারম্যান : ওয়া আলাইকুমুস সালাম।
প্রার্থী : আসতে পারি, স্যার।
চেয়ারম্যান : আসুন। বসুন। আপনার নাম কী?
প্রার্থী : আমার নাম ওয়াহিদুর রহমান।
চেয়ারম্যান : আপনার বাড়ি কোন জেলায়?
প্রার্থী : ফেনী জেলায়।
পরীক্ষক-১ : 'হিজবুল্লাহ' কোন দেশভিত্তিক গেরিলা সংগঠন?
প্রার্থী : লেবানন।
পরীক্ষক-১ : 'Note of Dissent' বলতে কী বোঝানো হয়?
প্রার্থী : ভিন্নমত।
পরীক্ষক-১ : কবে থেকে দেশের সকল সুপারশপে পলিথিন ব্যাগ নিষিদ্ধ করা হয়?
প্রার্থী : ১ অক্টোবর ২০২৪।

পরীক্ষক-১ : বাংলাদেশের ৬০তম ভৌগোলিক নির্দেশক পণ্য কোনটি?
প্রার্থী : ফরিদপুরের পাট।
পরীক্ষক-১ : ইরানের প্রেসিডেন্টের নাম বলুন।
প্রার্থী : মাসুদ পেজেশকিয়ান।
পরীক্ষক-১ : জনশুমারি পরিচালনাকারী সংস্থার নাম বলুন।
প্রার্থী : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)।
পরীক্ষক-২ : ক্ষুদ্রঋণের প্রবর্তক/গরিবের ব্যাংকার/সামাজিক ব্যবসার অগ্রদূত কাকে বলা হয়?
প্রার্থী : ড. মুহাম্মদ ইউনূসকে।
পরীক্ষক-২ : আফগানিস্তানের একটি সমুদ্র বন্দরের নাম বলুন।
প্রার্থী : আফগানিস্তান স্থল সীমানাবেষ্টিত দেশ হওয়ায় এদেশের কোনো সমুদ্র বন্দর নেই।
পরীক্ষক-২ : 'The king can do no wrong'. ইউরোপের কোন দেশের সংবিধানে রয়েছে?
প্রার্থী : ব্রিটেন।
পরীক্ষক-২ : স্ফিংক্স কী?
প্রার্থী : স্ফিংক্স হচ্ছে প্রাচীন মিসরীয়দের তৈরি পৌরাণিক আবক্ষ মূর্তি, যার মাথার অংশ সিংহের এবং বাকি অংশ মানব আকৃতির।
পরীক্ষক-২ : কার্ল মার্কস আসলে কোথাকার লোক?
প্রার্থী : কার্ল মার্কস ধর্মে ইহুদি; জাতিতে জার্মান।
পরীক্ষক-৩ : 'Classical music'-এর মাতৃভূমি বলা হয় কাকে?
প্রার্থী : Sorry sir (অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনাকে)।
পরীক্ষক-৩ : বাংলাদেশ ইন্টারপোলের সদস্য হয় কোন সালে?
প্রার্থী : ১৯৭৬ সালে।
পরীক্ষক-৩ : সপ্তম বাংলাদেশি হিসেবে এভারেস্টের চূড়ায় আরোহণকারীর নাম বলুন।
প্রার্থী : ইকরামুল হাসান শাকিল।

Ziillur Sir

পরীক্ষক-৩ : BEPZ কী?
প্রার্থী : BEPZ হলো Bangladesh Export Processing Zone.
পরীক্ষক-৩ : D-8-এর সদরদপ্তর কোথায় অবস্থিত?
প্রার্থী : তুরস্কের ইস্তানবুল।
সভাপতি : ধন্যবাদ, আপনি এখন আসুন।
প্রার্থী : সবাইকে ধন্যবাদ স্যার। আসসালামু আলাইকুম।

## নমুনা ভাইভা-০৮

প্রার্থী : আসসালামু আলাইকুম।
বোর্ড চেয়ারম্যান : ওয়া আলাইকুমুস সালাম। বসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম কী?
প্রার্থী : সানজিদা ইসলাম।
বোর্ড চেয়ারম্যান : আপনি কোথায় লেখাপড়া করেছেন?
প্রার্থী : আমি ইডেন কলেজ থেকে খাদ্য ও পুষ্টিতে মাস্টার্স ডিগ্রি অর্জন করেছি।
বোর্ড চেয়ারম্যান : আচ্ছা, বলুন তো খাদ্য কী?
প্রার্থী : খাদ্য হলো এক ধরনের জৈব বস্তু যা দেহ গঠন, ক্ষয়পূরণ ও শক্তি উৎপাদনে ব্যবহৃত হয়।
বোর্ড চেয়ারম্যান : খাদ্যের প্রধান কাজ কী কী?
প্রার্থী : খাদ্যের প্রধান কাজগুলো হলো–
ক. দেহের ক্ষয়পূরণ ও বৃদ্ধিসাধন,
খ. তাপ ও শক্তি উৎপাদন,
গ. দেহের অভ্যন্তরীণ ক্রিয়াকলাপ নিয়ন্ত্রণ, শরীর সুস্থ, সবল ও কর্মক্ষম রাখা।
পরীক্ষক-১ : পুষ্টি কী?
প্রার্থী : পুষ্টি হলো জীবের একটি শারীরবৃত্তীয় প্রক্রিয়া। এ প্রক্রিয়ায় জীব খাদ্যবস্তু গ্রহণ করে, পরিপাক, খাদ্যসার পরিশোষণ, কোষে আত্তীকরণ, দেহের ক্ষয়পূরণ, বৃদ্ধিসাধন ও শক্তি উৎপাদন হয় এবং অপাচ্য অংশ নিষ্কাশিত হয়।
পরীক্ষক-১ : কোলেস্টেরল নেই এমন কয়েকটি খাদ্যের নাম লিখুন।
প্রার্থী : চা, কফি, ফল, শাক-সবজি, উদ্ভিজ্জ তেল, ডিমের সাদা অংশ ইত্যাদি।
পরীক্ষক-১ : ভিটামিন কী? পানিতে ও চর্বিতে দ্রবণীয় ভিটামিনের নাম বলুন।
প্রার্থী : ভিটামিন এক প্রকার খাদ্য উপাদান। যা জীবদেহের জন্য অপরিহার্য। ভিটামিন B ও C পানিতে দ্রবণীয় এবং ভিটামিন A, D, E ও K চর্বিতে দ্রবণীয়।
পরীক্ষক-১ : একজন মানুষের জন্য দৈনিক কী পরিমাণ আমিষ প্রয়োজন হয়?
প্রার্থী : পূর্ণবয়স্ক মানুষের জন্য দৈনিক ৬৫ গ্রাম এবং শিশুদের (৫-৯ বছর) জন্য ৪০-৫০ গ্রাম এবং পূর্ণবয়স্ক নারীদের জন্য ৫৫ গ্রাম আমিষের প্রয়োজন।
পরীক্ষক-২ : খাদ্য নিরাপত্তা বলতে কী বোঝেন?
প্রার্থী : অবাধ খাদ্য সরবরাহ এবং সারাবছর খাদ্যের পর্যাপ্ত প্রাপ্যতাই খাদ্য নিরাপত্তা।
পরীক্ষক-২ : খাদ্য নিরাপত্তা কয় ধরনের এবং কী কী?
প্রার্থী : খাদ্য নিরাপত্তা দু ধরনের। যথা– (ক) পারিবারিক খাদ্য নিরাপত্তা; (খ) জাতীয় খাদ্য নিরাপত্তা।
পরীক্ষক-২ : পারিবারিক খাদ্য নিরাপত্তা বলতে কী বোঝেন?
প্রার্থী : পারিবারিক খাদ্য নিরাপত্তা হলো প্রতিটি পরিবারের পর্যাপ্ত খাদ্য সংগ্রহের সক্ষমতা, যাতে পরিবারের প্রতিটি লোক সর্বদা স্বাস্থ্যবান ও কর্মক্ষম থাকার জন্য প্রয়োজনীয় খাদ্য খেতে পারে।
পরীক্ষক-৩ : জাতীয় খাদ্য নিরাপত্তা বলতে কী বোঝেন?
প্রার্থী : জাতীয় খাদ্য নিরাপত্তা অনেকাংশেই সারা দেশের জনগণের জন্য যথেষ্ট খাদ্য সংগ্রহের সামর্থ্যের ওপর নির্ভরশীল।
পরীক্ষক-৩ : আচ্ছা বলুন তো, 'গরিবের ব্যাংক' নামে পরিচিত কোন ব্যাংকটি?
প্রার্থী : গ্রামীণ ব্যাংক।
পরীক্ষক-৩ : বিশ্বে আধুনিক ক্ষুদ্রঋণের জনক বলা হয় কাকে?
প্রার্থী : ড. মুহম্মদ ইউনূসকে।
পরীক্ষক-৩ : বলুন তো, কী কারণে পৃথিবী বৈশ্বিক গ্রামে পরিণত হয়েছে?
প্রার্থী : ইন্টারনেটের কারণে।

পরীক্ষক-৩ : যুক্তরাজ্যের বর্তমান প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার-এর রাজনৈতিক দলের নাম কী?
প্রার্থী : লেবার পার্টি।
পরীক্ষক-৪ : ২০২৫ সালে শান্তিতে নোবেল পুরস্কার কে পেয়েছেন?
প্রার্থী : মারিয়া কোরিনা মাচাদো (ভেনিজুয়েলা)।
পরীক্ষক-৪ : ২০২৫ সালে সাহিত্যে নোবেলজয়ী সাহিত্যিকের একটি গ্রন্থের নাম বলুন।
প্রার্থী : স্যাটানট্যাঙ্গো।
পরীক্ষক-৪ : SDG-এর পূর্ণরূপ বলুন।
প্রার্থী : Sustainable Development Goals.
পরীক্ষক-৪ : SDG-এর অভীষ্ট ও সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা কয়টি?
প্রার্থী : ১৭টি ও ১৬৯টি।
বোর্ড চেয়ারম্যান : আপনি আসুন। আপনাকে ধন্যবাদ।
প্রার্থী : আপনাদের সবাইকে ধন্যবাদ।

## নমুনা ভাইভা-০৯

প্রার্থী : আসসালামু আলাইকুম, আসতে পারি স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়া আলাইকুমুস সালাম, আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম?
প্রার্থী : আশরাফ আলী।

Ziillur Sir

বোর্ড চেয়ারম্যান : আচ্ছা বলুন, বাকশালব্যবস্থায় আমাদের দেশে যে শুধু চারটি পত্রিকার ডিক্লারেশন ছিল ঐ চারটি পত্রিকার নাম কী কী?
প্রার্থী : ইত্তেফাক, বাংলাদেশ টাইমস ও দৈনিক বাংলা- এ তিনটির নাম জানি, স্যার। *[অন্য পত্রিকাটি- বাংলাদেশ অবজারভার]*
বোর্ড চেয়ারম্যান : আপনি কি কোনো দৈনিক পত্রিকা পড়েন?
প্রার্থী : 'জী' স্যার, আমি দৈনিক ইত্তেফাক পত্রিকা পড়ি।
বোর্ড চেয়ারম্যান : 'ইত্তেফাক' অর্থ কী?
প্রার্থী : ঐক্য, একতা, সম্প্রীতি ইত্যাদি।
বোর্ড চেয়ারম্যান : ECNEC-এর পূর্ণরূপ কী?
প্রার্থী : Executive Committee of the National Economic Council.
বোর্ড চেয়ারম্যান : এর প্রধান কে?
প্রার্থী : ECNEC-এর প্রধান বাংলাদেশের প্রধানমন্ত্রী।
পরীক্ষক-১ : কয়েকটি আন্তর্জাতিক সংস্থার নাম বলুন।
প্রার্থী : জাতিসংঘ, সার্ক, আসিয়ান, ন্যাটো, ইইউ।
পরীক্ষক-১ : 'ন্যাটো' কোন ধরনের সংগঠন?
প্রার্থী : সামরিক।
পরীক্ষক-১ : ন্যাটোর সর্বশেষ সদস্য রাষ্ট্র কোনটি?
প্রার্থী : সুইডেন (৩২তম)।
পরীক্ষক-১ : আচ্ছা ইংরেজি করুন, 'এটা করা উচিত ছিল'।
প্রার্থী : It should have been done.
পরীক্ষক-১ : USSR-এর পূর্ণরূপ কী?
প্রার্থী : United Socialist Soviet Russia. *[সঠিক Union of Soviet Socialist Republics]*
পরীক্ষক-১ : CTBT এবং NPT-এর পূর্ণরূপ কী?
প্রার্থী : Comprehensive Nuclear Test Ban Treaty এবং Nuclear non-Proliferation Treaty।
পরীক্ষক-২ : 'ম্যাকমোহন লাইন' কোন দুই দেশের মধ্যে অবস্থিত?
প্রার্থী : ভারত-চীন।
পরীক্ষক-২ : NTRCA-এর পূর্ণরূপ কী?
প্রার্থী : Non-Government Teachers Registration and Certification Authority.
পরীক্ষক-২ : বর্তমানে দেশে সাক্ষরতার হার কত?
প্রার্থী : ৭৭.৯%। *[অর্থনৈতিক সমীক্ষা ২০২৫]*
পরীক্ষক-২ : বর্তমান শিক্ষা উপদেষ্টার নাম কী?
প্রার্থী : ড. চৌধুরী রফিকুল আবরার।
পরীক্ষক-২ : বর্তমানে বাংলাদেশে চালুকৃত বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কতটি?
প্রার্থী : ১৭২টি। তন্মধ্যে সরকারি ৫৬টি এবং বেসরকারি ১১৬টি।
পরীক্ষক-২ : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার কথা উল্লেখ রয়েছে?
প্রার্থী : ১৭নং অনুচ্ছেদে।
পরীক্ষক-৩ : লাহোর প্রস্তাব কে, কোথায় উত্থাপন করেন?
প্রার্থী : মুসলিম লীগের লাহোর অধিবেশনে শেরে বাংলা এ. কে. ফজলুল হক এ প্রস্তাব উত্থাপন করেন।
পরীক্ষক-৩ : এ প্রস্তাবটি কবে উত্থাপিত হয়?
প্রার্থী : ১৯৪০ সালের ২৩ মার্চ।
পরীক্ষক-৩ : ঐতিহাসিক আগরতলা মামলা দায়ের করা হয় কত সালে?
প্রার্থী : ১৯৬৮ সালে।
পরীক্ষক-৩ : আপনি কি প্রাচীন বাংলার জনপদগুলোর নাম বলতে পারবেন?
প্রার্থী : জী স্যার। প্রাচীন বাংলার জনপদগুলো হলো- বঙ্গ, সমতট, পুণ্ড্র, রাঢ়, গৌড় এবং হরিকেল।
পরীক্ষক-৩ : শালবন বিহার কোথায় ও এর নির্মাতা কে?
প্রার্থী : শালবন বিহার কুমিল্লার ময়নামতিতে অবস্থিত। এর নির্মাতা চতুর্থ রাজা ভবদেব।
পরীক্ষক-৪ : বাংলাদেশের প্রাচীনতম নগরের নাম কী এবং বর্তমানে তা কোথায়?
প্রার্থী : পুণ্ড্রনগর (বর্তমানে মহাস্থানগড় নামে পরিচিত)। এটি বগুড়া জেলায় অবস্থিত।
পরীক্ষক-৪ : সোমপুর বিহার কী?
প্রার্থী : নওগাঁ জেলার পাহাড়পুরে যে বৌদ্ধবিহারটি আবিষ্কৃত হয়েছে তা-ই সোমপুর বিহার। এটি পৃথিবীর সবচেয়ে বড় বিহারগুলোর মধ্যে একটি এবং একক বিহার হিসেবে এটিকে পৃথিবীর বড় বৌদ্ধবিহারও বলা যায়।
পরীক্ষক-৪ : আচ্ছা মি. তাজুল বলুনতো, ছিটমহল কী?
প্রার্থী : কোনো রাষ্ট্রের মধ্যে অবস্থিত ক্ষুদ্র ভূখণ্ড, যা সে দেশের শাসনাধীন নয়, সে ভূখণ্ডকে বলে ছিটমহল। যেমন-ভারতের মধ্যে অবস্থিত বাংলাদেশের ভূখণ্ড দহগ্রাম-আঙ্গরপোতা।
পরীক্ষক-৪ : দহগ্রাম-আঙ্গরপোতা কোন জেলার অন্তর্ভুক্ত?
প্রার্থী : এটি লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার অন্তর্ভুক্ত।
সভাপতি : আপনাকে ধন্যবাদ, আপনি আসুন।
প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## নমুনা ভাইভা-১০

প্রার্থী : আসসালামু আলাইকুম। আসতে পারি স্যার?

বোর্ড চেয়ারম্যান : ওয়া আলাইকুমুস সালাম। আসুন।

প্রার্থী : ধন্যবাদ, স্যার।

বোর্ড চেয়ারম্যান : বসুন, আপনার নাম কী?

প্রার্থী : ধন্যবাদ, মাহবুব হোসেন।

পরীক্ষক-১ : আপনি কোন বিষয় নিয়ে পড়ালেখা করেছেন?

প্রার্থী : আমি রাষ্ট্রবিজ্ঞানে এমএসএস ডিগ্রি অর্জন করেছি।

পরীক্ষক-১ : বলুন তো, সিন্ধু সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?

প্রার্থী : সিন্ধু সভ্যতা গড়ে উঠেছিল সিন্ধু নদের তীরে অবস্থিত হরপ্পা ও মহেঞ্জোদারো নগরীকে কেন্দ্র করে। এটি বর্তমান পাকিস্তানের পাঞ্জাব প্রদেশে অবস্থিত।

পরীক্ষক-১ : লং মার্চ টু ঢাকা কর্মসূচি কবে অনুষ্ঠিত হয়?

প্রার্থী : ৫ আগস্ট ২০২৪।

পরীক্ষক-১ : ছাত্র-জনতার অভ্যুত্থানে নিহত প্রথম শহিদ আবু সাঈদ কোন বিশ্ববিদ্যালয়ের, কোন বিভাগের ছাত্র ছিলেন?

প্রার্থী : বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ছাত্র ছিলেন।

পরীক্ষক-১ : ড. মুহাম্মদ ইউনূস অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে নিয়োগ পান কবে?

প্রার্থী : ৭ আগস্ট ২০২৪।

Ziillur Sir

পরীক্ষক-১ : তার জন্মস্থান কোথায়?

প্রার্থী : চট্টগ্রামের হাটহাজারীর বাথুয়া গ্রামে।

পরীক্ষক-১ : অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী কে ছিলেন?

প্রার্থী : অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

পরীক্ষক-১ : ভাষা আন্দোলনের সময় পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী কে ছিলেন?

প্রার্থী : ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী ছিলেন নূরুল আমীন।

পরীক্ষক-২ : বাংলা একাডেমির মহাপরিচালকের নাম বলুন।

প্রার্থী : অধ্যাপক মোহাম্মদ আজম।

পরীক্ষক-২ : ড. মুহাম্মদ ইউনূস কত সালে 'প্রেসিডেন্সিয়াল মেডেল অব ফ্রিডম' পুরস্কার লাভ করেন?

প্রার্থী : ২০০৯ সালে।

পরীক্ষক-২ : ২০২৫ সালে সাহিত্যে নোবেল জয়ীর নাম বলুন।

প্রার্থী : লাসলো ক্রাসনাহোরকাই (হাঙ্গেরি)।

পরীক্ষক-২ : ড. মুহাম্মদ ইউনূস শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন কত সালে?

প্রার্থী : ২০০৬ সালে।

পরীক্ষক-২ : যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির প্রথম মুসলিম মেয়র নির্বাচিত হন কে?

প্রার্থী : জোহরান মামদানি।

পরীক্ষক-২ : বলুন তো, বাংলাদেশের ওপর দিয়ে যে ভৌগোলিক রেখা অতিক্রম করেছে তার নাম কী?

প্রার্থী : কর্কটক্রান্তি রেখা।

পরীক্ষক-২ : আচ্ছা, মধুপুর ও ভাওয়ালের গড় কোথায়?

প্রার্থী : মধুপুর ও ভাওয়ালের গড় ময়মনসিংহ, টাঙ্গাইল ও গাজীপুর জেলায় অবস্থিত।

পরীক্ষক-৩ : বাংলাদেশের কোন অঞ্চল বরেন্দ্রভূমি নামে পরিচিত?

প্রার্থী : বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চল (রাজশাহী বিভাগ) বরেন্দ্রভূমি নামে পরিচিত।

পরীক্ষক-৩ : উয়ারি বটেশ্বর কোথায় অবস্থিত?

প্রার্থী : নরসিংদী জেলার বেলাবো উপজেলায়।

পরীক্ষক-৩ : উয়ারি বটেশ্বর মূলত কী?

প্রার্থী : উয়ারি ও বটেশ্বর নামের পাশাপাশি দুটি গ্রাম।

পরীক্ষক-৩ : এবার বলুন, সোমপুর বিহার কোথায় অবস্থিত?

প্রার্থী : নওগাঁ জেলার বাদলগাছি উপজেলায় পাহাড়পুর গ্রামে।

পরীক্ষক-৩ : বাংলাদেশের প্রাচীনতম শহরের নাম কী?

প্রার্থী : পুণ্ড্রবর্ধন।

পরীক্ষক-৩ : বাংলাদেশের প্রাচীনতম শহরটি কত বছর আগে গড়ে ওঠে?

প্রার্থী : প্রায় ২৫০০ বছর।

পরীক্ষক-৪ : প্রাচীন পুণ্ড্রবর্ধন জনপদটির বর্তমান নাম কী?

প্রার্থী : মহাস্থানগড়।

পরীক্ষক-৪ : মহাস্থানগড় কোথায় এবং কোন নদীর তীরে অবস্থিত?

প্রার্থী : বগুড়া জেলায়, করতোয়া নদীর তীরে।

পরীক্ষক-৪ : মহাস্থানগড় কী জন্য বিখ্যাত?

প্রার্থী : বাংলাদেশের প্রাচীন নগর পুণ্ড্রবর্ধনের ধ্বংসাবশেষ এবং মৌর্য ও গুপ্ত রাজবংশের পুরাকীর্তির জন্য।

পরীক্ষক-৪ : বিখ্যাত সাধক শাহ সুলতান বলখির মাজার কোথায় অবস্থিত?

প্রার্থী : মহাস্থানগড়ে।

পরীক্ষক-৪ : শাহ সুলতান বলখির পুরো নাম কী?

প্রার্থী : হযরত শাহ সুলতান ইব্রাহীম বলখি মাহীসাওয়ার (র)।

পরীক্ষক-৫ : কাকে পরাজিত করে শাহ সুলতান বলখি ইসলামের পতাকা উড্ডীন করেন?

প্রার্থী : ক্ষত্রীয় নরপতি পরশুরামকে।

পরীক্ষক-৫ : বাংলাদেশের কোথায় মৌর্য শিলালিপি পাওয়া গেছে?

প্রার্থী : মহাস্থানগড়ে।

পরীক্ষক-৫ : খোদাই পাথর ভিটা কী ও কোথায় অবস্থিত?

প্রার্থী : খোদাই পাথর ভিটা বগুড়ার মহাস্থানগড়ে অবস্থিত। এখানে প্রায় সাড়ে নয় ফুট লম্বা ও আড়াই ফুট চওড়া, আড়াই ফুট উঁচু এবং ১০০ মণ ওজনের একটি পাথর আছে।

পরীক্ষক-৫ : বৈরাগীর ভিটা কোথায় অবস্থিত?

প্রার্থী : বগুড়া জেলার মহাস্থানগড়ে।

পরীক্ষক-৫ : বৈরাগীর ভিটা কীসের জন্য বিখ্যাত?

প্রার্থী : এখানে খ্রিষ্টীয় অষ্টম শতক এবং এগারো শতকের তৈরি দুটি বৌদ্ধ মন্দির পাওয়া গেছে। এছাড়াও এখানে পালদের সময়কার বহু কীর্তির চিহ্ন এবং গুপ্ত যুগের তৈরি মন্দিরের ধ্বংসাবশেষ পাওয়া গেছে।

পরীক্ষক-৫ : বলুন তো, ২১ নভেম্বর ২০২৫ বাংলাদেশে সংঘটিত ভূমিকম্পটির উৎপত্তিস্থল কোথায় ছিল?

প্রার্থী : নরসিংদীর, মাধবদী।

বোর্ড চেয়ারম্যান : ধন্যবাদ, আপনি এখন আসুন।

প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামু আলাইকুম।

## ◆ নমুনা সাক্ষাৎকার-০৬

প্রার্থী : আসসালামু আলাইকুম, আমি আসবো স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়াআলাইকুমুস সালাম, আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম?
প্রার্থী : মোঃ জয়নুল আবেদিন।
বোর্ড চেয়ারম্যান : এ নামের একজন বিখ্যাত ব্যক্তির নাম বলুন।
প্রার্থী : শিল্পাচার্য জয়নুল আবেদিন।
বোর্ড চেয়ারম্যান : তাঁর জন্মস্থান কবে ও কোথায়?
প্রার্থী : তিনি ১৯১৪ সালে কিশোরগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন।
বোর্ড চেয়ারম্যান : তিনি কোথায় লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা করেন?
প্রার্থী : তিনি বাংলার প্রাচীন রাজধানী সোনারগাঁওয়ে লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠা করেন।
বোর্ড চেয়ারম্যান : আপনি কি কোনো দৈনিক পত্রিকা পড়েন?
প্রার্থী : জি, আমি প্রথম আলো পত্রিকা পড়ি।
বোর্ড চেয়ারম্যান : 'প্রথম আলো' পত্রিকার সম্পাদক কে?
প্রার্থী : মতিউর রহমান।
বোর্ড চেয়ারম্যান : ECNEC-এর পূর্ণরূপ কি?
প্রার্থী : Executive Committee of The National Economic Council.
বোর্ড চেয়ারম্যান : এর প্রধান কে?
প্রার্থী : এর প্রধান বাংলাদেশের প্রধানমন্ত্রী।

Züllur Sir

পরীক্ষক-১ : আপনি কোথায় লেখাপড়া করেছেন?
প্রার্থী : আমি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে সমাজকল্যাণে অনার্স ও মাস্টার্স ডিগ্রি করেছি।
পরীক্ষক-১ : ইংরেজি করুন— আমি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে সমাজকল্যাণে মাস্টার্স ডিগ্রি অর্জন করেছি।
প্রার্থী : I have completed/acquired masters degree in Social Welfare from Rajshahi University.
পরীক্ষক-১ : আপনার জেলা রংপুর। বলুনতো রংপুর জেলায় কয়টি উপজেলা?
প্রার্থী : ৮টি।
পরীক্ষক-২ : রংপুর বিভাগ করার সিদ্ধান্ত গৃহীত হয় কবে?
প্রার্থী : ২৫ জানুয়ারি ২০১০।
পরীক্ষক-১ : আপনার জেলার উপজেলাগুলোর নাম বলুন।
প্রার্থী : রংপুর সদর, গংগাচড়া, কাউনিয়া, পীরগাছা, মিঠাপুকুর, বদরগঞ্জ, তারাগঞ্জ ও পীরগঞ্জ।
পরীক্ষক-২ : প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ কবে 'প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়'-এ উন্নীত হয়?
প্রার্থী : ২ জানুয়ারি ২০০৩।
পরীক্ষক-২ : প্রাক প্রাথমিক শিক্ষার বয়স সীমা কত?
প্রার্থী : ৩-৫ বছর।

Scanned with CamScanner

পরীক্ষক-২ : প্রাথমিক শিক্ষার বয়স সীমা কত?

প্রার্থী : ৬-১০ বছর।

পরীক্ষক-২ : সরকার কবে প্রাথমিক শিক্ষার জন্য 'শিক্ষা উপবৃত্তি' চালু করে?

প্রার্থী : ২৮ সেপ্টেম্বর ২০০২।

পরীক্ষক-২ : এ কর্মসূচির আওতায় একজন শিক্ষার্থী মাসে কত টাকা পায়? এবং একই পরিবারের একাধিক শিক্ষার্থী বিদ্যালয়ে গেলে কত পায়?

প্রার্থী : ১০০ টাকা এবং একই পরিবারের একাধিক শিক্ষার্থী থাকলে ১২৫ টাকা পায়।

পরীক্ষক-২ : NAPE-এর পূর্ণরূপ কি?

প্রার্থী : National Academy for Primary Education।

পরীক্ষক-১ : আপনি সমাজকল্যাণে অনার্স ও মাস্টার্স করে প্রাথমিক শিক্ষকতায় আসতে চান। আপনার কি মনে হয় না এত কষ্টার্জিত ডিগ্রি আপনার পেশাগত জীবনে কোনোই কাজে আসলো না?

প্রার্থী : স্যার, আমি মনে করি না সমাজকল্যাণে অনার্স ও মাস্টার্স ডিগ্রি আমার পেশাগত জীবনে কোনো কাজে আসবে না। কারণ মাস্টার্স ডিগ্রি অর্জনের জন্য যে লেখাপড়া আমাকে করতে হয়েছে তাতে নিঃসন্দেহে আমার মেধার বিকাশ ঘটেছে যা আমি শিক্ষকতা পেশায় কাজে লাগাতে পারবো। এছাড়া সমাজকল্যাণ বিষয় পড়ে আমি জানতে পেরেছি আমাদের দেশের বিভিন্ন সামাজিক সমস্যার কথা— যার মধ্যে নিরক্ষরতা একটি প্রধান সমস্যা। তাই আমি চিন্তা করেছি প্রাথমিক শিক্ষক পদে যোগ দিয়ে দেশের নিরক্ষরতার হার কিছুটা হলেও হ্রাস করতে পারবো। এছাড়া শিক্ষকতার পেশাও সমাজে কম মর্যাদার নয়।

বোর্ড চেয়ারম্যান : আপনাকে ধন্যবাদ, আপনি আসুন।

প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ◇ নমুনা সাক্ষাৎকার-০৭

প্রার্থী : আসসালামু আলাইকুম।

সভাপতি : ওয়ালাইকুমুস সালাম।

Ziillur Sir

প্রার্থী : ভিতরে আসবো স্যার?

সভাপতি : আসুন, বসুন।

প্রার্থী : ধন্যবাদ স্যার।

সভাপতি : আপনার নাম কি?

প্রার্থী : মো. তাজুল ইসলাম।

সভাপতি : আপনার নামের সাথে মিল আছে এমন একজন বর্তমান রাজনীতিবিদের নাম বলুন।

প্রার্থী : এলজিআরডি মন্ত্রণালয়ের স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম।

সভাপতি : এলজিআরডি-এর পূর্ণরূপ কি?

প্রার্থী : Local Government & Rural Development.

সভাপতি : বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা কয় স্তর বিশিষ্ট ও কি কি?

প্রার্থী : তিন স্তর। জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ।

Scanned with CamScanner

পরীক্ষক-১ : আপনি কোন বিষয়ে এবং কোথায় পড়ালেখা করেছেন?

প্রার্থী : আমি জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে অনার্স করেছি।

পরীক্ষক-১ : লাহোর প্রস্তাব কে কোথায় উত্থাপন করেন?

প্রার্থী : মুসলিম লীগের লাহোর অধিবেশনে শেরে বাংলা এ. কে. ফজলুল হক এ প্রস্তাব উত্থাপন করেন।

পরীক্ষক-১ : এ প্রস্তাবটি কবে উত্থাপিত হয়?

প্রার্থী : ১৯৪০ সালের ২৩ মার্চ।

পরীক্ষক-১ : ঐতিহাসিক আগরতলা মামলা দায়ের করা হয় কত সালে?

প্রার্থী : ১৯৬৮ সালে।

পরীক্ষক-১ : এ মামলার প্রধান আসামী কে ছিলেন?

প্রার্থী : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

পরীক্ষক-১ : এ মামলার মোট আসামী সংখ্যা কত ছিল?

প্রার্থী : ৩৫ জন।

পরীক্ষক-২ : আপনি কি প্রাচীন বাংলার জনপদগুলোর নাম বলতে পারবেন?

প্রার্থী : জি স্যার। সেগুলো হলো– বঙ্গ, সমতট, পুণ্ড্র, রাঢ়, গৌড় এবং হরিকেল।

পরীক্ষক-২ : শালবন বিহার কোথায় এবং এর নির্মাতা কে?

প্রার্থী : শালবন বিহার কুমিল্লার ময়নামতিতে অবস্থিত। এর নির্মাতা চতুর্থ রাজা ভবদেব।

পরীক্ষক-২ : বাংলাদেশের প্রাচীনতম নগরের নাম কি এবং বর্তমানে তা কোথায়?

প্রার্থী : পুণ্ড্রনগর। বর্তমানে মহাস্থানগড় নামে পরিচিত। এটি বগুড়া জেলায় অবস্থিত।

পরীক্ষক-২ : সোমপুর বিহার কি?

প্রার্থী : নওগাঁ জেলার পাহাড়পুরে যে বৌদ্ধ বিহারটি আবিষ্কৃত হয়েছে তা-ই সোমপুর বিহার। এটি পৃথিবীর সবচেয়ে বড় বিহারগুলোর মধ্যে একটি এবং একক বিহার হিসেবে এটিকে পৃথিবীর বড় বৌদ্ধ বিহারও বলা যায়।

পরীক্ষক-৩ : আচ্ছা মি. তাজুল ইসলাম, বলুনতো ছিটমহল কি?

প্রার্থী : কোনো রাষ্ট্রের মধ্যে অবস্থিত অন্য স্বাধীন দেশের ক্ষুদ্র ভূখণ্ড, যা সে দেশের শাসনাধীন নয়, সে ভূখণ্ডকে বলে ছিটমহল। যেমন—ভারতের মধ্যে অবস্থিত বাংলাদেশের ভূখণ্ড দহগ্রাম-আঙ্গরপোতা।

পরীক্ষক-৩ : দহগ্রাম-আঙ্গরপোতা ছিটমহলের আয়তন কত?

প্রার্থী : ৩৫ বর্গমাইল।

পরীক্ষক-৩ : এটি কোন জেলার অন্তর্ভুক্ত?

প্রার্থী : এটি লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার অন্তর্ভুক্ত।

পরীক্ষক-৩ : প্রশাসনিক বিকেন্দ্রীকরণ বলতে কি বোঝেন?

প্রার্থী : ক্ষমতা বা কর্তৃত্ব কেন্দ্রীয় সরকারের নিকট থেকে স্থানীয় সরকারের নিকট হস্তান্তরকরণকেই প্রশাসনিক বিকেন্দ্রীকরণ বলে।

পরীক্ষক-৩ : 'কবর' কবিতার রচয়িতা কে? কোন কাব্যের অন্তর্গত?

প্রার্থী : জসীমউদ্‌দীন, 'রাখালী' কাব্যগ্রন্থের অন্তর্গত।

পরীক্ষক-৩ : 'নকশী কাঁথার মাঠ' কাব্যের রচয়িতা কে? এটি কোন জাতীয় রচনা?

প্রার্থী : জসীমউদ্‌দীন, কাব্যগ্রন্থ।

Scanned with CamScanner

পরীক্ষক-৩ : জসীমউদ্‌দীনের কয়েকটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করুন।
প্রার্থী : 'সোজন বাদিয়ার ঘাট', 'বালুচর', 'ধানক্ষেত', 'রঙ্গিলা নায়ের মাঝি', 'রাখালী' ইত্যাদি।
পরীক্ষক-৩ : 'নকশী কাঁথার মাঠ' কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদের নাম কি? এটি কে অনুবাদ করেন?
প্রার্থী : The Field of the Embroidered Quilt. এটি অনুবাদ করেন E M Milford.
সভাপতি : আপনাকে ধন্যবাদ, আপনি আসুন।
প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-০৮

প্রার্থী : আসসালামু আলাইকুম।
বোর্ড চেয়ারম্যান : ওয়াআলাইকুমুস সালাম।
প্রার্থী : আসতে পারি, স্যার।
বোর্ড চেয়ারম্যান : আসুন। আপনার নাম কি?
প্রার্থী : আমার নাম ওয়াহিদুর রহমান।
বোর্ড চেয়ারম্যান : আপনার বাড়ি কোন জেলায়?
প্রার্থী : ফেনী জেলায়।
বোর্ড চেয়ারম্যান : ফেনী জেলার নামকরণ সম্পর্কে কি জানেন?
প্রার্থী : ফেনী নদীর নামানুসারে জেলাটির নাম হয়েছে ফেনী।
পরীক্ষক-২ : ফেনী জেলা কত সালে প্রতিষ্ঠা লাভ করে?
প্রার্থী : ১৯৮৪ সালে।
বোর্ড চেয়ারম্যান : আপনার জেলায় কয়টি উপজেলা ও কি কি?
প্রার্থী : ৬টি। ফেনী সদর, সোনাগাজী, ছাগলনাইয়া, পরশুরাম, ফুলগাজী ও দাগনভূঁইয়া।
পরীক্ষক-১ : দেশে প্রাথমিক শিক্ষা আইন জারি হয় কখন?
প্রার্থী : ১৯৭৪ সালে।
পরীক্ষক-১ : বাংলাদেশে প্রাথমিক শিক্ষার বয়সসীমা কত?
প্রার্থী : ৬-১০ বছর।
পরীক্ষক-১ : বাংলাদেশে প্রাক-প্রাথমিক শিক্ষার বয়সসীমা কত?
প্রার্থী : ৩-৫ বছর।
পরীক্ষক-১ : প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প চালু হয় কবে?
প্রার্থী : ২৮ সেপ্টেম্বর ২০০২।
পরীক্ষক-২ : আইএমএফ-এর সর্বশেষ সদস্য দেশ কোনটি?
প্রার্থী : নাউরু (১৮৯তম)।
পরীক্ষক-২ : IMF-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
প্রার্থী : ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র।
পরীক্ষক-৩ : শিক্ষার প্রথম সোপান কি?
প্রার্থী : প্রাথমিক শিক্ষা।
পরীক্ষক-৩ : সরকার কোন শিক্ষাকে অগ্রাধিকার প্রদান করেছে?
প্রার্থী : প্রাথমিক ও গণশিক্ষাকে।

Ziillur Sir

Scanned with CamScanner

পরীক্ষক-৩ : কোন শ্রেণী পর্যন্ত ছেলেদের অবৈতনিক শিক্ষাব্যবস্থা চালু আছে?
প্রার্থী : ৫ম শ্রেণী।
পরীক্ষক-৩ : প্রাথমিক স্তরে ধর্ম বই পড়ানো হয় কোন শ্রেণী থেকে?
প্রার্থী : তৃতীয় শ্রেণী থেকে।
পরীক্ষক-৩ : প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলকরণ) আইন কোন সালে পাস হয়?
প্রার্থী : ১৯৯০ সালে।
পরীক্ষক-৩ : আমাদের প্রাথমিক শিক্ষার প্রধান সমস্যা কোনটি?
প্রার্থী : ছাত্র-ছাত্রীদের ঝরে পড়া।
বোর্ড চেয়ারম্যান : 'ক্লাস্টারিং' পদ্ধতিতে প্রশিক্ষণ দেন কে?
প্রার্থী : পিটিআই ইন্সট্রাক্টর।
বোর্ড চেয়ারম্যান : বয়স্ক শিক্ষাকে মূলত কি শিক্ষা নামে আখ্যায়িত করা হয়েছে?
প্রার্থী : উপ-আনুষ্ঠানিক শিক্ষা।
বোর্ড চেয়ারম্যান : ধন্যবাদ, আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামু আলাইকুম।

## ◆ নমুনা সাক্ষাৎকার-০৯

প্রার্থী : আসসালামু আলাইকুম, May I come in sir?
পরীক্ষক : Yes, come in. Please take your seat.
প্রার্থী : Thank you, sir.
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম কি?
প্রার্থী : তানভীর করিম।
বোর্ড চেয়ারম্যান : এ নামের একজন বিখ্যাত ব্যক্তির নাম বলুন।
প্রার্থী : মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি তানভীর করিম।
বোর্ড চেয়ারম্যান : আপনি কোথা থেকে পাস করেছেন?
প্রার্থী : রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে।
বোর্ড চেয়ারম্যান : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রথম শহিদ বুদ্ধিজীবীর নাম বলুন।
প্রার্থী : শহিদ মোহাম্মদ শামসুজ্জোহা (রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ছিলেন)।
বোর্ড চেয়ারম্যান : রাজশাহীতে একজন বিশিষ্ট আউলিয়ার মাজার রয়েছে, তাঁর নাম কি?
প্রার্থী : হযরত শাহ মখদুম (র)।
পরীক্ষক-১ : FAO-এর বর্তমান সদস্য সংখ্যা কত?
প্রার্থী : ১৯৭।
পরীক্ষক-১ : FAO-এর সদর দপ্তর কোথায়?
প্রার্থী : রোম, ইতালি।
পরীক্ষক-১ : UNESCO কবে প্রতিষ্ঠিত হয়?
প্রার্থী : ১৬ নভেম্বর ১৯৪৫।
পরীক্ষক-২ : 'বিশ্ব খাদ্য দিবস' পালন করা হয় কবে?
প্রার্থী : প্রতিবছর ১৬ অক্টোবর।

Scanned with CamScanner

পরীক্ষক-২ : সংবিধানের কোন অনুচ্ছেদে মৌলিক চাহিদা বিষয়ক রাষ্ট্রের দায়িত্ব সম্পর্কে বলা হয়েছে?
প্রার্থী : ১৫ (ক) অনুচ্ছেদে।
পরীক্ষক-২ : খাদ্যের অতিরিক্ত কার্বোহাইড্রেট প্রাণিদেহে কিরূপে জমা থাকে?
প্রার্থী : গ্লাইকোজেন রূপে।
পরীক্ষক-২ : আমাদের উজ্জ্বল ও স্তিমিত আলোতে দেখতে সাহায্য করে কোন ভিটামিন?
প্রার্থী : ভিটামিন এ।
পরীক্ষক-২ : কোন ভিটামিনের অভাবে শিশুর দাঁত উঠতে দেরি হয় এবং শিশু দেরিতে হাঁটতে শেখে?
প্রার্থী : ভিটামিন ডি।
পরীক্ষক-৩ : আমাদের দেহের কোন উপাদানটির গঠনে প্রোটিনের ভূমিকা অপরিসীম?
প্রার্থী : হিমোগ্লোবিন।
পরীক্ষক-৩ : কার্বোহাইড্রেটের প্রধান কাজ কি?
প্রার্থী : দেহে তাপশক্তি উৎপাদন করা।
পরীক্ষক-৩ : কোনটির অভাবে দেহের ত্বক রুক্ষ ও খসখসে হয়ে দেহের সৌন্দর্য নষ্ট হয়ে যায়?
প্রার্থী : স্নেহ পদার্থ।
বোর্ড চেয়ারম্যান : শর্করাপ্রধান খাদ্যের উপাদানগুলো কি কি?
প্রার্থী : কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেন।
বোর্ড চেয়ারম্যান : দারিদ্র্য বিমোচনে সরকারের গৃহীত একটি খাদ্য কর্মসূচির নাম বলুন।
প্রার্থী : কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি।
বোর্ড চেয়ারম্যান : ধন্যবাদ। তানভীর করিম সাহেব, আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-১০

প্রার্থী : আসসালামু আলাইকুম, আসতে পারি স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়াআলাইকুমুস সালাম, আপনি আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম কি?
প্রার্থী : রাবেয়া খাতুন।
পরীক্ষক-১ : আপনি কোথায় লেখাপড়া করেছেন?
প্রার্থী : আমি কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ থেকে বাংলায় মাস্টার্স করেছি।
পরীক্ষক-১ : বাংলা সাহিত্যের সূচনাকাল কত?
প্রার্থী : ৬৫০ খ্রিষ্টাব্দ। মতান্তরে ৯৫০ খ্রিষ্টাব্দ।
পরীক্ষক-১ : বাংলা সাহিত্যের আদি নিদর্শনের নাম কি?
প্রার্থী : চর্যাপদ।
পরীক্ষক-১ : চর্যাপদ কে আবিষ্কার করেন?
প্রার্থী : মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী।
পরীক্ষক-১ : ভানুসিংহ কার ছদ্মনাম?
প্রার্থী : রবীন্দ্রনাথ ঠাকুরের।



Scanned with CamScanner

পরীক্ষক-১ : রবীন্দ্রনাথ ঠাকুরের শেষের কবিতা কি ধরনের গ্রন্থ এবং এটি কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয়?

প্রার্থী : রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'শেষের কবিতা' একটি উপন্যাস। এটি ১৯২৮ সালে প্রবাসী পত্রিকায় প্রকাশিত হয়।

পরীক্ষক-১ : ব্রজবুলি ভাষায় রবীন্দ্রনাথ ঠাকুর কোন কাব্য রচনা করেন?

প্রার্থী : ভানুসিংহের পদাবলী।

পরীক্ষক : বাংলায় কয়টি বর্ণমালা রয়েছে?

প্রার্থী : ৫০টি।

পরীক্ষক : বাংলাভাষায় অর্ধমাত্রার বর্ণ কয়টি ও কি কি?

প্রার্থী : ৮টি। এগুলো হলো ঋ, খ, গ, ণ, থ, ধ, প, শ।

পরীক্ষক-১ : মাত্রা কাকে বলে?

প্রার্থী : বাংলা বর্ণমালায় অধিকাংশ বর্ণের ওপরে যে রেখা দেয়া হয় তাকে মাত্রা বলে।

পরীক্ষক-২ : বাংলা মৌলিক ধ্বনিগুলোকে কয়ভাগে ভাগ করা যায়?

প্রার্থী : দুভাগে। স্বরধ্বনি ও ব্যঞ্জন ধ্বনি।

পরীক্ষক-২ : কার ও ফলা কাকে বলে?

প্রার্থী : স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কার বলে আর ব্যঞ্জন বর্ণের সংক্ষিপ্ত রূপকে ফলা বলে।

পরীক্ষক-২ : উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রী উপবৃত্তি প্রকল্প কবে চালু হয়?

প্রার্থী : ১ আগস্ট ২০০২।

পরীক্ষক-২ : সরকার কবে প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি চালু করে?

প্রার্থী : ২৮ সেপ্টেম্বর ২০০২।

পরীক্ষক-২ : পঞ্চম শ্রেণীর ছাত্রছাত্রীদের প্রথম প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হয় কবে?

প্রার্থী : ২০০৯ সালে।

পরীক্ষক-৩ : প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করে কোন সংস্থা?

প্রার্থী : ন্যাশনাল একাডেমী ফর প্রাইমারি এডুকেশন (NAPE)।

পরীক্ষক-৩ : মুদ্রাস্ফীতি কাকে বলে?

প্রার্থী : যখন অর্থের মূল্য ক্রমাগত কমে আসে এবং দ্রব্যমূল্য ক্রমাগত বেড়ে যায় এরূপ একটি অবস্থাকে মুদ্রাস্ফীতি বলা হয়।

পরীক্ষক-৩ : বাংলাদেশের মুদ্রাস্ফীতি নির্ণয়ে অর্থনৈতিক উপাত্ত হিসেবে কি কি ধরা হয়?

প্রার্থী : খাদ্য, জ্বালানি, বাসস্থান, বস্ত্র ও বিবিধ এ পাঁচটিকে উপাত্ত হিসেবে ধরা হয়।

পরীক্ষক-৩ : মন্ত্রণালয় ও সচিবালয়ের মধ্যে পার্থক্য কি?

প্রার্থী : মন্ত্রণালয় হলো এক বা একাধিক বিভাগের সমন্বয়ে গঠিত সরকারের একটি প্রশাসনিক ইউনিট। পক্ষান্তরে, সচিবালয় হচ্ছে দেশের সকল প্রশাসনিক ব্যবস্থার কেন্দ্রবিন্দু।

বোর্ড চেয়ারম্যান : ধন্যবাদ, রাবেয়া বসুন, আপনি আসুন।

প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামু আলাইকুম।

Scanned with CamScanner

## ❖ নমুনা সাক্ষাৎকার-১১

প্রার্থী : আসসালামু আলাইকুম, আমি আসব স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়াআলাইকুমুস সালাম, আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার।
বোর্ড চেয়ারম্যান : আপনি কোথায় পড়াশোনা করেছেন?
প্রার্থী : আমি তামীরুল মিল্লাত মাদ্রাসা থেকে দাখিল ও আলিম পাস করেছি।
বোর্ড চেয়ারম্যান : পবিত্র কুরআনে কতগুলো সূরা আছে?
প্রার্থী : ১১৪টি।
পরীক্ষক-১ : কোন সূরার প্রথমে বিসমিল্লাহ নেই?
প্রার্থী : সূরা তাওবার প্রথমে বিসমিল্লাহ নেই।
পরীক্ষক-১ : নামাজের ফরজ কয়টি?
প্রার্থী : ১৩টি।
পরীক্ষক-১ : আরবি করুন 'আমি নামাজ পড়েছি'।
প্রার্থী : ছাল্লায়তু।
পরীক্ষক-২ : আপনার নাম কি?
প্রার্থী : মোঃ মুনিরুজ্জামান।
পরীক্ষক-২ : মুনিরুজ্জামান অর্থ কি?
প্রার্থী : সময়ের বা কালের আলো।
পরীক্ষক-৩ : আপনি তো মাদ্রাসায় লেখাপড়া করেছেন। বলুন তো, তায়াম্মুম করতে হয় কিভাবে?
প্রার্থী : ধন্যবাদ স্যার, তায়াম্মুমকে ওজুর বিকল্প হিসেবে বিবেচনা করা হয়। তায়াম্মুম করার নিয়ম হচ্ছে নিয়ত করতে হবে, এরপর পবিত্র মাটিতে দু'হাত রেখে পুরো মুখমণ্ডল মুছেহ করতে হয় (তিনবার), এরপর একইভাবে দু'হাত কনুই পর্যন্ত মুছেহ করতে হয়।
পরীক্ষক-৩ : বাংলাদেশ পোস্ট অফিস জাদুঘর এবং পোস্টাল একাডেমি কোথায় অবস্থিত?
প্রার্থী : বাংলাদেশ পোস্ট অফিস জাদুঘর ঢাকার জিপিও-তে এবং পোস্টাল একাডেমি রাজশাহীতে অবস্থিত।
পরীক্ষক-৩ : EMS এবং GEP বলতে কি বোঝানো হয়?
প্রার্থী : EMS হলো— Express Mail Service.
GEP হলো— Guarranted Express Post.
পরীক্ষক-৩ : বাংলাদেশে এক নম্বর সমস্যা কি?
প্রার্থী : জনসংখ্যা সমস্যা।
পরীক্ষক-৩ : বাংলাদেশে বাল্যবিবাহের প্রচলন কোথায় বেশি?
প্রার্থী : গ্রামাঞ্চলে।
বোর্ড চেয়ারম্যান : ধন্যবাদ আপনাকে, আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ, আসসালামু আলাইকুম।

Scanned with CamScanner

## ❖ নমুনা সাক্ষাৎকার-১২

প্রার্থী : আসসালামু আলাইকুম, আসতে পারি স্যার?

বোর্ড চেয়ারম্যান : আসুন, বসুন, আপনার নাম কি?

প্রার্থী : তহুরা আকতার জাহান।

বোর্ড চেয়ারম্যান : আপনার বাড়ি কোন জেলায়?

প্রার্থী : কিশোরগঞ্জ।

বোর্ড চেয়ারম্যান : আপনার জেলার কয়েকজন বিখ্যাত ব্যক্তির নাম বলুন।

প্রার্থী : সৈয়দ নজরুল ইসলাম, শিল্পাচার্য জয়নুল আবেদিন, জহুরুল ইসলাম, নীরোদ সি চৌধুরী, সত্যজিত রায়, জিল্লুর রহমান, আবদুল হামিদ এডভোকেট।

পরীক্ষক-১ : আইনের আওতায় কবে বাংলাদেশে প্রথম বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়?

প্রার্থী : ১ জানুয়ারি ১৯৯২।

পরীক্ষক-১ : বাংলাদেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে বাধ্যতামূলক শিক্ষা চালু হয় কবে?

প্রার্থী : ১ জানুয়ারি ১৯৯৩।

পরীক্ষক-১ : বাংলাদেশের প্রথম নিরক্ষরতামুক্ত গ্রাম কোনটি?

প্রার্থী : কচুবাড়ী কৃষ্টপুর (ঠাকুরগাঁও জেলার সালান্দ ইউনিয়নের একটি গ্রাম)।

পরীক্ষক-২ : FSSAP-এর পূর্ণ অভিব্যক্তি কি?

প্রার্থী : Female Secondary School Assistance Project.

পরীক্ষক-২ : প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্প চালু করা হয় কবে?

প্রার্থী : ২৮ সেপ্টেম্বর ২০০২।

পরীক্ষক-৩ : UCEP-এর পুরো নাম কি?

প্রার্থী : Underprivileged Children's Educational Programs.

পরীক্ষক-৩ : কত সালে এবং কোথায় UCEP পাইলট প্রকল্পের মাধ্যমে কাজ শুরু করে?

প্রার্থী : ১৯৭২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা প্রতিষ্ঠানে।

পরীক্ষক-৩ : UCEP-এর প্রতিষ্ঠাতা কে?

প্রার্থী : এলএ চেয়ানি (LA Cheyne)।

পরীক্ষক-২ : সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞানের মূল আলোচ্য বিষয় কি?

প্রার্থী : সমাজবিজ্ঞানের মূল আলোচ্য বিষয় হচ্ছে সমাজ এবং রাষ্ট্রবিজ্ঞানের মূল আলোচ্য বিষয় হচ্ছে রাষ্ট্র।

পরীক্ষক-২ : বাংলার কোন বীর সন্তান বাংলার একাংশে ইংরেজদের বিরুদ্ধে স্বাধীনতা ঘোষণা করেন?

প্রার্থী : তিতুমীর।

পরীক্ষক-২ : তিতুমীর কোথায় 'বাঁশের কেল্লা' নির্মাণ করেন?

প্রার্থী : নারিকেলবাড়িয়ায়।

পরীক্ষক-১ : 'ফকির আন্দোলনের' নেতা কে ছিলেন?

প্রার্থী : মজনু শাহ।

পরীক্ষক-১ : কোন শতাব্দীতে ফকির আন্দোলন হয়েছিল?

প্রার্থী : অষ্টাদশ শতাব্দীতে।

বোর্ড চেয়ারম্যান : কংগ্রেসের প্রতিষ্ঠাতা কে?

প্রার্থী : অক্টোভিয়ান হিউম।

বোর্ড চেয়ারম্যান : ধন্যবাদ, তহুরা আকতার। আপনি এখন আসতে পারেন।

প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

Scanned with CamScanner

## ◆ নমুনা সাক্ষাৎকার-১৩

প্রার্থী : আসসালামু আলাইকুম। আসতে পারি স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়াআলাইকুমুস সালাম। আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম কি?
প্রার্থী : মোহাম্মদ লোকমান হোসেন।
পরীক্ষক-১ : মি. লোকমান, আপনার পিতা কি করেন?
প্রার্থী : আমার পিতা একজন কৃষক।
পরীক্ষক-১ : রবি শস্য ও খরিফ শস্য বলতে কি বোঝায়?
প্রার্থী : রবি শস্য হচ্ছে শীতকালীন ফসল। আর খরিফ শস্য হচ্ছে গ্রীষ্মকালীন ফসল।
পরীক্ষক-১ : আপনার শিক্ষাগত যোগ্যতা বলুন।
প্রার্থী : এম এ (ইসলামের ইতিহাস)।
পরীক্ষক-১ : আপনার জেলা কোনটি?
প্রার্থী : টাঙ্গাইল।
পরীক্ষক-২ : আপনি কি রাজনীতি করেন?
প্রার্থী : আমি সরাসরি কোনো দলীয় রাজনীতির সাথে সম্পৃক্ত নই। তবে একজন সুনাগরিক হিসেবে রাজনৈতিক বিষয়ে আমার সচেতন দৃষ্টি রয়েছে।
পরীক্ষক-১ : আপনার জেলায় কয়েকজন বিখ্যাত মনীষীর নাম বলুন।
প্রার্থী : বিভিন্ন ক্ষেত্রে আমার জেলার (টাঙ্গাইল) যেসব মনীষীর অবদান রয়েছে তাদের মধ্যে বিচারপতি আবু সাঈদ চৌধুরী, শামসুল হক (রাজনীতিবিদ), মওলানা আব্দুল হামিদ খান ভাসানী, ড. আশরাফ সিদ্দিকী (লোকসাহিত্য বিশারদ), বঙ্গবীর আব্দুল কাদের সিদ্দিকী (বীর উত্তম) প্রমুখের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।
পরীক্ষক-২ : বাংলাদেশের বর্তমান রাজনীতি সম্পর্কে আপনার অভিমত কি?
প্রার্থী : বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতি অত্যন্ত নিম্নমানের। এখানে কোনো রাজনৈতিক দলের নেতা-কর্মী গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল নয়। সরকারি দল অহেতুক বিরোধী দলের নেতা-কর্মীদের নির্যাতন করে তাদের দমনের চেষ্টা করে। আর বিরোধী দল সংসদে না গিয়ে রাজপথে ধ্বংসাত্মক কর্মকাণ্ড চালিয়ে সরকারের কর্মকাণ্ড ব্যাহত করার চেষ্টা করে।
পরীক্ষক-২ : এবার একটু ভিন্ন বিষয়ের আলোচনা হোক। আচ্ছা, আপনি কোন ধরনের খেলাধুলা পছন্দ করেন?
প্রার্থী : আমি ইনডোর গেমসের একনিষ্ঠ ভক্ত। তাছাড়া ফুটবল ও ক্রিকেট উভয়ই আমি পছন্দ করি।
পরীক্ষক-২ : ২০১৮ সালের বিশ্বকাপ ফুটবল কোন দেশে অনুষ্ঠিত হয়?
প্রার্থী : রাশিয়ায়।
পরীক্ষক-২ : বাংলাদেশের খ্যাতিমান মহিলা দাবাড়ু কে?
প্রার্থী : রানী হামিদ।
পরীক্ষক-২ : বিশ্বের সর্ববৃহৎ ক্রীড়া আসর কোনটি?
প্রার্থী : অলিম্পিক গেমস।

Scanned with CamScanner

পরীক্ষক-২ : ২০২০ সালের অলিম্পিক গেমস কোথায় অনুষ্ঠিত হবে?
প্রার্থী : টোকিও, জাপান।
বোর্ড চেয়ারম্যান : প্রাথমিক শিক্ষার সমস্যা কি কি?
প্রার্থী : বাংলাদেশের শিক্ষাব্যবস্থার প্রথম স্তর হচ্ছে প্রাথমিক শিক্ষা। শিক্ষার এ স্তরে নানাবিধ সমস্যা বিরাজমান। যথা : ১. শিক্ষাপোকরণের অভাব, ২. দক্ষ শিক্ষকের অভাব, ৩. ছাত্রছাত্রীদের ঝরে পড়া, ৫. স্কুল পরিচালনা কমিটির রাজনৈতিক সংশ্লিষ্টতা ইত্যাদি।
বোর্ড চেয়ারম্যান : আপনাকে ধন্যবাদ।
প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-১৪

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভিতরে আসতে পারি স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়াআলাইকুমুস সালাম। আসুন, বসুন।
প্রার্থী : আপনাকে ধন্যবাদ।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম কি?
প্রার্থী : ইয়ার আলী।
বোর্ড চেয়ারম্যান : 'ইয়ার' কোন ভাষার শব্দ এবং আপনার পুরো নামের অর্থ কি?
প্রার্থী : ফারসি ভাষার 'ইয়ার' শব্দের বাংলা অর্থ বন্ধু। আর, আমার পুরো নামের অর্থ উদার বন্ধু।
বোর্ড চেয়ারম্যান : আপনার শিক্ষাগত যোগ্যতা কি?
প্রার্থী : বিএ (পাস), বাংলা।
পরীক্ষক-১ : 'সুশিক্ষিত মানুষ মাত্রই স্বশিক্ষিত।' উক্তিটি কার?
প্রার্থী : প্রমথ চৌধুরী।
পরীক্ষক-১ : আপনি কেন শিক্ষক হতে চান?
প্রার্থী : শিক্ষা নাগরিক সচেতনতা বৃদ্ধি করে ব্যক্তিকে সুনাগরিক হিসেবে গড়ে তোলে। তাছাড়া আমাদের দেশে প্রচলিত গণতান্ত্রিক শাসন ব্যবস্থা সফল করার জন্যও ব্যাপক শিক্ষার প্রয়োজন। জাতীয় ক্ষেত্রে অবদান রাখার পাশাপাশি একটি সুশিক্ষিত জাতি গঠনের জন্যই আমি শিক্ষক হতে চাই।
পরীক্ষক-১ : শিশুর ব্যক্তিত্ব বিকাশে একজন শিক্ষক কি কোনো ভূমিকা রাখে?
প্রার্থী : জী স্যার, রাখে। শিশুরা যখন বিদ্যালয়ে গমন করে তখন সেখানে অন্যান্য শিক্ষার্থী এবং শিক্ষক-কর্মচারীর সংস্পর্শে আসে। আর শিশুটি তার মা-বাবার পাশাপাশি শিক্ষককে শ্রদ্ধাভরে গ্রহণ করে। শিক্ষক শিক্ষাদান প্রক্রিয়ায় বিভিন্ন নিয়ম-কানুন, ভালমন্দের বিভিন্ন দিক শিশুর সামনে তুলে ধরে এবং তা পালনে আগ্রহী করে তোলে। যা সুদূরপ্রসারী প্রভাব ফেলে শিশুটির উপর। বিদ্যালয়ের নিয়ম-কানুন মূলত আনুষ্ঠানিক। তাই এগুলো ভঙ্গ করলে শাস্তি পেতে হয়। তাই বিদ্যালয়ে শিশু কিশোররা নিয়ম-কানুনের প্রতি শ্রদ্ধাশীল হতে শিখে এবং শিক্ষক নির্দেশিত আচরণকে বিদ্যালয় থেকে পাওয়া শিক্ষার আলোকে পরিমার্জিত করে নেয়।
পরীক্ষক-১ : বাংলা সনের প্রবর্তক কে?
প্রার্থী : সম্রাট আকবর।

Scanned with CamScanner

পরীক্ষক-১ : বাংলা নববর্ষ পহেলা বৈশাখ ইংরেজি সনের কোন তারিখে পালিত হয়?
প্রার্থী : ১৪ এপ্রিল।
পরীক্ষক-২ : এ পর্যন্ত কতজন বাঙালি ব্যক্তিত্ব নোবেল পুরস্কারে ভূষিত হয়েছেন?
প্রার্থী : ৩ জন।
পরীক্ষক-২ : শান্তিতে নোবেল জয়ী একমাত্র বাংলাদেশী কে?
প্রার্থী : ড. মুহম্মদ ইউনূস।
পরীক্ষক-২ : রাজনীতিবিদ হয়েও সাহিত্যে নোবেল পেয়েছেন এমন একজন ব্যক্তিত্বের নাম বলুন।
প্রার্থী : উইনস্টন চার্চিল।
পরীক্ষক-২ : বাংলাদেশের স্থপতি শেখ মুজিবুর রহমান 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত হন কবে?
প্রার্থী : ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯।
পরীক্ষক-৩ : আপনি কি গান ভালোবাসেন?
প্রার্থী : জী, স্যার।
পরীক্ষক-৩ : 'আমি বাংলায় গান গাই' গানটির গীতিকার কে?
প্রার্থী : প্রতুল মুখোপাধ্যায়।
পরীক্ষক-৩ : যুক্তরাষ্ট্রের প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট কে?
প্রার্থী : বারাক ওবামা।
পরীক্ষক-৩ : তার লেখা একটি বইয়ের নাম বলুন।
প্রার্থী : দ্য অডেসিটি অব হোপ।
পরীক্ষক-৩ : বাংলাদেশের জাতীয় সংসদের প্রথম স্পিকারের নাম কি?
প্রার্থী : মোহাম্মদ উল্লাহ।
বোর্ড চেয়ারম্যান : প্রাথমিক স্কুলে ৬০% বা আরো অধিক হারে মহিলা শিক্ষক নিয়োগের পক্ষে প্রধান যুক্তি কি?
প্রার্থী : একজন শিশু ভূমিষ্ঠ হওয়ার পর তার শিখন প্রক্রিয়া মায়ের কাছ থেকেই শুরু হয়। তাছাড়া মহিলারা শিশুদের প্রতি বেশি স্নেহময়ী।
বোর্ড চেয়ারম্যান : আপনাকে ধন্যবাদ।
প্রার্থী : আপনাদের সবাইকে ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ◆ নমুনা সাক্ষাৎকার-১৫

প্রার্থী : ভিতরে আসতে পারি, স্যার?
বোর্ড চেয়ারম্যান : আসুন।
প্রার্থী : আসসালামু আলাইকুম।
বোর্ড চেয়ারম্যান : ওয়াআলাইকুমুস সালাম। বসুন।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম কি?
প্রার্থী : সুস্মিতা সেন।
বোর্ড চেয়ারম্যান : আপনার নিজ জেলার নাম বলুন।
প্রার্থী : কুষ্টিয়া।
পরীক্ষক-১ : আপনার জেলার একজন বিশিষ্ট ঔপন্যাসিকের নাম বলুন।
প্রার্থী : মীর মশাররফ হোসেন।

Scanned with CamScanner

পরীক্ষক-১ : তার কিছু বিখ্যাত সাহিত্যকর্মের নাম বলুন।
প্রার্থী : বসন্তকুমারী, বিষাদ সিন্ধু, গাজী মিয়ার বস্তানী।
পরীক্ষক-১ : 'গাজী মিয়ার বস্তানী' কোন ধরনের সাহিত্যকর্ম?
প্রার্থী : রসরচনা।
পরীক্ষক-১ : পৃথিবীর বৃহত্তম মহাদেশ কোনটি?
প্রার্থী : এশিয়া।
পরীক্ষক-১ : এশিয়া মহাদেশের সর্বোচ্চ বিন্দু কোথায়?
প্রার্থী : মাউন্ট এভারেস্ট; উচ্চতা ৮৮৫০ মিটার।
পরীক্ষক-১ : এশিয়া মহাদেশের সর্বনিম্ন বিন্দু কোথায়?
প্রার্থী : মৃত সাগর।
পরীক্ষক-১ : এশিয়া মহাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি?
প্রার্থী : বোর্নিও।
পরীক্ষক-১ : এ দ্বীপটি কোন দেশের?
প্রার্থী : ইন্দোনেশিয়ার।
পরীক্ষক-২ : আচ্ছা বলুন তো, কোন খাল খননের ফলে ইউরোপের সঙ্গে এশিয়া, অস্ট্রেলিয়ার বাণিজ্য সুবিধা বৃদ্ধি পেয়েছে?
প্রার্থী : সুয়েজ খাল।
পরীক্ষক-২ : কে প্রথম বাংলা সাহিত্যে দাড়ি, কমা প্রভৃতি বিরাম চিহ্ন ব্যবহার করেন?
প্রার্থী : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
পরীক্ষক-২ : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রকৃত নাম কি?
প্রার্থী : ঈশ্বরচন্দ্র শর্মা।
পরীক্ষক-২ : ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের উল্লেখযোগ্য পাঁচটি গ্রন্থের নাম বলুন।
প্রার্থী : বেতালপঞ্চবিংশতি, শকুন্তলা, বর্ণপরিচয়, পদ্য সংগ্রহ, ব্রজবিলাস।
পরীক্ষক-২ : সকল বাংলা অক্ষরের প্রথম নকশা প্রস্তুতকারী কে?
প্রার্থী : চার্লস উইলকিনস।
পরীক্ষক-৩ : প্যারীচাঁদ মিত্র রচিত প্রথম গ্রন্থ কোনটি?
প্রার্থী : আলালের ঘরের দুলাল, ১৮৫৭।

Ziillur Sir

পরীক্ষক-৩ : গ্রন্থটির বিষয়বস্তু কি ছিল?
প্রার্থী : তৎকালীন কোলকাতার জীবনযাত্রার বিচিত্র বৈশিষ্ট্য, বিদ্যা শিক্ষা, বিচার-আচার, ব্যবসায়-বাণিজ্য, মোসাহেব পরিবৃত ঐশ্বর্যশালী ব্যক্তির আড়ম্বরপূর্ণ বিলাসবহুল জীবনালেখ্য প্রভৃতি।
পরীক্ষক-৩ : একটা অনুবাদ করতে দেই। বলুন তো, 'এখন দশটা বেজে দশ মিনিট'-এর ইংরেজি কি?
প্রার্থী : It is ten minutes past ten now.
পরীক্ষক-৩ : ২০১৭ সালে সাহিত্যে কে নোবেল পুরস্কার লাভ করেছেন?
প্রার্থী : কাজুও ইশিগুরো।
বোর্ড চেয়ারম্যান : ধন্যবাদ। আপনি আসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

Scanned with CamScanner

## ◆ নমুনা সাক্ষাৎকার-১৬

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভিতরে আসতে পারি, স্যার।

বোর্ড চেয়ারম্যান : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন। আপনার নাম কি?

প্রার্থী : মোসাম্মৎ ফারজানা আহমেদ।

বোর্ড চেয়ারম্যান : আপনার জেলার নাম কি?

প্রার্থী : বগুড়া।

বোর্ড চেয়ারম্যান : বগুড়া জেলার কিছু ঐতিহাসিক স্থাপত্য নিদর্শনের নাম বলুন।

প্রার্থী : মহাস্থানগড়, বেহুলা-লক্ষীন্দরের বাসর ঘর, শীলা দেবীর ঘাট ইত্যাদি।

বোর্ড চেয়ারম্যান : মহাস্থানগড়ে কোন সভ্যতার নিদর্শন পাওয়া যায়?

প্রার্থী : বৌদ্ধ সভ্যতার প্রাচীন নিদর্শন পাওয়া যায়।

বোর্ড চেয়ারম্যান : মহাস্থানগড় কি জন্য বিখ্যাত?

প্রার্থী : বাংলাদেশের প্রাচীন নগর পুন্ড্রবর্ধনের ধ্বংসাবশেষ এবং মৌর্য ও গুপ্ত রাজবংশের পুরাকীর্তির জন্য।

পরীক্ষক-১ : খোদাই পাথর ভিটা কোথায় অবস্থিত?

প্রার্থী : মহাস্থানগড়ে। এখানে একটি সাড়ে নয় ফুট লম্বা ও প্রায় আড়াই ফুট চওড়া, আড়াই ফুট উঁচু এবং প্রায় ১০০ মন ওজনের একটি পাথর আছে যা খোদাই পাথর নামে পরিচিত।

পরীক্ষক-১ : সত্য পীরের ভিটা কোথায় অবস্থিত?

প্রার্থী : নওগাঁ জেলার সোমপুর বিহারের পূর্বদিকে।

পরীক্ষক-১ : বৈরাগীর ভিটা কোথায় অবস্থিত?

প্রার্থী : মহাস্থানগড়ে। এখানে খ্রিস্টীয় অষ্টম শতক এবং এগার শতকের তৈরি দুটি বৌদ্ধ মন্দির পাওয়া গেছে। এছাড়াও এখানে পাল আমলের বহু কীর্তির চিহ্ন এবং গুপ্তযুগের তৈরি মন্দিরের ধ্বংসাবশেষ পাওয়া গেছে।

পরীক্ষক-১ : কোন শহরকে 'সাত পাহাড়ের দেশ' বলা হয়?

প্রার্থী : রোম।

পরীক্ষক-২ : ইউরোপের ককপিট বলা হয় কোন দেশকে?

প্রার্থী : বেলজিয়ামকে।

পরীক্ষক-২ : ইউরোপের দ্বার বলা হয় কোন শহরকে?

প্রার্থী : ভিয়েনা (অস্ট্রিয়া)।

পরীক্ষক-২ : বলুন তো, 'আমি বগুড়া থেকে এসেছি'-এর ইংরেজি কি?

প্রার্থী : I have hailed from Bogra.

পরীক্ষক-২ : কোন দেশকে ইউরোপের প্লে গ্রাউন্ড বলা হয়?

প্রার্থী : সুইজারল্যান্ড।

পরীক্ষক-৩ : কোনটি চির শান্তির শহর নামে পরিচিত?

প্রার্থী : রোম।

পরীক্ষক-৩ : একটা নদী আছে যেটি বাংলাদেশ থেকে ভারতে প্রবেশ করেছে। নদীটির নাম কি?

প্রার্থী : কুলিক নদী।

Scanned with CamScanner

পরীক্ষক-৩ : কোন নদীর পূর্ব নাম কীর্তিনাশা?
প্রার্থী : পদ্মা।
পরীক্ষক-৩ : বলুন তো, ২-কে শূন্য দিয়ে ভাগ করলে কত হয়?
প্রার্থী : শূন্য।
পরীক্ষক-৩ : হাঃ হাঃ হাঃ। মজা পেলাম? আসলে কোলো সংখ্যাকে শূন্য দিয়ে ভাগ করা যায় না। যাই হোক, আপনি অনেক ভালো করেছেন। আপনাকে ধন্যবাদ। আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-১৭

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভেতরে আসব, স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়াআলাইকুমুস সালাম, আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম কি?
প্রার্থী : মোঃ তাসলিমুর রহমান।
পরীক্ষক-১ : আচ্ছা বলুন তো, আফগানিস্তানে কয়টি সমুদ্রবন্দর রয়েছে?
প্রার্থী : দুঃখিত স্যার, জানা নেই।
পরীক্ষক-১ : আফগানিস্তানে কোনো সমুদ্রই তো নেই, সমুদ্রবন্দর কিভাবে থাকবে। আচ্ছা, জাতিসংঘভুক্ত দেশগুলোর মধ্যে আয়তনে ক্ষুদ্রতম দেশের নাম বলতে পারবেন?
প্রার্থী : জী স্যার, মোনাকো।
পরীক্ষক-১ : বিশ্বে জাতীয় পতাকা অর্ধনমিত নিষিদ্ধ কতটি দেশে?
প্রার্থী : ২টি (সৌদি আরব ও ইরান)।
পরীক্ষক-১ : বিশ্বের কোন দেশে সাংবিধানিক প্রধান হিসেবে খলিফার পদ রয়েছে?
প্রার্থী : সংযুক্ত আরব আমিরাত।
পরীক্ষক-১ : বিশ্বের ইসলামী প্রজাতন্ত্র ঘোষিত দেশ কোনগুলো?
প্রার্থী : পাকিস্তান, ইরান, আফগানিস্তান ও মৌরিতানিয়া।
পরীক্ষক-২ : আয়তনের দিক থেকে এশিয়ার সবচেয়ে বড় দেশ কোনটি?
প্রার্থী : চীন।
পরীক্ষক-২ : দক্ষিণ এশিয়ার কোন দেশে সারাবছর বৃষ্টিপাত হয়?
প্রার্থী : শ্রীলংকায়।
পরীক্ষক-২ : লোহিত সাগর ও সুয়েজ খাল এশিয়াকে বিচ্ছিন্ন করেছে কোন মহাদেশ থেকে?
প্রার্থী : আফ্রিকা মহাদেশ।
পরীক্ষক-২ : এশিয়া ও ইউরোপের মিলিত নাম কি?
প্রার্থী : ইউরেশিয়া।
পরীক্ষক-২ : কোন মালভূমিকে পৃথিবীর ছাদ বলে?
প্রার্থী : পামির মালভূমি।

Scanned with CamScanner

পরীক্ষক-২ : চ্যানেল টানেল কি?
প্রার্থী : ইউরোপের সুড়ঙ্গ পথ।
পরীক্ষক-৩ : ইংল্যান্ডে ম্যাগনাকার্টা স্বাক্ষরিত হয় কবে?
প্রার্থী : ১২১৫ সালে।
পরীক্ষক-৩ : ইতালির নাবিক কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন কত সালে?
প্রার্থী : ১৪৯২ সালে।
পরীক্ষক-৩ : ফরাসি বিপ্লব কখন সংঘটিত হয়?
প্রার্থী : ১৭৮৯ সালে।
পরীক্ষক-৩ : ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম কি?
প্রার্থী : এলিসি প্রাসাদ।
পরীক্ষক-৩ : সাড়া জাগানো রুশ বিপ্লবের স্থায়িত্বকাল কত ছিল?
প্রার্থী : ১০ দিন।
বোর্ড চেয়ারম্যান : Dear ও Deer-এর অর্থ বলতে পারবেন?
প্রার্থী : জি। Dear অর্থ প্রিয় আর Deer অর্থ হরিণ।
বোর্ড চেয়ারম্যান : $2^4$= কত?
প্রার্থী : 16।
বোর্ড চেয়ারম্যান : ঠিক আছে, আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার। আসসালামু আলাইকুম।

## ◇ নমুনা সাক্ষাৎকার-১৮

প্রার্থী : আসসালামু আলাইকুম। আসতে পারি, স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ।
বোর্ড চেয়ারম্যান : আপনার নাম—
প্রার্থী : শামীমা আক্তার।
বোর্ড চেয়ারম্যান : আচ্ছা শামীমা বলুন তো, ২৫ মে ২০০৯ উপকূলে আঘাত হানা ঘূর্ণিঝড় আইলার অর্থ কি?
প্রার্থী : আইলা হলো ডলফিন বা শুশুক জাতীয় প্রাণী।
বোর্ড চেয়ারম্যান : আপনি একজন নারী। বলুন তো দেশের প্রথম নারী এমপির নাম কি?
প্রার্থী : হোসনে আরা বেগম।
পরীক্ষক-১ : ভাসমান স্কুল কি?
প্রার্থী : পানিতে ভাসমান নৌকায় বসবাসকারী শিশুদের জন্য সরকার অনুমোদিত স্কুল।
পরীক্ষক-১ : ইংরেজিতে বানান বলুন তো 'নিউমোনিয়া'।
প্রার্থী : Pneumonia।
পরীক্ষক-১ : বলুন তো বর্তমান বাংলাদেশের মাথাপিছু আয় কত?
প্রার্থী : বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৯ সালের তথ্য মতে ১,৯০৯ মার্কিন ডলার।

Scanned with CamScanner

পরীক্ষক-১ : ড. মুহাম্মদ ইউনূস কোন সালে শান্তিতে নোবেল পুরস্কার পান?
প্রার্থী : ২০০৬ সালে।
পরীক্ষক-২ : এন্ড্রয়েডের প্রথম সংস্করণের নাম কি?
প্রার্থী : এ্যাপল পেস্ট্রি।
পরীক্ষক-২ : এটি কে সম্পাদন করেছেন?
প্রার্থী : হাসান আজিজুল হক
পরীক্ষক-২ : যুক্তরাষ্ট্রের জাতির জনক কে?
প্রার্থী : জর্জ ওয়াশিংটন।
পরীক্ষক-২ : বলুন তো, ভারতের ত্রিপুরা থেকে পৃথক হয়েছে কোন প্রজাতি?
প্রার্থী : পদ্ম প্রজাতি।
পরীক্ষক-২ : বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নরের নাম বলুন তো?
প্রার্থী : বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নর ফজলে কবির।
পরীক্ষক-৩ : তৃতীয় শিক্ষানীতি প্রণয়ন সম্পর্কে কিছু বলুন।
প্রার্থী : শিক্ষানীতি ২০০০-কে অধিকতর সময়োপযোগী করার লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য জাতীয় অধ্যাপক কবীর চৌধুরীকে প্রধান করে ১৬ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করেছে সরকার। ড. কুদরাত-এ-খুদা শিক্ষা কমিশনের আলোকে ২০০০ সালে প্রণীত ড. শামসুল হক শিক্ষানীতিকে যুগোপযোগী করার লক্ষ্যে এ কমিটি কাজ করে।
পরীক্ষক-৩ : বলতে পারেন LTTE গেরিলা সংগঠন কোন দেশের?
প্রার্থী : দ্বীপরাষ্ট্র শ্রীলংকার।
পরীক্ষক-৩ : বলুন তো, টিপাইমুখ বাঁধ ভারতের কোন রাজ্যে নির্মিত হচ্ছে?
প্রার্থী : মণিপুর রাজ্যে।
পরীক্ষক-৩ : বর্তমান বিশ্বের শীর্ষ ধনী ব্যক্তি কে?
প্রার্থী : যুক্তরাষ্ট্রের ই-কমার্স প্রতিষ্ঠান আমাজন.কম-এর প্রতিষ্ঠাতা জেফ বেজোস (যুক্তরাষ্ট্র)।
পরীক্ষক-৩ : অসলো বিজনেস শান্তি পুরস্কার লাভ করেন কোন বাংলাদেশী?
প্রার্থী : সেলিনা আহমাদ।
পরীক্ষক-৩ : বলুন তো ভারতের বর্তমান প্রধানমন্ত্রীর নাম কি?
প্রার্থী : নরেন্দ্র মোদি।
বোর্ড চেয়ারম্যান : ধন্যবাদ শাহীনা আক্তার, আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামু আলাইকুম।

## ◆ নমুনা সাক্ষাৎকার-১৯

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভেতরে আসবো, স্যার?
বোর্ড চেয়ারম্যান : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন। আপনার নাম কি?
প্রার্থী : মোহাম্মদ শাহাদত হুসেন।
বোর্ড চেয়ারম্যান : আপনার নামের সাথে বাংলাদেশের একজন রেকর্ডধারী বোলারের নামের মিল রয়েছে, তার নাম কি?
প্রার্থী : একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে হ্যাটট্রিককারী বোলার মোহাম্মদ শাহাদত হোসেন।

Scanned with CamScanner

পরীক্ষক-১ : বাংলাদেশ ওয়ানডে স্ট্যাটাস লাভ করে কবে?
প্রার্থী : ১৫ জুন ১৯৯৭।
পরীক্ষক-১ : বাংলাদেশ টেস্ট স্ট্যাটাস লাভ করে কবে?
প্রার্থী : ২৬ জুন ২০০০।
পরীক্ষক-১ : টেস্ট ক্রিকেট ও ওয়ানডেতে দুটি করে হ্যাটট্রিক করার গৌরব অর্জন করেছেন কোন বোলার?
প্রার্থী : ওয়াসিম আকরাম (পাকিস্তান)।
পরীক্ষক-১ : ওয়ানডে ও টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ সেঞ্চুরিয়ান কে?
প্রার্থী : শচীন টেন্ডুলকার (ভারত)।
পরীক্ষক-১ : ওয়ানডে ক্রিকেটে তিনটি হ্যাটট্রিককারী বোলার কে?
প্রার্থী : লাসিথ মালিঙ্গা, শ্রীলংকা।
পরীক্ষক-১ : বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কখন থেকে চালু করা হয়?
প্রার্থী : ১ জানুয়ারি ১৯৯২ (প্রাথমিকভাবে ৬৮টি উপজেলায়)।
পরীক্ষক-২ : কবে থেকে দেশব্যাপী বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয়েছে?
প্রার্থী : ১ জানুয়ারি ১৯৯৩।
পরীক্ষক-২ : বাংলাদেশে প্রাথমিক শিক্ষা আইন জারি হয় কবে?
প্রার্থী : ১৯৭৪ সালে।
পরীক্ষক-২ : এ দেশে প্রথম কোন শিক্ষা কমিশন প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক, সর্বজনীন ও বাধ্যতামূলক করার জন্য সুপারিশ করে?
প্রার্থী : কুদরাত-এ-খুদা কমিশন, ১৯৭৪।
পরীক্ষক-২ : প্রাথমিক শিক্ষা (বাধ্যতাকরণ) আইন কোন সালে পাস হয়?
প্রার্থী : ১৯৯০ সালে।
পরীক্ষক-২ : আমাদের প্রাথমিক শিক্ষার প্রধান সমস্যা কোনটি?
প্রার্থী : ছাত্র-ছাত্রীদের ঝরে পড়া।
পরীক্ষক-৩ : 'ক্লাস্টারিং' পদ্ধতিতে প্রশিক্ষণ দেন কে?
প্রার্থী : পিটিআই ইন্সট্রাক্টর।
পরীক্ষক-৩ : কখন থেকে সরকারিভাবে দেশে পূর্ণাঙ্গ গণশিক্ষা কার্যক্রম চালু করা হয়?
প্রার্থী : ১৯৮৭ সাল থেকে।
পরীক্ষক-৩ : প্রথম বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় কতটি উপজেলায়?
প্রার্থী : ৬৮টি।
পরীক্ষক-৩ : 'Deer' শব্দটি Singular নাকি Plural?
প্রার্থী : উভয়ই।
পরীক্ষক-৩ : যে কোনো আকারের ত্রিভুজ-এর ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র বলুন তো?
প্রার্থী : $\sqrt{s(s-a)(s-b)(s-c)}$
বোর্ড চেয়ারম্যান : ধন্যবাদ, আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার। আসসালামু আলাইকুম।

Scanned with CamScanner

## ◈ নমুনা সাক্ষাৎকার-২০

প্রার্থী : আসসালামু আলাইকুম।
বোর্ড চেয়ারম্যান : ওয়াআলাইকুম সালাম। আসুন, বসুন। আপনার নাম কি?
প্রার্থী : আতিয়া আমাতুন।
বোর্ড চেয়ারম্যান : আপনার সনদপত্রে দেখা যাচ্ছে আপনি এইচএসসি বিজ্ঞান বিভাগ থেকে পাস করেছেন।
প্রার্থী : জি স্যার।
বোর্ড চেয়ারম্যান : আচ্ছা, বলুন তো, ড্রাই আইস কি?
প্রার্থী : কঠিন অবস্থার কার্বন ডাই-অক্সাইড।
বোর্ড চেয়ারম্যান : কোন সর্বোচ্চ শ্রুতিসীমার ওপরে মানুষ বধির হতে পারে?
প্রার্থী : ১০৫ ডেসিবল।
পরীক্ষক-১ : দৃশ্যমান বর্ণালীর ক্ষুদ্রতম তরঙ্গ দৈর্ঘ্য কোন রঙের আলোর?
প্রার্থী : বেগুনি।
পরীক্ষক-১ : আকাশে বিজলী চমকায় কেন?
প্রার্থী : মেঘের অসংখ্য পানি ও বরফ কণার মধ্যে চার্জ সঞ্চিত হলে।
পরীক্ষক-১ : আচ্ছা বলুন তো, ডেঙ্গু কি?
প্রার্থী : ডেঙ্গু ভাইরাসজনিত একটি জ্বর।
পরীক্ষক-১ : ডেঙ্গুজ্বর কয় ধরনের ও কি কি?
প্রার্থী : দু ধরনের। ক্লাসিক্যাল বা সাধারণ ডেঙ্গুজ্বর ও হেমোরেজিক ডেঙ্গুজ্বর।
পরীক্ষক-১ : ক্ল্যাসিক্যাল এবং হেমোরেজিক ডেঙ্গুজ্বরের মধ্যে কোনটি মারাত্মক?
প্রার্থী : হেমোরেজিক ডেঙ্গুজ্বর খুবই মারাত্মক। একে রক্তক্ষরণকারী ডেঙ্গুজ্বরও বলা হয়।
পরীক্ষক-১ : ডেঙ্গুজ্বরের বাহক মশার নাম কি?
প্রার্থী : এডিস মশা।
পরীক্ষক-২ : Fall out-এর অর্থ কি?
প্রার্থী : ঝরে পড়া।
পরীক্ষক-২ : NAPE-এর পূর্ণরূপ লিখুন।
প্রার্থী : National Academy for Primary Education.
পরীক্ষক-২ : এটি কোথায় অবস্থিত?
প্রার্থী : ময়মনসিংহে।
পরীক্ষক-৩ : সঠিক কোনটি– PTI নাকি PTTI?
প্রার্থী : PTI.
পরীক্ষক-৩ : PTI-এর পূর্ণরূপ বলুন।
প্রার্থী : Primary Teachers Training Institute.
পরীক্ষক-৩ : ইংরেজিতে বানান করুন তো 'ফর্টি'?
প্রার্থী : Forty।
বোর্ড চেয়ারম্যান : ধন্যবাদ। আপনি আসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার, আসসালামু আলাইকুম।

Scanned with CamScanner

## ❖ নমুনা সাক্ষাৎকার-২১

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভেতরে আসতে পারি, স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন। আপনার নাম কি?
প্রার্থী : মোঃ ইমরান হোসাইন।
পরীক্ষক : আপনি কোথায় পড়াশোনা করেছেন?
প্রার্থী : আমি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে মাস্টার্স করেছি।
পরীক্ষক : আচ্ছা বলুন OIC কত সালে প্রতিষ্ঠিত হয় এবং পূর্ণরূপ কি?
প্রার্থী : ২৫ সেপ্টেম্বর ১৯৬৯ এবং এর পূর্ণরূপ— Organization of Islamic Cooperation.
পরীক্ষক : কোন আন্তর্জাতিক সংস্থার সদর দপ্তর বাংলাদেশে অবস্থিত?
প্রার্থী : CIRDAP (Centre on Integrated Rural Development for Asia and the Pacific).
পরীক্ষক : প্রাথমিক শিক্ষাস্তরে অর্জন উপযোগী প্রান্তিক যোগ্যতা মোট কয়টি?
প্রার্থী : ২৯টি (পূর্বে ছিল ৫৩টি, পরে করা হয় ৫০টি)।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, জাতিসংঘের বর্তমান মহাসচিব কে এবং কততম?
প্রার্থী : পর্তুগালের নাগরিক অ্যান্টনিও গুতেরেস, ৯ম মহাসচিব।
পরীক্ষক : এবার বলুন, আমাদের মুক্তিযুদ্ধে অবদানের জন্য কতজনকে বীরশ্রেষ্ঠ উপাধি দেয়া হয়েছে?
প্রার্থী : ৭ (সাত) জনকে।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, কিন্ডারগার্টেন পদ্ধতির জনক কে?
প্রার্থী : ফ্রোয়েবল (জার্মানি)।
পরীক্ষক : দেশের প্রথম শিক্ষা কমিশনের নাম কি?
প্রার্থী : ড. কুদরত-এ-খুদা শিক্ষা কমিশন।
পরীক্ষক : বর্তমান রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এডভোকেট কততম রাষ্ট্রপতি?
প্রার্থী : ২০তম।
পরীক্ষক : জাতীয় 'ই-তথ্যকোষ' কবে উদ্বোধন করা হয়?
প্রার্থী : ২৭ ফেব্রুয়ারি ২০১১।
পরীক্ষক : প্রথম 'প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা' অনুষ্ঠিত হয় কবে?
প্রার্থী : ২১, ২২ ও ২৪ নভেম্বর ২০০৯।
পরীক্ষক : অর্থনৈতিক সমীক্ষা ২০১৯ অনুসারে বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা কত?
প্রার্থী : ১৬ কোটি ৩৭ লাখ।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বনাঞ্চল কোনটি?
প্রার্থী : সুন্দরবন।
পরীক্ষক : 'অপরাজেয়-৭১' স্মৃতিসৌধ কোথায় অবস্থিত?
প্রার্থী : ঠাকুরগাঁও।
পরীক্ষক : এবার বলুন, ২০১৬ সালের T20 বিশ্বকাপে কোন দেশ চ্যাম্পিয়ন হয়?
প্রার্থী : ওয়েস্ট ইন্ডিজ।

Scanned with CamScanner

পরীক্ষক : আপনি তো অর্থনীতির ছাত্র, আচ্ছা বলুন তো দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কি বোঝেন?
প্রার্থী : দারিদ্র্যের দুষ্টচক্র প্রত্যয়টির প্রবক্তা হলেন প্রফেসর নার্কস। নার্কসের মতে, 'A country is poor because it is poor.' অনুন্নত দেশের উৎপাদন কম বলে আয় কম, আয় কম বলে সঞ্চয় কম, সঞ্চয় কম বলে বিনিয়োগ কম এবং বিনিয়োগ কম বলে মূলধন কম। অর্থাৎ দারিদ্র্য চক্রাকারে আবর্তিত হয়।
পরীক্ষক : Micro Economics কি?
প্রার্থী : যে অর্থনীতিতে ব্যক্তি বা ব্যক্তিবর্গ, প্রতিষ্ঠান বা পরিবারের অর্থনৈতিক আচরণ নিয়ে আলোচনা করা হয় তা Micro Economics। অর্থ ব্যবস্থার অংশবিশেষের আলোচনা করা হয় Micro Economics বা ব্যষ্টিক অর্থনীতিতে।
পরীক্ষক : বলুন তো সামষ্টিক অর্থনীতি কি?
প্রার্থী : সামষ্টিক বা বৃহৎ অর্থনীতি হলো- উৎপাদন ব্যবস্থার স্বতন্ত্র কোনো বিষয়ে আলোচনা না করে সমগ্র অর্থনৈতিক ব্যবস্থা নিয়ে আলোচনা করা। অর্থাৎ যে বিষয়ে কোনো দেশের অর্থব্যবস্থা সম্পর্কে সামগ্রিকভাবে আলোচনা করা হয়, তাকে সামষ্টিক অর্থনীতি বলে।
পরীক্ষক : এখন বলুন, ইসলাম বলতে কি বোঝেন?
প্রার্থী : ইসলাম শব্দের অর্থ আনুগত্য ও আত্মসমর্পণ করা, শান্তির পথে চলা। আল্লাহর প্রতি আন্তরিকভাবে বিশ্বাস করে তার কাছে পূর্ণ আনুগত্য ও আত্মসমর্পণ করা। বিনা দ্বিধায় তার আদেশ নিষেধ মেনে চলা এবং তার দেয়া বিধান অনুসারে জীবন যাপন করাকেই ইসলাম বলে।
পরীক্ষক : ধন্যবাদ। আপনি এখন আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-২২

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভেতরে আসব, স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন।
পরীক্ষক : আপনার নাম বলুন।
প্রার্থী : মোঃ বেলায়েত হোসেন।
পরীক্ষক : আপনি কোথায় পড়াশোনা করেছেন?
প্রার্থী : আমি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ইসলামের ইতিহাসে মাস্টার্স করেছি।
পরীক্ষক : আচ্ছা আপনি বলুন তো, হাদীস কাকে বলে?
প্রার্থী : শরীয়তের পরিভাষায়, মহানবী (স)-এর বাণী, কর্ম ও তাঁর মৌনসম্মতিকে হাদীস বলা হয়।
পরীক্ষক : হাদীস কত প্রকার ও কি কি?
প্রার্থী : হাদীস প্রধানত তিন প্রকার। যথা- ১. কাওলী হাদীস, ২. ফি'লী হাদীস, ৩. তাকরীরি হাদীস।
পরীক্ষক : আচ্ছা বলুন তো 'হোয়াইট ওয়াস' (Whitewash) শব্দটি কোন খেলার সাথে জড়িত?
প্রার্থী : ক্রিকেট খেলার সাথে।
পরীক্ষক : বাংলাদেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় কখন?
প্রার্থী : ১ জানুয়ারি ১৯৯২ (প্রাথমিকভাবে ৬৮টি উপজেলায়)।
পরীক্ষক : বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশন 'কুদরত-এ-খুদা শিক্ষা কমিশন' কবে গঠিত হয়?
প্রার্থী : ২৬ জুলাই ১৯৭২।

Scanned with CamScanner

পরীক্ষক : এবার বলুন, ভিটামিন 'ডি' এর অভাবে কোন রোগ হয়?
প্রার্থী : শিশুর রিকেট রোগ হয়।
পরীক্ষক : বাংলাদেশে গ্রহণযোগ্য আর্সেনিকের মাত্রা কত?
প্রার্থী : ০.০৫ মিলিগ্রাম/লিটার (WHO-এর তথ্যমতে, ০.০১ মিলিগ্রাম/লিটার)।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, খাবার স্যালাইন আবিষ্কার করে কোন প্রতিষ্ঠান?
প্রার্থী : ICDDR,B।
পরীক্ষক : বিশ্বের বৃহত্তম সমুদ্র সৈকত কোনটি?
প্রার্থী : কক্সবাজার (দৈর্ঘ্য ১২০ কিমি)।
পরীক্ষক : মুক্তিযুদ্ধে অবদানের জন্য কতজন মহিলাকে 'বীরপ্রতীক' উপাধি দেয়া হয়?
প্রার্থী : ২ জন (তারামন বিবি ও ডা. সিতারা বেগম)।
পরীক্ষক : এবার বলুন, GDP-এর পূর্ণ অভিব্যক্তি কি?
প্রার্থী : Gross Domestic Product.
পরীক্ষক : NNI-এর পূর্ণ অভিব্যক্তি কি?
প্রার্থী : Net National Income.
পরীক্ষক : আচ্ছা, বলুন তো মুদ্রাস্ফীতি কি?
প্রার্থী : এটি এমন একটি অবস্থা যখন অর্থের মূল্য ক্রমাগত কমে আসে এবং দ্রব্যমূল্য ক্রমাগত বেড়ে যায়।
পরীক্ষক : ধন্যবাদ। আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-২৩

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভেতরে আসব, স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন।
পরীক্ষক : আপনার নাম বলুন।
প্রার্থী : মোঃ আবুল কালাম খান।
পরীক্ষক : আপনি কোন বিষয়ে পড়াশুনা করেছেন?
প্রার্থী : আমি জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাস বিষয়ে অনার্স করেছি।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, ছিটমহল বলতে কি বোঝায়?
প্রার্থী : একটি স্বাধীন দেশের অভ্যন্তরে পার্শ্ববর্তী বা সীমান্তবর্তী অন্য কোনো স্বাধীন দেশের বিচ্ছিন্নভাবে থেকে যাওয়া ভূ-খণ্ডকে ছিটমহল বলে।
পরীক্ষক : বাংলাদেশ রাইফেলস্ (BDR)-এর বর্তমান নাম কি?
প্রার্থী : বর্ডার গার্ড বাংলাদেশ (BGB)।
পরীক্ষক : কোন গ্রন্থে সর্বপ্রথম 'বঙ্গ' দেশের নাম পাওয়া যায়?
প্রার্থী : ঋগ্বেদের 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে।
পরীক্ষক : প্রাচীন 'পুণ্ড্র' জনপদ বর্তমান কোন কোন অঞ্চল নিয়ে গড়ে উঠেছিল?
প্রার্থী : বগুড়া (মহাস্থানগড়), রাজশাহী, রংপুর ও দিনাজপুর অঞ্চল নিয়ে এ জনপদ গড়ে উঠেছিল। বগুড়ার মহাস্থানগড়ে সে সময় এ জনপদের রাজধানী ছিল 'পুণ্ড্রনগর' নামে।
পরীক্ষক : আচ্ছা এবার বলুন তো, FAO এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
প্রার্থী : রোম, ইতালি।



Scanned with CamScanner

**পরীক্ষক** : বাংলাদেশের সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করা হয়?

**প্রার্থী** : পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে (৩০ জুন ২০১১)।

**পরীক্ষক** : এবার বলুন, Bank draft কি?

**প্রার্থী** : কোনো ব্যাংক অন্য কোনো ব্যাংক বা নিজস্ব ব্যাংকের অন্য কোনো শাখার ওপর নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করার জন্য যে আদেশপত্র প্রদান করে, তাকে Bank draft বলে।

**পরীক্ষক** : আচ্ছা, Over draft বলতে কি বোঝেন?

**প্রার্থী** : ব্যাংকে গচ্ছিত জমা টাকার অতিরিক্ত টাকা তোলাকে Over draft বলে।

**পরীক্ষক** : মুদ্রার অবমূল্যায়ন কি বলতে পারেন?

**প্রার্থী** : আমদানি-রপ্তানি লেনদেনের ভারসাম্য রক্ষার জন্য সরকার কর্তৃক দেশিয় মুদ্রামান কমিয়ে নির্ধারণ করাকে মুদ্রার অবমূল্যায়ন বলে।

**পরীক্ষক** : বাংলাদেশের নিকাশ ঘর হিসেবে কাজ করে কোন ব্যাংক?

**প্রার্থী** : বাংলাদেশ ব্যাংক।

**পরীক্ষক** : বাংলাদেশ ব্যাংক কবে প্রতিষ্ঠিত হয়?

**প্রার্থী** : ১৬ ডিসেম্বর ১৯৭১ (স্টেট ব্যাংক অব পাকিস্তান-এর উত্তরসূরি হিসেবে যাত্রা করে।)

**পরীক্ষক** : বাংলাদেশ ব্যাংকের প্রধান কাজ কোনটি?

**প্রার্থী** : নোট চালু করা।

**পরীক্ষক** : বিশ্বের ১৯৫তম স্বাধীন দেশ কোনটি?

**প্রার্থী** : দক্ষিণ সুদান; ৯ জুলাই ২০১১ স্বাধীনতা লাভ করে।

**পরীক্ষক** : ধন্যবাদ। আপনি এখন আসতে পারেন।

**প্রার্থী** : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ◇ নমুনা সাক্ষাৎকার-২৪

**প্রার্থী** : আসসালামু আলাইকুম। ভেতরে আসতে পারি?

**পরীক্ষক** : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন। আপনার নাম কি?

**প্রার্থী** : মোঃ কবির হোসেন।

**পরীক্ষক** : আপনি কোথা থেকে পাস করেছেন?

**প্রার্থী** : আমি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞানে এমএ করেছি।

**পরীক্ষক** : সমাজতন্ত্র বলতে কি বোঝায়?

**প্রার্থী** : যে ব্যবস্থায় ব্যক্তিমালিকানার পরিবর্তে যাবতীয় উৎপাদনের উপাদান বা উপকরণের ওপর সামাজিক বা রাষ্ট্রীয় কর্তৃত্ব ও মালিকানা থাকে তাকে সমাজতন্ত্র বলে। এখানে ব্যক্তিগত মুনাফার কোনো স্থান নেই।

**পরীক্ষক** : সমাজতন্ত্রের প্রধান বৈশিষ্ট্য উল্লেখ করুন।

**প্রার্থী** : সমাজতন্ত্রের প্রধান বৈশিষ্ট্যগুলো হলো– ১. ব্যক্তিগত মালিকানার অবসান, ২. সামাজিক কল্যাণ, ৩. কেন্দ্রীয় অর্থনৈতিক পরিকল্পনা, ৪. জাতীয় আয়ের সুষম বণ্টন।

**পরীক্ষক** : এবার বলুন তো, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে 'জুলিও কুরি' শান্তি পুরস্কার লাভ করেন?

**প্রার্থী** : ১৯৭২ সালের ১০ অক্টোবর।

Scanned with CamScanner

পরীক্ষক : মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?
প্রার্থী : ১১টি।
পরীক্ষক : নির্মিতব্য পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?
প্রার্থী : ৬.১৫ কিলোমিটার।
পরীক্ষক : খানজাহান আলী সেতু কোন নদীর উপর নির্মিত?
প্রার্থী : রূপসা নদী।
পরীক্ষক : বাংলাদেশ কবে ক্রিকেটে টেস্ট স্ট্যাটাস লাভ করে?
প্রার্থী : ২৬ জুন ২০০০।
পরীক্ষক : OIC-এর বর্তমান প্রেসিডেন্ট কে?
প্রার্থী : তুরস্কের প্রেসিডেন্ট রেসেপ তায়েপ এরদোগান (১৪ এপ্রিল ২০১৬-বর্তমান)।
পরীক্ষক : জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা কত?
প্রার্থী : ১৯৩ (সর্বশেষ সদস্য দক্ষিণ সুদান; ১৪ জুলাই ২০১১)।
পরীক্ষক : ইংরেজি করুন : 'মুষলধারে বৃষ্টি হচ্ছে'।
প্রার্থী : It is raining cats and dogs.
পরীক্ষক : 'চর তুফানিয়া' দ্বীপ কোথায় অবস্থিত?
প্রার্থী : পটুয়াখালী।
পরীক্ষক : বাংলাদেশে প্রাথমিক শিক্ষা কত বছর মেয়াদি?
প্রার্থী : ৫ বছর (তবে শিক্ষানীতি ২০১০ অনুসারে, প্রাথমিক শিক্ষাস্তর ৮ম শ্রেণী পর্যন্ত করায় বর্তমানে ৮ বছর হয়েছে)।
পরীক্ষক : এবার বলুন, প্রথম বাংলাদেশী এভারেস্ট বিজয়ীর নাম কি?
প্রার্থী : মুসা ইব্রাহীম (লালমনিরহাট)।
পরীক্ষক : বাংলাদেশের জাতীয় সংসদে বর্তমানে সংরক্ষিত মহিলা আসন কতটি?
প্রার্থী : ৫০টি।
পরীক্ষক : খন্দকের যুদ্ধে মহানবী (স) কার পরামর্শক্রমে পরিখা খনন করেছিলেন?
প্রার্থী : হযরত সালমান ফারসি (রা)-এর পরামর্শক্রমে।
পরীক্ষক : হুদায়বিয়ার সন্ধির সময় হযরত মুহাম্মদ (স)-এর সাথে কতজন সাথী ছিলেন?
প্রার্থী : প্রায় চৌদ্দশ।
পরীক্ষক : ধন্যবাদ। আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-২৫

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভেতরে আসতে পারি, স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন। আপনার নাম কি?
প্রার্থী : মোছাঃ নিলুফার ইয়াসমিন।
পরীক্ষক : আপনার জেলার নাম বলুন।
প্রার্থী : সিলেট।

Scanned with CamScanner

পরীক্ষক : সিলেট জেলার দুজন বিশিষ্ট ব্যক্তির নাম বলুন।
প্রার্থী : হযরত শাহজালাল (র) এবং হযরত শাহপরান (র)।
পরীক্ষক : আপনি কোথায় পড়াশোনা করেছেন?
প্রার্থী : আমি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে দর্শনে মাস্টার্স করেছি।
পরীক্ষক : বলুন তো, শিক্ষা কি?
প্রার্থী : সাধারণ অর্থে জ্ঞান বা দক্ষতা অর্জনই হলো শিক্ষা। ব্যাপক অর্থে পদ্ধতিগত জ্ঞান লাভের প্রক্রিয়াকেই শিক্ষা বলে।
পরীক্ষক : আচ্ছা এবার বলুন, শিখন কি?
প্রার্থী : অতীত অভিজ্ঞতা এবং প্রশিক্ষণের মাধ্যমে নতুন বিষয় আয়ত্ত করা এবং আচরণধারা পরিবর্তনের প্রক্রিয়ার নাম শিখন।
পরীক্ষক : বাংলাদেশের মৎস্য আইনে কত সেন্টিমিটারের কম রুই (কার্প) জাতীয় মাছ ধরা নিষেধ?
প্রার্থী : ২৩ সেন্টিমিটার।
পরীক্ষক : বাংলাদেশকে প্রথম স্বীকৃতিদানকারী দেশ কোনটি?
প্রার্থী : ভুটান, ৬ ডিসেম্বর ১৯৭১।
পরীক্ষক : অর্থনৈতিক সমীক্ষা ২০১৯ অনুসারে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কত?
প্রার্থী : ১.৩৭%।
পরীক্ষক : বাংলাদেশের জাতীয় সংসদের বর্তমান আসন সংখ্যা মোট কতটি?
প্রার্থী : ৩৫০টি (সংরক্ষিত মহিলা আসন ৫০টিসহ)।
পরীক্ষক : WTO-এর পূর্ণ অভিব্যক্তি বলুন?
প্রার্থী : World Trade Organization.
পরীক্ষক : ইংরেজি করুন : 'সে দিন আনে দিন খায়।'
প্রার্থী : He/She lives from hand to mouth.
পরীক্ষক : আচ্ছা বলুন তো, এশিয়া কাপ ক্রিকেট ২০১৮-এর চ্যাম্পিয়ন কোন দেশ?
প্রার্থী : ভারত।
পরীক্ষক : এবার বলুন, জাতিসংঘের সদর দপ্তর কোথায়?
প্রার্থী : নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
পরীক্ষক : এ পর্যন্ত বাংলাদেশের সংবিধান কতবার সংশোধন করা হয়েছে?
প্রার্থী : ১৭ বার।
পরীক্ষক : সিলেট শহর কোন নদীর তীরে অবস্থিত?
প্রার্থী : সুরমা নদী।
পরীক্ষক : 'সুধারাম' কোন জেলার পূর্বনাম?
প্রার্থী : নোয়াখালী জেলা।
পরীক্ষক : অর্থনৈতিক উন্নয়ন কি?
প্রার্থী : নোবেল বিজয়ী বাঙালি অর্থনীতিবিদ অমর্ত্য সেনের মতে, উৎপাদন ও প্রবৃদ্ধিনির্ভর অর্থনৈতিক অগ্রগতি, যার দ্বারা সমাজের সংখ্যাগরিষ্ঠ দরিদ্র ও বঞ্চিত মানুষ উপকৃত হয়, তা-ই অর্থনৈতিক উন্নয়ন।

Scanned with CamScanner

পরীক্ষক : অমর্ত্য সেন উন্নয়নের জন্য কয়টি আবশ্যিক শর্তের কথা বলেছেন?

প্রার্থী : পাঁচটি। যথা : ১. সামাজিক, ২. রাজনৈতিক, ৩. বাজার ব্যবস্থা, ৪. পদ্ধতিগত সুযোগ ও ৫. অসহায় শ্রেণির সুরক্ষার স্বাধীনতা।

পরীক্ষক : অর্থনৈতিক প্রবৃদ্ধি কি?

প্রার্থী : অর্থনৈতিক প্রবৃদ্ধি এমন একটা প্রক্রিয়া, যার দ্বারা দেশের জাতীয় আয় ও মাথাপিছু প্রকৃত আয়ের অপরিবর্তনীয় বাৎসরিক বৃদ্ধি বোঝায়।

পরীক্ষক : ধন্যবাদ। আপনি এখন আসুন।

প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ◇ নমুনা সাক্ষাৎকার-২৬

প্রার্থী : আসসালামু আলাইকুম, আমি আসব স্যার?

পরীক্ষক : ওয়াআলাইকুমুস সালাম। আসুন, বসুন।

প্রার্থী : ধন্যবাদ, স্যার।

পরীক্ষক : আপনার নাম কি?

প্রার্থী : ওবায়দুল হক মিলন।

পরীক্ষক : আপনার বাড়ি কোন জেলায়?

প্রার্থী : বরিশাল জেলায়।

পরীক্ষক : আচ্ছা বলুন তো, বরিশালের প্রাচীন নাম কি?

প্রার্থী : চন্দ্রদ্বীপ।

পরীক্ষক : মুক্তিযুদ্ধ জাদুঘর কোথায় অবস্থিত?

প্রার্থী : আগারগাঁও, ঢাকা।

পরীক্ষক : মুক্তিযুদ্ধে অবদানের জন্য উপাধিপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা কত?

প্রার্থী : ৬৭৬ জন। এর মধ্যে বীরশ্রেষ্ঠ—৭ জন, বীরউত্তম—৬৮ জন, বীরবিক্রম—১৭৫ জন এবং বীরপ্রতীক—৪২৬ জন।

পরীক্ষক : মুক্তিযুদ্ধের ওপর লিখিত তিনটি বইয়ের নাম বলুন।

প্রার্থী : ১. আগুনের পরশমণি—হুমায়ূন আহমেদ।
২. আমি বিজয় দেখেছি—এম. আর. আখতার মুকুল।
৩. ইতিহাসের রক্ত পলাশ — আবদুল গাফ্ফার চৌধুরী।

পরীক্ষক : কোন বাংলাদেশী দ্বিতীয় এভারেস্ট বিজয়ী হিসেবে ইতিহাসের পাতায় নাম লিখান?

প্রার্থী : এম এ মুহিত (ভোলা)।

পরীক্ষক : আচ্ছা বলুন তো, জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন কে?

প্রার্থী : রাষ্ট্রপতি।

পরীক্ষক : এবার বলুন, সুন্দরবনকে কোন সংস্থা বিশ্ব ঐতিহ্য ঘোষণা করে?

প্রার্থী : জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা বা UNESCO.

পরীক্ষক : UNESCO-এর বর্তমান সদস্য সংখ্যা কত?

প্রার্থী : ১৯৩।

পরীক্ষক : 'গ্রিনপিস' কি?

প্রার্থী : আন্তর্জাতিক পরিবেশবাদী সংগঠন।

Scanned with CamScanner

পরীক্ষক : 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির গীতিকার কে?
প্রার্থী : আবদুল গাফফার চৌধুরী।
পরীক্ষক : স্যাটেলাইট স্কুল কি?
প্রার্থী : 'সবার জন্য শিক্ষা' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে পাঠদানের জন্য প্রতিষ্ঠিত স্কুল।
পরীক্ষক : 'White Gold' বলতে কি বুঝেন?
প্রার্থী : বাংলাদেশের চিংড়ি সম্পদকে।
পরীক্ষক : Interpol কর্তৃক প্রকাশিত জার্নালের নাম বলুন।
প্রার্থী : International Criminal Police Review.
পরীক্ষক : এ দেশে আনসার বাহিনী কখন গঠন করা হয়?
প্রার্থী : ১৯৪৮ সালে একটি অধ্যাদেশের মাধ্যমে।
পরীক্ষক : বাংলাদেশে ব্যাটেলিয়ন আনসার ও ভিডিপি কবে গঠন করা হয়?
প্রার্থী : ১৯৭৬ সালে।
পরীক্ষক : ঐতিহাসিক প্রথম টেস্ট ক্রিকেট ম্যাচে বাংলাদেশ কোন দেশের বিপক্ষে খেলেছিল?
প্রার্থী : ভারতের।
পরীক্ষক : রামাল্লা কোথায় অবস্থিত?
প্রার্থী : ফিলিস্তিনে।
পরীক্ষক : ট্যারিফ কমিশন কি?
প্রার্থী : ট্যারিফ কমিশন হলো সরকারের একটি সংস্থা, যার কাজ দেশিয় শিল্পের স্বার্থ রক্ষা, বিনিয়োগে উৎসাহ প্রদান করা।
পরীক্ষক : রেড ফ্ল্যাগ (Red Flag) কি?
প্রার্থী : বিপদের সংকেত দানকারী লাল পতাকা।
পরীক্ষক : প্যাট্রোল (Patrol) কি?
প্রার্থী : নির্দিষ্ট এলাকা রক্ষণ বা সংরক্ষণের জন্য টহল দান।
পরীক্ষক : এফ-১৬ কি?
প্রার্থী : মার্কিন যুক্তরাষ্ট্রের তৈরি অত্যাধুনিক জঙ্গী বিমান।
পরীক্ষক : ধন্যবাদ, আপনি আসুন।
প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-২৭

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভেতরে আসব স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার।
পরীক্ষক : আপনার নাম কি?
প্রার্থী : জহিরুল ইসলাম।
পরীক্ষক : শিক্ষাকে সামাজিক অগ্রগতির হাতিয়ার বলা হয় কেন?
প্রার্থী : শিক্ষা ব্যক্তির মধ্যে অভিজ্ঞতার বিন্যাস করে বলে।

Scanned with CamScanner

পরীক্ষক : অর্থনৈতিক সমীক্ষা ২০১৯-এর তথ্যানুযায়ী বাংলাদেশে বর্তমানে সাক্ষরতার শতকরা হার কত?
প্রার্থী : অর্থনৈতিক সমীক্ষা ২০১৯ অনুসারে সাক্ষরতার হার ৭২.৩% ।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, ক্যাম্প ডেভিড চুক্তি কি?
প্রার্থী : ক্যাম্প ডেভিড চুক্তি হচ্ছে আরব-ইসরাইলের মধ্যে প্রথম শান্তি চুক্তি ।
পরীক্ষক : 'তাহরির স্কয়ার' কোথায় অবস্থিত?
প্রার্থী : কায়রো, মিশর ।
পরীক্ষক : সদ্য স্বাধীন হওয়া রাষ্ট্র দক্ষিণ সুদানের রাজধানী 'জুবা' কোন নদীর তীরে অবস্থিত?
প্রার্থী : হোয়াইট নীল ।
পরীক্ষক : এবার বলুন, দারফুর কোথায় এবং কি?
প্রার্থী : দারফুর সুদানের পশ্চিমাঞ্চলীয় একটি প্রদেশ ।
পরীক্ষক : WHO-এর পূর্ণ অভিব্যক্তি কি?
প্রার্থী : World Health Organization.
পরীক্ষক : তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করা হয় সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে?
প্রার্থী : পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে ।
পরীক্ষক : বাংলাদেশের প্রথম জাদুঘর কোনটি?
প্রার্থী : বরেন্দ্র জাদুঘর, রাজশাহী ।
পরীক্ষক : 'দহগ্রাম-আঙ্গরপোতা' ছিটমহলটি কোথায় অবস্থিত?
প্রার্থী : লালমনিরহাট জেলায় ।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, 'বাকল্যান্ড বাঁধ' কোথায়?
প্রার্থী : বুড়িগঙ্গা নদীর তীরে ।
পরীক্ষক : Voice Change করুন : Do it.
প্রার্থী : Let it be done.
পরীক্ষক : ২০২০ সালের T20 বিশ্বকাপ কোথায় অনুষ্ঠিত হবে?
প্রার্থী : অস্ট্রেলিয়ায় ।
পরীক্ষক : দুর্নীতি দমন কমিশন (দুদক)-এর ত্রৈমাসিক প্রকাশনার নাম কি?
প্রার্থী : দুদক দর্পণ ।
পরীক্ষক : বাংলাদেশের দীর্ঘতম নদীর নাম বলুন ।
প্রার্থী : মেঘনা ।
পরীক্ষক : আনসার ও ভিডিপি একাডেমি কোথায়?
প্রার্থী : শফিপুর, গাজীপুর ।
পরীক্ষক : আনসার একাডেমি কবে প্রতিষ্ঠিত হয়?
প্রার্থী : ১৯৭৬ সালে ।
পরীক্ষক : 'অপরাজেয় বাংলার' স্থপতি কে?
প্রার্থী : আবদুল্লাহ খালেদ ।
পরীক্ষক : ধন্যবাদ । আপনি আসতে পারেন ।
প্রার্থী : ধন্যবাদ, স্যার । আসসালামু আলাইকুম ।

Scanned with CamScanner

## ◆ নমুনা সাক্ষাৎকার-২৮

প্রার্থী : আস্সালামু আলাইকুম।

পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম, বসুন, আপনার নাম কি?

প্রার্থী : ফজলুর রহমান খান।

পরীক্ষক : আপনার নামে এ দেশের একজন বিখ্যাত ব্যক্তির নাম বলুন।

প্রার্থী : স্থপতি এফ আর খান।

পরীক্ষক : 'ডার্টি ডজন' কি?

প্রার্থী : পরিবেশের জন্য বিপজ্জনক রাসায়নিক পদার্থ। কীটনাশক, শিল্প-কারখানায় ব্যবহার্য রাসায়নিক তৈরির কাজে এ ডার্টি ডজনভুক্ত পদার্থ ব্যবহৃত হয়।

পরীক্ষক : শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ কোথায় অবস্থিত?

প্রার্থী : ঢাকার মিরপুরে।

পরীক্ষক : শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত প্রথম ভাস্কর্য কোনটি এবং কোথায় অবস্থিত?

প্রার্থী : অপরাজেয় বাংলা; ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন চত্বরে।

পরীক্ষক : 'অপরাজেয় বাংলা' কবে উদ্বোধন করা হয়?

প্রার্থী : ১৬ ডিসেম্বর ১৯৭৯।

পরীক্ষক : প্রাথমিক শিক্ষাস্তরে অর্জন উপযোগী প্রান্তিক যোগ্যতা মোট কয়টি?

প্রার্থী : বর্তমানে ২৯টি (পূর্বে ছিল ৫৩টি, পরে করা হয় ৫০টি)।

পরীক্ষক : শিশুদের পাঠদানের জন্য সবচেয়ে প্রয়োজনীয় শিক্ষোপকরণ কোনটি?

প্রার্থী : চার্ট ও মডেল।

পরীক্ষক : আচ্ছা বলুন তো, বর্তমানে বিশ্বে স্বাধীন দেশ কয়টি?

প্রার্থী : ১৯৫টি (সর্বশেষ দক্ষিণ সুদান); স্বাধীনতা লাভ ৯ জুলাই ২০১১।

পরীক্ষক : ফ্রান্সের প্রেসিডেন্টের সরকারি বাসভবনের নাম কি?

প্রার্থী : এলিসি প্রাসাদ।

পরীক্ষক : এবার বলুন, বাংলাদেশের সর্ব উত্তরের উপজেলা কোনটি?

প্রার্থী : তেঁতুলিয়া, পঞ্চগড়।

পরীক্ষক : বর্তমানে বাংলাদেশে বিভাগ কয়টি?

প্রার্থী : ৮টি।

পরীক্ষক : ৩৮° অক্ষরেখা বলতে কি বুঝেন?

প্রার্থী : উত্তর ও দক্ষিণ কোরিয়ার মধ্যবর্তী সীমানা চিহ্নিত রেখা।

পরীক্ষক : মুক্তিযুদ্ধে অবদানের স্বীকৃতিস্বরূপ কতজন মহিলাকে বীর প্রতীক উপাধি দেয়া হয়?

প্রার্থী : ২ জন।

পরীক্ষক : 'বাসস' কি?

প্রার্থী : বাংলাদেশ সংবাদ সংস্থা।

পরীক্ষক : ইংরেজি করুন : 'গরু ঘাস খেয়ে বাঁচে'।

প্রার্থী : The cow lives on grass.

Scanned with CamScanner

পরীক্ষক : দেশের সর্ববৃহৎ পানি শোধনাগার কোনটি?
প্রার্থী : সায়েদাবাদ পানি শোধনাগার।
পরীক্ষক : সায়েদাবাদ ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের পানি শোধনের ক্ষমতা কত?
প্রার্থী : ৯০ কোটি লিটার।
পরীক্ষক : ধন্যবাদ, ফজলুর রহমান, আপনি এখন আসুন।
প্রার্থী : আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-২৯

প্রার্থী : আসতে পারি স্যার?
পরীক্ষক : আসুন, বসুন।
প্রার্থী : আসসালামু আলাইকুম।
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আপনার নাম কি?
প্রার্থী : মোঃ জুবায়ের আহমেদ।
পরীক্ষক : প্রথম বাংলাদেশী হিসেবে এভারেস্ট জয় করেন কে?
প্রার্থী : মুসা ইব্রাহীম (লালমনিরহাট)।
পরীক্ষক : তিনি কবে এভারেস্ট জয় করেন?
প্রার্থী : ২৩ মে ২০10।
পরীক্ষক : 'রাজসিক বিহার' কি?
প্রার্থী : একটি ভাস্কর্যের নাম।
পরীক্ষক : 'রাজসিক বিহার' কোথায় অবস্থিত?
প্রার্থী : ঢাকার হোটেল ইন্টার কন্টিনেন্টালের সামনে।
পরীক্ষক : 'রাজসিক বিহার'-এর স্থপতি কে?
প্রার্থী : মৃণাল হক।
পরীক্ষক : দেশের বাইরে কোথায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস স্মরণে স্মৃতিসৌধ নির্মিত হয়েছে?
প্রার্থী : অস্ট্রেলিয়ার সিডনিতে।
পরীক্ষক : বলধা গার্ডেন-এর কাজ কোন সাল থেকে শুরু হয় এবং কোন সালে শেষ হয়?
প্রার্থী : ১৯০৯ সালে শুরু হয় এবং ১৯৩৬ সালে শেষ হয়।
পরীক্ষক : সার্ক ফোয়ারা কোথায় অবস্থিত?
প্রার্থী : ঢাকার কাওরান বাজারে।
পরীক্ষক : আহসান মঞ্জিল কোন শতকে নির্মিত হয়?
প্রার্থী : উনিশ শতকে।
পরীক্ষক : 'একটি বাড়ি একটি খামার' কি?
প্রার্থী : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন একটি প্রকল্প। এর মূল উদ্দেশ্য হলো সামগ্রিক উন্নয়ন।
পরীক্ষক : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর কবে প্রতিষ্ঠা করা হয়?
প্রার্থী. : ১৯৯৫ সালে।
পরীক্ষক : সম্প্রতি কোথায় প্রধানমন্ত্রী 'লালন একাডেমি কমপ্লেক্স' উদ্বোধন করেন?
প্রার্থী : কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার ছেঁউড়িয়ায়।

Scanned with CamScanner

পরীক্ষক : বলুন তো, 'নেরপা' কি?

প্রার্থী : ৪ এপ্রিল ২০১২ রাশিয়ার তৈরি পরমাণু অস্ত্রবাহী ডুবোজাহাজ।

পরীক্ষক : 'ওয়াগাহ' কি এবং কোথায়?

প্রার্থী : ওয়াগাহ একটি গ্রামের নাম। ভারত-পাকিস্তানের সীমানা নির্দেশক অভিন্ন সীমায় রেখা 'রেডক্লিফ লাইন' এ গ্রামের মধ্য দিয়ে গেছে।

পরীক্ষক : বাংলাদেশের জাতীয় সঙ্গীতের রচয়িতা কে?

প্রার্থী : রবীন্দ্রনাথ ঠাকুর।

পরীক্ষক : বাংলাদেশের জাতীয় দিবস কোনটি?

প্রার্থী : ২৬ মার্চ (স্বাধীনতা দিবস)।

পরীক্ষক : এবার বলুন, শান্ত সাগর কোথায় অবস্থিত?

প্রার্থী : চাঁদে।

পরীক্ষক : সায়েদাবাদ পানি শোধনাগারের কাজ করে শুরু হয়েছিল?

প্রার্থী : ১৯৯২ সালে।

পরীক্ষক : ধন্যবাদ। আপনি এখন আসুন।

প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ◇ নমুনা সাক্ষাৎকার-৩০

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভেতরে আসতে পারি, স্যার।

পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন।

পরীক্ষক : আপনার নাম কি?

প্রার্থী : খাদিজাতুল জুবাইদা।

পরীক্ষক : আপনার বাড়ি কোন জেলায়?

প্রার্থী : জয়পুরহাট।

পরীক্ষক : আপনার জেলার পাশে একটি পুরাকীর্তি রয়েছে, তার নাম কি?

প্রার্থী : পাহাড়পুর (সোমপুর বিহার)।

পরীক্ষক : এটি কোন বংশের শাসনামলে নির্মিত?

প্রার্থী : পাল বংশের শাসনামলে নির্মিত।

পরীক্ষক : বাংলাদেশের প্রথম মুসলিম মহিলা ডাক্তারের নাম কি?

প্রার্থী : অধ্যাপক ডা. জোহরা বেগম কাজী।

পরীক্ষক : 'মীনা' কি?

প্রার্থী : মীনা মূলত মেয়ে শিশুর সামগ্রিক উন্নয়ন ও কল্যাণার্থে একটি গণসচেতনতামূলক প্রচার লোগো। UNICEF বিশ্বের মেয়ে শিশুর সমমর্যাদা প্রতিষ্ঠার লক্ষ্যে 'মীনা' প্রতীক ব্যবহারের সিদ্ধান্ত নেয়।

পরীক্ষক : বাংলাদেশের প্রথম ভাসমান হাসপাতালের নাম কি?

প্রার্থী : জীবনতরী।

Scanned with CamScanner

পরীক্ষক : স্বাস্থ্যসেবার উন্নয়নে কোন প্রতিষ্ঠান গ্লোবাল টিভি চ্যানেল চালুর সিদ্ধান্ত নেয়?
প্রার্থী : বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)।
পরীক্ষক : বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির স্লোগান কি?
প্রার্থী : রক্ত দিন জীবন বাঁচান।
পরীক্ষক : রিকেট রোগ কি?
প্রার্থী : হাড় বেঁকে গিয়ে শিশুর বিকলাঙ্গ হয়ে যাওয়া।
পরীক্ষক : বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) বর্তমান মহাপরিচালকের নাম কি?
প্রার্থী : ড. টেড্রস আধানম গেব্রিয়াসেস (১ জুলাই ২০১৭–বর্তমান)।
পরীক্ষক : তিনি কোন দেশের নাগরিক?
প্রার্থী : ইথিওপিয়া।
পরীক্ষক : বিশ্বের উচ্চতম টাওয়ারের নাম কি?
প্রার্থী : টোকিও স্কাই ট্রি, জাপান।
পরীক্ষক : 'উত্তরা গণভবন' কোথায় অবস্থিত?
প্রার্থী : নাটোরে।
পরীক্ষক : ঘূর্ণিঝড় 'সিডর' (Sidr) কবে বাংলাদেশে আঘাত হানে?
প্রার্থী : ১৫ নভেম্বর ২০০৭।
পরীক্ষক : বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে কবে?
প্রার্থী : ১৯৭৪ সালে।
পরীক্ষক : 'কনসার্ট ফর বাংলাদেশ' কি?
প্রার্থী : মুক্তিযুদ্ধকালে বাংলাদেশি শরণার্থীদের পক্ষে জনমত ও তহবিল সংগ্রহের জন্য আয়োজিত কনসার্ট।
পরীক্ষক : কনসার্ট ফর বাংলাদেশ কার তত্ত্বাবধানে অনুষ্ঠিত হয়?
প্রার্থী : জর্জ হ্যারিসন।
পরীক্ষক : জনসংখ্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে সংক্ষেপে বলুন।
প্রার্থী : জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছে তা হলো :

১. প্রধানমন্ত্রীর নেতৃত্বে জাতীয় জনসংখ্যা কাউন্সিল গঠন।
২. জাতীয় জনসংখ্যা দিবস পালন, যার লক্ষ্য হচ্ছে ছোট পরিবারকে জনপ্রিয় করা এবং মা ও শিশুস্বাস্থ্য পরিচর্যা সম্পর্কে সচেতন করা।
৩. পরিবার পরিকল্পনা কার্যক্রমের তত্ত্বাবধান ও তদারকির জন্য মাননীয় মন্ত্রিবর্গ, সংসদ সদস্য, জেলা ও ইউপি চেয়ারম্যান ও সরকারি কর্মকর্তাদের সুনির্দিষ্ট দায়িত্ব দেয়া।
৪. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণের লক্ষ্যে প্রতিটি ইউনিয়নে পরিবারকল্যাণ কেন্দ্র নির্মাণ।
৫. প্রতি মাসে ৮টি স্যাটেলাইট ক্লিনিক চালু।
৬. গ্রামীণ জনগণের মধ্যে স্বাস্থ্যশিক্ষা কার্যক্রমের ব্যবস্থা নেয়া।

পরীক্ষক : এবার আসুন, আপনাকে ধন্যবাদ।
প্রার্থী : ধন্যবাদ, স্যার।

Scanned with CamScanner

## ◇ নমুনা সাক্ষাৎকার-৩১

প্রার্থী : আস্সালামু আলাইকুম, May I come in, sir?
পরীক্ষক : Yes, come in.
পরীক্ষক : Please take your seat.
প্রার্থী : Thank you, sir.
পরীক্ষক : আপনার নাম কি?
প্রার্থী : আব্দুল্লাহ আল মাসুদ।
পরীক্ষক : আপনি কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী : আমি জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে অনার্স করেছি।
পরীক্ষক : আপনার Home district কোনটি?
প্রার্থী : পঞ্চগড়।
পরীক্ষক : আচ্ছা মি. মাসুদ, পঞ্চগড়ে একটি বিখ্যাত মিউজিয়াম রয়েছে—আপনি কি সে মিউজিয়ামটি সম্পর্কে জানেন।
প্রার্থী : জী, পঞ্চগড়ের সে মিউজিয়ামটির নাম 'রকস মিউজিয়ামস'। এটি ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত।
পরীক্ষক : পঞ্চগড় জেলার বাংলাবান্ধা স্থলবন্দরটি আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে কতটুকু গুরুত্বপূর্ণ মনে করেন?
প্রার্থী : বাংলাদেশের সর্ব উত্তরের সীমান্তবর্তী স্থানের নাম বাংলাবান্ধা। ১৯৯৮ সালের মে মাসে নেপাল-বাংলাদেশ ট্রানজিট রুট হিসেবে এটি প্রতিষ্ঠিত হয়। এটি আন্তর্জাতিক বাণিজ্যের একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে বিবেচিত।
পরীক্ষক : কোন গাছকে সূর্যের কন্যা বলা হয়?
প্রার্থী : তুলা গাছকে।
পরীক্ষক : সুন্দরবন ছাড়া বাংলাদেশের অন্য টাইডাল বন কোনটি?
প্রার্থী : সংরক্ষিত চকোরিয়া বনাঞ্চল।
পরীক্ষক : বাংলাদেশের কোন বনাঞ্চলকে চিরহরিৎ বন বলা হয়?
প্রার্থী : পার্বত্য বনাঞ্চলকে।
পরীক্ষক : কোন সংস্থা সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষণা করে এবং কবে?
প্রার্থী : UNESCO, ৬ ডিসেম্বর ১৯৯৭ সালে।
পরীক্ষক : গ্রীনল্যান্ড দ্বীপ সম্পর্কে যা জানুন, বলুন।
প্রার্থী : এটি পৃথিবীর বৃহত্তম দ্বীপ। উত্তর আটলান্টিক মহাসাগরে অবস্থিত এ দ্বীপটির মালিকানা ডেনমার্কের।
পরীক্ষক : বাংলাদেশের শীতলতম মাস কোনটি?
প্রার্থী : জানুয়ারি।
পরীক্ষক : বাংলাদেশের ওপর দিয়ে অতিক্রমকারী কাল্পনিক রেখাটির নাম কি?
প্রার্থী : কর্কটক্রান্তি রেখা।
পরীক্ষক : এবার বলুন, 'সোয়াচ অব নো গ্রাউন্ড' কোথায় অবস্থিত?
প্রার্থী : বঙ্গোপসাগরে।
পরীক্ষক : বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৯ অনুসারে মাথাপিছু আয় কত?
প্রার্থী : ১,৯০৯ মার্কিন ডলার।

Scanned with CamScanner

পরীক্ষক : বাংলাদেশে আন্তর্জাতিক বিমানবন্দর কয়টি?
প্রার্থী : ৩টি (ঢাকা, চট্টগ্রাম ও সিলেট)।
পরীক্ষক : বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নর কে?
প্রার্থী : ফজলে কবির (১১তম গভর্নর)।
পরীক্ষক : বাংলাদেশের জাতীয় সংসদের ইংরেজি নাম কি?
প্রার্থী : House of the Nation.
পরীক্ষক : বাংলাদেশ সংবিধানের ব্যাখ্যাকারক কে?
প্রার্থী : সুপ্রিম কোর্ট।
পরীক্ষক : ভারতবর্ষে কবে প্রথম বন বিদ্যালয় স্থাপিত হয়?
প্রার্থী : ১৮৭৮ সালে (উত্তর ভারতের দেরাদুন শহরে)।
পরীক্ষক : পরিবেশের ভারসাম্য রক্ষায় প্রয়োজনীয় পরিমাণ বনভূমি রয়েছে কতটি জেলায় এবং জেলাগুলোর নাম কি?
প্রার্থী : ৭টি জেলায়। জেলাগুলো হলো : বাগেরহাট, রাঙামাটি, সাতক্ষীরা, খুলনা, চট্টগ্রাম, বান্দরবান ও কক্সবাজার।
পরীক্ষক : OK, You may go now.
প্রার্থী : Thank you, Sir. Assalamu Alikum.

## ❖ নমুনা সাক্ষাৎকার-৩২

প্রার্থী : আসসালামু আলাইকুম, ভেতরে আসতে পারি, স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম, আসুন, বসুন, আপনার নাম কি?
প্রার্থী : মোঃ যায়েদ বিন আব্দুর রহমান।
পরীক্ষক : আপনি কোথায় এবং কি বিষয়ে পড়াশোনা করেছেন?
প্রার্থী : আমি তিতুমীর কলেজ থেকে বাংলায় অনার্স করেছি।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' বলা হয় কাকে?
প্রার্থী : বিহারীলাল চক্রবর্তীকে।
পরীক্ষক : সুন্দরবনের কয়েকটি উল্লেখযোগ্য প্রাণীর নাম বলুন।
প্রার্থী : রয়েল বেঙ্গল টাইগার, হরিণ, নানাজাতের পাখি ইত্যাদি।
পরীক্ষক : কোনো দেশের পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য কত শতাংশ বনাঞ্চল প্রয়োজন?
প্রার্থী : ২৫ শতাংশ।
পরীক্ষক : এবার বলুন, উয়ারি-বটেশ্বর কোথায় অবস্থিত?
প্রার্থী : বেলাব, নরসিংদী।
পরীক্ষক : বাংলাদেশ সংবিধানে মোট কতটি অনুচ্ছেদ আছে?
প্রার্থী : ১৫৩টি।
পরীক্ষক : দেশে বর্তমানে সরকারি প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (PTI) কয়টি?
প্রার্থী : বর্তমানে দেশে ৬৭টি সরকারি PTI রয়েছে।
পরীক্ষক : বর্তমানে বাংলাদেশে কয়টি পৌরসভা আছে?
প্রার্থী : ৩২৭টি (মার্চ ২০১৯ পর্যন্ত)।

Scanned with CamScanner

পরীক্ষক : আচ্ছা আপনি তো বাংলায় পড়াশুনা করেছেন, বলুন তো, বাংলা সাহিত্যের আদি নিদর্শন কোনটি?
প্রার্থী : চর্যাপদ (আবিষ্কৃত হয় ১৯০৭ সালে)।
পরীক্ষক : রক্তকরবী কি এবং কার লেখা?
প্রার্থী : একটি নাটক এবং লেখক রবীন্দ্রনাথ ঠাকুর।
পরীক্ষক : এবার বলুন, সদ্য স্বাধীন হওয়া দক্ষিণ সুদানের রাজধানীর নাম কি?
প্রার্থী : জুবা।
পরীক্ষক : পরিবেশ রক্ষার ক্ষেত্রে কোন গাছটি ক্ষতিকারক?
প্রার্থী : ইউক্যালিপটাস।
পরীক্ষক : বাংলাদেশে কি পরিমাণ বনভূমি রয়েছে?
প্রার্থী : বাংলাদেশ সরকারের হিসাব অনুযায়ী ১৭.০৮ শতাংশ এবং বন অধিদপ্তরের তথ্য মতে, মোট বনভূমির পরিমাণ ২.৫২ মিলিয়ন হেক্টর।
পরীক্ষক : ওআইসি'র বর্তমান মহাসচিব কে?
প্রার্থী : ইউসুফ আল ওথাইমিন (সৌদি আরব)।
পরীক্ষক : সার্কের সর্বশেষ সদস্য দেশ কোনটি?
প্রার্থী : আফগানিস্তান (৩ এপ্রিল ২০০৭)।
পরীক্ষক : বাংলাদেশ সর্বপ্রথম কোন জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে অংশগ্রহণ করে?
প্রার্থী : ১৯৮৮ সালে, UNIMOG মিশনে।
পরীক্ষক : ২০১৮ সালে কোন ব্যক্তি শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন?
প্রার্থী : ইরাকের কুর্দি মানবাধিকারকর্মী নাদিয়া মুরাদ ও গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের চিকিৎসক ডেনিস মুকওয়েগে।
পরীক্ষক : আচ্ছা, আপনি এখন আসুন।
প্রার্থী : আসসালামু আলাইকুম, স্যার।

## ❖ নমুনা সাক্ষাৎকার-৩৩

প্রার্থী : আসসালামু আলাইকুম, ভেতরে আসব, স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম, আসুন, বসুন, আপনার নাম?
প্রার্থী : ধন্যবাদ স্যার। আমার নাম আব্দুর রহিম।
পরীক্ষক : আপনি কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী : আমি ঢাকা কলেজ থেকে ডিগ্রি পাস করেছি।
পরীক্ষক : ২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধির হার কত?
প্রার্থী : ৮.১৩%।
পরীক্ষক : 'জননী সাহসিকা' হিসেবে পরিচিত কে?
প্রার্থী : কবি সুফিয়া কামাল।
পরীক্ষক : 'সাঁঝের মায়ার কবি' বলা হয় কাকে?
প্রার্থী : কবি সুফিয়া কামালকে।
পরীক্ষক : মোবাইল কোর্ট সর্বোচ্চ কত বছরের দণ্ড দিতে পারবে?
প্রার্থী : ২ বছর।

Scanned with CamScanner

পরীক্ষক : বিশ্ব ডাক দিবস কবে?
প্রার্থী : ৯ অক্টোবর।
পরীক্ষক : সর্বপ্রথম ডাক টিকিট চালু করে কোন দেশ?
প্রার্থী : যুক্তরাজ্য।
পরীক্ষক : SIM-এর পূর্ণরূপ কি?
প্রার্থী : Subscriber Identity Module.
পরীক্ষক : বাংলাদেশে চালু বেসরকারি এফএম রেডিও কতটি?
প্রার্থী : ২১টি।
পরীক্ষক : কোন দেশের মানুষ বেশি ভাত খায়?
প্রার্থী : মাদাগাস্কার।
পরীক্ষক : কোন বিল রাষ্ট্রপতির সুপারিশ ব্যতীত সংসদে উত্থাপন করা যায় না?
প্রার্থী : সরকারি অর্থব্যয়ের প্রশ্ন জড়িত রয়েছে এমন কোনো অর্থবিল বা বিল।
পরীক্ষক : সংস্থাপন মন্ত্রণালয়ের বর্তমান নাম কি?
প্রার্থী : জনপ্রশাসন মন্ত্রণালয়।
পরীক্ষক : বাংলাদেশ পুলিশের বর্তমান আইজিপি'র নাম কি?
প্রার্থী : ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী।
পরীক্ষক : বাংলাদেশের শস্যভাণ্ডার বলা হয় কোন জেলাকে?
প্রার্থী : বরিশালকে।
পরীক্ষক : হালদা নদীর বিশেষত্ব কি?
প্রার্থী : এটি বাংলাদেশের একমাত্র রুই জাতীয় মাছের প্রাকৃতিক প্রজনন ক্ষেত্র।
পরীক্ষক : অ্যানথ্রাক্স রোগকে বাংলায় কি বলে?
প্রার্থী : তড়কা রোগ।
পরীক্ষক : Uttara Gono Bhaban is located in which district?
প্রার্থী : Natore.
পরীক্ষক : What are the elaborations of HIV and AIDS?
প্রার্থী : HIV : Human Immunodeficiency Virus.
AIDS : Acquired Immune Deficiency Syndrom.
পরীক্ষক : পরিবার পরিকল্পনায় বাংলাদেশ সরকারের বর্তমান স্লোগান কি?
প্রার্থী : দুটি সন্তানের বেশি নয়, একটি হলে ভালো হয়।
পরীক্ষক : অ্যাবোটাবাদ কোথায়?
প্রার্থী : পাকিস্তানের রাজধানী ইসলামাবাদের ১১৫ কিলোমিটার উত্তর পূর্বে খাইবার পাখতুন খাওয়া প্রদেশে অবস্থিত গ্যারিসন শহরে।
পরীক্ষক : বাংলাদেশ পুলিশ একাডেমীর পূর্বনাম কি?
প্রার্থী : সারদা পুলিশ একাডেমি।
পরীক্ষক : কাজাখস্তানের রাজধানীর নাম কি?
প্রার্থী : নুর সুলতান (২০ মার্চ ২০১৯ থেকে। পূর্বে রাজধানীর নাম ছিল আস্তানা)।

Scanned with CamScanner

পরীক্ষক : গুয়ানতানামো বে কারাগার কোথায় অবস্থিত?
প্রার্থী : কিউবার গুয়ানতানামো উপসাগরে।
পরীক্ষক : বিশ্বের প্রথম ক্রিকেট ক্লাবের নাম কি?
প্রার্থী : মেরিলিবোর্ন ক্রিকেট ক্লাব (MCC)।
পরীক্ষক : ধন্যবাদ, এবার আসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামু আলাইকুম।

## ◆ নমুনা সাক্ষাৎকার-৩৪

প্রার্থী : আসসালামু আলাইকুম। আসতে পারি, স্যার?
পরীক্ষক-১ : হ্যাঁ, অবশ্যই। বসুন। আপনার নাম সুমাইয়া বিনতে শফিক। আপনার নামের অর্থ বলুন।
প্রার্থী : সুমাইয়া বিনতে শফিক অর্থ শফিকের মেয়ে সুমাইয়া। আর 'সুমাইয়া' শব্দের অর্থ নিষ্পাপ, সচ্চরিত্র। এটা আরবি নাম।
পরীক্ষক-১ : আপনার নামে একজন মহিয়সী নারী ছিলেন। তাঁর বিশেষত্ব বলুন।
প্রার্থী : উনার নাম হযরত সুমাইয়া (রা)। ইসলাম গ্রহণের কারণে তিনি অমুসলিম কর্তৃক অনেক অত্যাচার ভোগ করেন। অবশেষে তাঁর মনিব আবু জেহেলের হাতে শহীদ হন। তিনিই ইসলামের প্রথম শহীদ।
পরীক্ষক-৩ : পদ্মা সেতুর দৈর্ঘ্য কত এবং কোন কোম্পানি এ সেতুর মূল কাঠামো নির্মাণ করছে?
প্রার্থী : এ সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কিমি এবং এ সেতুর মূল কাঠামো নির্মাণ করছে চায়না মেজর ব্রিজ কোম্পানি।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, টিপাইমুখ বাঁধ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
প্রার্থী : মণিপুর রাজ্যে (বরাক নদীর ওপর)।
পরীক্ষক : বর্তমানে দেশে বিভাগের সংখ্যা কয়টি?
প্রার্থী : ৮টি (৮ম বিভাগ ময়মনসিংহ)।
পরীক্ষক : www-এর পূর্ণরূপ কি? বলুন।
প্রার্থী : world wide web.
পরীক্ষক : বিশ্বের বৃহত্তম দ্বীপ কোনটি?
প্রার্থী : গ্রিনল্যান্ড (ডেনমার্ক)।
পরীক্ষক : বাংলাদেশের ক্ষুদ্রতম ইউনিয়ন কোনটি?
প্রার্থী : হাজীপুর (দৌলতখান, ভোলা)।
পরীক্ষক-১ : বর্তমান বিশ্বে কতটি দেশ LDC ভুক্ত? আগে কতটি ছিল?
প্রার্থী : বর্তমানে ৪৭টি দেশ LDC ভুক্ত। আগে ছিল ৪৮টি। ৪ জুন ২০১৭ নিরক্ষীয় গিনি LDC এর তালিকা থেকে বের হয়ে যায়।
পরীক্ষক-১ : আচ্ছা আমরা প্রথম বিশ্ব, দ্বিতীয় বিশ্ব এবং তৃতীয় বিশ্বের কথা শুনে থাকি। বলুন তো এই বিশ্বগুলো কি কি?
প্রার্থী : প্রথম বিশ্ব বলতে পুঁজিবাদী উন্নত রাষ্ট্রগুলোকে বোঝায়। দ্বিতীয় বিশ্ব বলতে সমাজতান্ত্রিক রাষ্ট্রগুলোকে এবং তৃতীয় বিশ্ব বলতে মিশ্র অর্থনৈতিক ব্যবস্থায় পরিচালিত অনুন্নত বা স্বল্পোন্নত রাষ্ট্রগুলোকে বোঝায়।
পরীক্ষক-২ : জেলা প্রশাসকের আর কি কি নাম আছে?
প্রার্থী : ডিস্ট্রিক্ট কালেক্টর, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং ডেপুটি কমিশনার।

Scanned with CamScanner

পরীক্ষক-১ : $x^2 = 4$ হলে $x$ = কত?
প্রার্থী : $x^2 = 4$ হলে $x = 2$.
পরীক্ষক-১ : বঙ্গবন্ধুকে কেন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছিল?
প্রার্থী : ১৯৪৯ সালে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ন্যায়সঙ্গত দাবি-দাওয়ার সাথে একাত্ম হয়ে তিনি তাদের পক্ষে তৎকালীন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে আন্দোলন করেছিলেন, তাই তাকে বহিষ্কার করা হয়েছিল। তবে সম্প্রতি (১৪ আগস্ট ২০১০) ঢাকা বিশ্ববিদ্যালয় এই বহিষ্কারাদেশ প্রত্যাহার করেছে।
পরীক্ষক-২ : বর্তমানে দেশে মোট তফসিলী ব্যাংক কতটি?
প্রার্থী : ৫৯টি।
পরীক্ষক-১ : Ok, you may go now.
প্রার্থী : Thank you sir.

## ❖ নমুনা সাক্ষাৎকার-৩৫

প্রার্থী : আসসালামু আলাইকুম, ভেতরে আসব স্যার?
পরীক্ষক : আসুন, বসুন; আপনার নাম?
প্রার্থী : সৈয়দ মোস্তাক আহম্মেদ।
পরীক্ষক : আপনি কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী : আমি জগন্নাথ বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিজ্ঞানে অনার্স করেছি।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, পরমাণুর সর্বপ্রথম সংজ্ঞা কে প্রদান করেন?
প্রার্থী : জন ডাল্টন।
পরীক্ষক : বর্তমানে দেশে মোট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত?
প্রার্থী : ৬৫৫৯৩টি *[সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী; ৪ মার্চ ২০১৯]*।
পরীক্ষক : বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশনের নাম কি?
প্রার্থী : কুদরাত-এ-খুদা কমিশন, ১৯৭৪।
পরীক্ষক : দেশের বৃহত্তম 'দত্তনগর কৃষি খামার' কোথায় অবস্থিত?
প্রার্থী : ঝিনাইদহ জেলার মহেশপুরে।
পরীক্ষক-১ : বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা কত?
প্রার্থী : পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা ২০১১ পরবর্তী যাচাই জরিপ-এর চূড়ান্ত প্রতিবেদন অনুসারে ১৪ কোটি ৮০ লাখ।
পরীক্ষক-১ : আমি তো জানি ১৪ কোটি ২৩ লাখ, আপনার মত কি?
প্রার্থী : স্যার, আপনার ধারণাও ঠিক আছে, তবে আপনি যেটি জানেন সেটি হচ্ছে পঞ্চম আদমশুমারি ২০১১ এর খসড়া রিপোর্টে প্রকাশিত তথ্য।
পরীক্ষক-১ : বঙ্গবন্ধুকে কেন বাংলাদেশের স্থপতি বলা হয়?
প্রার্থী : স্যার, বাংলাদেশের মুক্তিযুদ্ধে তথা স্বাধীনতা লাভে বঙ্গবন্ধুর অবদানেই তাকে বাংলাদেশের স্থপতি বলা হয়। বঙ্গবন্ধুর উদাত্ত আহবানেই জেগে উঠে বাঙালি জাতি। ত্রিশ লক্ষ শহিদের রক্তে রঞ্জিত বাংলায় তিনি ছিলেন মুক্তির দূত। তার নেতৃত্বেই বাংলাদেশ স্বাধীন রাষ্ট্র রূপে পরিচিতি পেয়েছে। এ কারণেই তাকে বাংলাদেশের স্থপতি বলা হয়।



Scanned with CamScanner

পরীক্ষক-১ : ঢাকার বাইরে 'মিরপুর' ও 'মোহাম্মদপুর' নামে দুটি উপজেলা আছে। আপনি কি এগুলোর অবস্থান বলতে পারেন?

প্রার্থী : মিরপুর উপজেলাটি কুষ্টিয়ায় অবস্থিত আর মোহাম্মদপুর উপজেলাটি মাগুরায় অবস্থিত।

পরীক্ষক-১ : 'Black Sea' কোথায় অবস্থিত?

প্রার্থী : 'Black Sea' বা কৃষ্ণ সাগর দক্ষিণপূর্ব ইউরোপে অবস্থিত। এর উত্তরে ইউক্রেন এবং দক্ষিণে তুরস্ক।

পরীক্ষক-১ : Ok, you may go now.

প্রার্থী : Thank you Sir, Assalamualikum.

## ❖ নমুনা সাক্ষাৎকার-৩৬

প্রার্থী : আসসালামু আলাইকুম, আসতে পারি স্যার?

পরীক্ষক-১ : ওয়ালাইকুমুস সালাম, আসুন। এখানে বসুন। আপনার নাম কি?

প্রার্থী : শামীমা নাসরিন।

পরীক্ষক-১ : 'শামীমা'-এর অর্থ কি?

প্রার্থী : সুগন্ধি।

পরীক্ষক-১ : আপনার Home district কোথায়?

প্রার্থী : জামালপুর।

পরীক্ষক-২ : জামালপুরের পূর্বনাম কি?

প্রার্থী : সিংহজানী।

পরীক্ষক-৩ : আচ্ছা বলুন তো, প্রাথমিক শিক্ষাস্তরে অর্জন উপযোগী প্রান্তিক যোগ্যতা মোট কয়টি?

প্রার্থী : বর্তমানে ২৯টি (পূর্বে ছিল ৫৩টি, পরে করা হয় ৫০টি)।

পরীক্ষক-২ : আপনি বলুন, বাংলাদেশে একজন নাগরিকের ভোটার হওয়ার ন্যূনতম বয়স কত?

প্রার্থী : ১৮ বছর।

পরীক্ষক-১ : বাংলাদেশের উপর দিয়ে গমনকারী ভৌগোলিক রেখার নাম কি?

প্রার্থী : কর্কটক্রান্তি রেখা (Tropic of Cancer)।

পরীক্ষক-৩ : এবার বলুন, যমুনা ও পদ্মা নদী কোথায় মিলিত হয়েছে?

প্রার্থী : গোয়ালন্দে।

পরীক্ষক-২ : এখন বলুন, 'সিসিলি' ও 'সিচেলিস' কি?

প্রার্থী : সিসিলি হচ্ছে ভূ-মধ্যসাগরে অবস্থিত ইতালির নৌঘাঁটি। পক্ষান্তরে, সিচেলিস হচ্ছে আফ্রিকার একটি ছোট্ট দ্বীপ রাষ্ট্র। এটি আফ্রিকার সবচেয়ে মনোরম রাষ্ট্র। প্রায় ১৫৫টি দ্বীপ নিয়ে ভারত মহাসাগরে এ রাষ্ট্রটি অবস্থিত।

পরীক্ষক-২ : ডাকাতিয়া নদী ও ডাকাতিয়া বিল কোনটি কোথায় অবস্থিত?

প্রার্থী : ডাকাতিয়া নদী চাঁদপুরে অবস্থিত। এটি মেঘনা নদীর শাখানদী। অন্যদিকে ডাকাতিয়া বিল অবস্থিত খুলনায়।

পরীক্ষক-২ : শেষে গ্রাম আছে এমন পাঁচটি স্থানের নাম বলুন।

প্রার্থী : শেষে গ্রাম আছে এমন পাঁচটি স্থানের নাম হলো- চৌদ্দগ্রাম, বড়াইগ্রাম, নন্দীগ্রাম, পাটগ্রাম ও কুড়িগ্রাম।

Scanned with CamScanner

পরীক্ষক : বাংলাদেশ WTO-এর সদস্য পদ লাভ করে কবে?
প্রার্থী : ১৯৯৫ সালের ১ জানুয়ারি।
পরীক্ষক : আচ্ছা বলুন দেখি, সার্কের সচিবালয় কোথায় অবস্থিত?
প্রার্থী : কাঠমাণ্ডু, নেপাল।
পরীক্ষক : বিশ্বের দীর্ঘতম সমুদ্র সেতুর নাম কি?
প্রার্থী : হংকং ঝুহাই-ম্যাকাও ব্রিজ (চীন) [দৈর্ঘ্য ৫৫ কিমি]।
পরীক্ষক : বুড়িগঙ্গা নদীর ওপর দ্বিতীয় সেতুটি কোথায় নির্মাণ করা হয়েছে?
প্রার্থী : ঢাকা সদরঘাটের অদূরে বাবুবাজার এলাকায়।
পরীক্ষক : নির্মিতব্য পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?
প্রার্থী : ৬.১৫ কিমি।
পরীক্ষক : আপনি কি রাজনীতি করেন?
প্রার্থী : আমি সরাসরি কোনো দলীয় রাজনীতির সাথে সম্পৃক্ত নই। তবে একজন সুনাগরিক হিসেবে রাজনৈতিক বিষয়ে আমার সচেতন দৃষ্টি রয়েছে।
পরীক্ষক : বাংলাদেশের বর্তমান রাজনীতি সম্পর্কে আপনার অভিমত কি?
প্রার্থী : বাংলাদেশের রাজনৈতিক সংস্কৃতি অত্যন্ত নিম্নমানের। এখানে কোনো রাজনৈতিক দলের নেতা-কর্মী গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল নয়। সরকারি দল অহেতুক বিরোধী দলের নেতা-কর্মীদের নির্যাতন করে তাদের দমনের চেষ্টা করে। আর বিরোধী দল সংসদে না গিয়ে রাজপথে ধ্বংসাত্মক কর্মকাণ্ড চালিয়ে সরকারের কর্মকাণ্ড ব্যাহত করার চেষ্টা করে। তাই জনগণের ভাগ্যের পরিবর্তন তথা দেশের সার্বিক উন্নয়নের জন্যই এরূপ অবস্থার পরিবর্তন হওয়া প্রয়োজন।
পরীক্ষক : ধন্যবাদ। আপনি আসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-৩৮

প্রার্থী : আসসালামু আলাইকুম। আসতে পারি স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন।
পরীক্ষক : আপনার নাম কি?
প্রার্থী : মোহাম্মদ লোকমান হোসেন।
পরীক্ষক : 'লোকমান' শব্দের অর্থ কি?
প্রার্থী : লোকমান শব্দের অর্থ 'অন্যায়ের প্রতিবন্ধক'।
পরীক্ষক : বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য-প্রস্থের অনুপাত কত?
প্রার্থী : ১০ : ৬ বা, ৫ : ৩।
পরীক্ষক : বাংলাদেশের জাতীয় বৃক্ষের নাম কি?
প্রার্থী : আম গাছ।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, নিশীথ সূর্যের দেশ নামে পরিচিত কোন দেশ?
প্রার্থী : নরওয়ে।
পরীক্ষক : এবার বলুন, বায়ুমণ্ডলে কার্বন-ডাই-অক্সাইডের স্বাভাবিক পরিমাণ কত?
প্রার্থী : ০.০৩ শতাংশ।

Scanned with CamScanner

পরীক্ষক : 'দেনা-পাওনা' ছোটগল্পটি কার লেখা, বলতে পারবেন?
প্রার্থী : হ্যাঁ, রবীন্দ্রনাথ ঠাকুর [দেনা-পাওনা (উপন্যাস) : শরৎচন্দ্র চট্টোপাধ্যায়]।
পরীক্ষক : বলুন দেখি, 'Of late' Phraseটির অর্থ কি?
প্রার্থী : সম-সাময়িক বা সম্প্রতি (Recently)।
পরীক্ষক : 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটির শিল্পী কে?
প্রার্থী : নিতুন কুণ্ডু।
পরীক্ষক : মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?
প্রার্থী : ১১টি।
পরীক্ষক : বাংলাদেশের বৃহত্তম বিল কোনটি?
প্রার্থী : চলনবিল (আয়তন ৩৬৪ বর্গকিমি। তবে শুষ্ক মৌসুমে এর আয়তন দাঁড়ায় ২৫৯ বর্গকিমি)।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, প্রাচীন পুণ্ড্রনগর কোথায় অবস্থিত?
প্রার্থী : মহাস্থানগড় (বগুড়া)।
পরীক্ষক : বগুড়া কোন নদীর তীরে অবস্থিত?
প্রার্থী : করতোয়া নদীর তীরে।
পরীক্ষক : বর্তমান বিশ্বে স্বাধীন দেশ কয়টি?
প্রার্থী : ১৯৫টি (সর্বশেষ দক্ষিণ সুদান)।
পরীক্ষক : বঙ্গবন্ধু সেতুর দৈর্ঘ্য ও প্রস্থ কত?
প্রার্থী : দৈর্ঘ্য ৪.৮ কিমি আর প্রস্থ ১৮.৫০ মিটার।
পরীক্ষক : বঙ্গবন্ধু সেতুর ভিত্তি প্রস্তর স্থাপন করা হয় কত সালে?
প্রার্থী : ১০ এপ্রিল ১৯৯৪।
পরীক্ষক : বঙ্গবন্ধু সেতু প্রকল্পের প্রধান প্রকৌশলী কে?
প্রার্থী : ইংল্যান্ডের স্টিভ পোলার্ড।
পরীক্ষক : বাংলাদেশে সড়ক পরিবহনের মাধ্যম কি কি?
প্রার্থী : বাস, ট্রাক, মোটর কার, স্টেশন ওয়াগন, অটোরিকশা, রিকশা, ঠেলাগাড়ি, গরুর গাড়ি ও ঘোড়ার গাড়ি।
পরীক্ষক : ঢাকা-কলকাতা বাস সার্ভিস চুক্তি স্বাক্ষরিত হয় কবে?
প্রার্থী : ১৮ ফেব্রুয়ারি ১৯৯৯।
পরীক্ষক : আপনাকে ধন্যবাদ, আপনি এখন আসুন।
প্রার্থী : আসসালামু আলাইকুম, স্যার।

## ◆ নমুনা সাক্ষাৎকার-৩৯

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভেতরে আসতে পারি, স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন।
পরীক্ষক : আপনার নাম কি?
প্রার্থী : মোঃ মঈনুল হোসেন।
পরীক্ষক : আপনার নামে একজন বিখ্যাত স্থপতি রয়েছেন, তার উল্লেখযোগ্য একটি স্থাপত্যের নাম বলুন।
প্রার্থী : জাতীয় স্মৃতিসৌধ।

Scanned with CamScanner

পরীক্ষক : স্থাপত্যটিতে কয়টি ফলক রয়েছে এবং এগুলো কিসের ইঙ্গিত নির্দেশক?

প্রার্থী : সাতটি ফলক বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের ৭টি পর্যায়ের রূপক ইঙ্গিত নির্দেশক। যথা :

- প্রথম : ১৯৫২-এর ঐতিহাসিক ভাষা আন্দোলন।
- দ্বিতীয় : ১৯৫৪-এর নির্বাচনে যুক্তফ্রন্টের বিপুল সাফল্য।
- তৃতীয় : ১৯৫৬-এর শাসনতন্ত্র আন্দোলন।
- চতুর্থ : ১৯৬২-এর ছাত্র আন্দোলন (হামিদুর রহমান শিক্ষা কমিশনের বিরুদ্ধে)।
- পঞ্চম : ১৯৬৬-এর ছয় দফা আন্দোলন।
- ষষ্ঠ : ১৯৬৯-এর গণঅভ্যুত্থান ও আইয়ুবী শাসনের পতন।
- সপ্তম : ১৯৭১-এর মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা আন্দোলনে বিজয় লাভ।

পরীক্ষক : বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য কতজনকে বীরশ্রেষ্ঠ উপাধি দেয়া হয়?

প্রার্থী : ৭ জনকে।

পরীক্ষক : এবার বলুন, শেখ মুজিবুর রহমানকে কবে বঙ্গবন্ধু উপাধি দেয়া হয়?

প্রার্থী : ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ (তোফায়েল আহমেদ এ উপাধি প্রদান করেন)।

পরীক্ষক : দেশে বর্তমানে সরকারি প্রাথমিক বিদ্যালয় কয়টি?

প্রার্থী : ৬৫৫৯৩টি *[সূত্র : জাতীয় সংসদে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী; ৪ মার্চ ২০১৯]*।

পরীক্ষক : আচ্ছা বলুন তো, দেশের সর্বোচ্চ পাহাড়/পর্বতের নাম কি?

প্রার্থী : তাজিংডং (বিজয়)।

পরীক্ষক : বাংলাদেশের কোন উপজাতি মাতৃতান্ত্রিক?

প্রার্থী : গারো ও খাসিয়া।

পরীক্ষক : এবার বলুন, বাংলাদেশের ক্রিকেটারদের মধ্যে সর্বোচ্চ সংখ্যক 'ম্যান অব দ্য ম্যাচ' হওয়ার অধিকারী কে?

প্রার্থী : সাকিব আল হাসান।

পরীক্ষক : জাতিসংঘের সর্বশেষ সদস্য দেশ কোনটি?

প্রার্থী : দক্ষিণ সুদান (১৪ জুলাই ২০১১ সদস্যপদ লাভ করে)।

পরীক্ষক : 'সূর্য কন্যা' কোন গাছকে বলা হয়?

প্রার্থী : শিমুল গাছকে।

পরীক্ষক : দেশে প্রথম বার্ড ফ্লু সনাক্ত করা হয় কবে?

প্রার্থী : ২২ ফেব্রুয়ারি ২০০৭।

পরীক্ষক : বার্ড ফ্লু সম্পর্কে কি জানেন?

প্রার্থী : বার্ড ফ্লুকে Avian Influenza বলা হয়। সাধারণত পাখিদের এ রোগ হয়। $H_5N_1$ নামক ভাইরাসের সংক্রমণে এ রোগ ছড়ায়। এ রোগ হলে– ডিম উৎপাদন কমে যায়, পালক এলোমেলো হয়ে যায়, ডিমের খোসা পাতলা হয়। হাঁস মুরগির ক্ষুধামান্দ্য, অবসাদগ্রস্ততা দেখা দেয়, ঝুটি বেগুনি রং ধারণ করে এবং ফুলে যায়। এন্টি ভাইরাস 'টার্মি ফ্লু' দ্রুত শরীরে প্রবেশ করিয়ে হাঁস মুরগি বাঁচানো যায়।

পরীক্ষক : বাংলাদেশের গবাদি পশুতে প্রথম ভ্রূণ বদল করা হয় কখন?

প্রার্থী : ৬ মে ১৯৯৫।

পরীক্ষক : বাংলাদেশে কোন প্রকার ছাগল সবচেয়ে বেশি পাওয়া যায়?

প্রার্থী : ব্লাক বেঙ্গল বা কালো জাতের ছাগল।

পরীক্ষক : ধন্যবাদ। আপনি আসুন।

প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

Scanned with CamScanner

## ◆ নমুনা সাক্ষাৎকার-৪০

প্রার্থী : আসসালামু আলাইকুম।
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম।
প্রার্থী : আসতে পারি, স্যার।
পরীক্ষক : আসুন। আপনার নাম কি?
প্রার্থী : আমার নাম ওবাইদুর রহমান।
পরীক্ষক : আপনার বাড়ি কোন জেলায়?
প্রার্থী : ফেনী জেলায়।
পরীক্ষক : ফেনী জেলার নামকরণ সম্পর্কে কি জানেন?
প্রার্থী : ফেনী নদীর নামানুসারে জেলাটির নাম হয়েছে ফেনী।
পরীক্ষক : আপনার জেলায় কয়টি উপজেলা ও কি কি?
প্রার্থী : ৬টি। ফেনী সদর, সোনাগাজী, ছাগলনাইয়া, পরশুরাম, ফুলগাজী ও দাগনভূঞা।
পরীক্ষক : বাংলাদেশে প্রথম কোন বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন সম্প্রচার কার্যক্রম শুরু করে?
প্রার্থী : এটিএন বাংলা।
পরীক্ষক : ফ্রান্সের বর্তমান প্রেসিডেন্ট কে?
প্রার্থী : ইমানুয়েল ম্যাক্রোঁ।
পরীক্ষক : আই এল ও-এর সর্বশেষ সদস্য দেশ কোনটি?
প্রার্থী : টোঙ্গা (১৮৭তম)।
পরীক্ষক : আচ্ছা বলুন তো, 'বাঙালির স্বাধীনতা যুদ্ধ' গ্রন্থটির লেখক কে?
প্রার্থী : আহমদ রফিক।
পরীক্ষক : বাংলাদেশের জাতীয় প্রাণীর নাম বলুন।
প্রার্থী : রয়েল বেঙ্গল টাইগার।
পরীক্ষক : নির্মাণাধীন পদ্মা সেতুর দৈর্ঘ্য কত?
প্রার্থী : ৬.১৫ কিমি।
পরীক্ষক : বাংলাদেশের বৃহত্তম নদীর নাম কি?
প্রার্থী : মেঘনা নদী।
পরীক্ষক : বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা কত?
প্রার্থী : ৪৫টি (বাংলাদেশ আদিবাসী ফোরাম)।
পরীক্ষক : প্রাথমিক শিক্ষাস্তরে অর্জন উপযোগী প্রান্তিক যোগ্যতা মোট কয়টি?
প্রার্থী : ২৯টি (পূর্বে ছিল ৫০টি, পরে করা হয় ৩০টি)।
পরীক্ষক : প্রথম এভারেস্ট বিজয়ী বাংলাদেশী কে?
প্রার্থী : মুসা ইব্রাহীম (২৩ মে ২০১০)।
পরীক্ষক : বিশ্বের সর্বশেষ স্বাধীন দেশ কোনটি?
প্রার্থী : দক্ষিণ সুদান, ১৯৩তম (স্বাধীনতা লাভ ৯ জুলাই ২০১১)।
পরীক্ষক : Voice change করুন : I eat rice.
প্রার্থী : Rice is eaten by me.
পরীক্ষক : আচ্ছা এবার বলুন, বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য দেশ?
প্রার্থী : ১৩৬তম।

Scanned with CamScanner

পরীক্ষক : বাংলাদেশ বেতারকেন্দ্রে প্রচারিত প্রথম নাটক কি?
প্রার্থী : বুদ্ধদেব বসুর 'কাঠ ঠোকরা' (উদ্বোধনী দিনে)।
পরীক্ষক : ধন্যবাদ, আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-৪১

প্রার্থী : আসসালামু আলাইকুম, আমি আসব স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম, আসুন, বসুন।
পরীক্ষক : আপনার নাম কি?
প্রার্থী : শরীফা খাতুন।
পরীক্ষক : আপনি কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী : আমি সরকারি ইডেন কলেজ থেকে রাষ্ট্রবিজ্ঞানে অনার্স করেছি।
পরীক্ষক : রাষ্ট্রবিজ্ঞানে আপনি কি কি পড়েছেন?
প্রার্থী : জাতীয়তাবাদ, সংবিধান, গণতন্ত্র, সরকার ও রাজনীতি, আমলাতন্ত্র, রাজনৈতিক দল ইত্যাদি।
পরীক্ষক : মুক্তিযুদ্ধকালীন ১নং সেক্টরের এলাকা কি ছিল?
প্রার্থী : চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম এবং ফেনী নদী পর্যন্ত।
পরীক্ষক : ECNEC কি? এর প্রধান কে?
প্রার্থী : Executive Committee of National Economic Council। এর প্রধান বাংলাদেশের প্রধানমন্ত্রী।
পরীক্ষক : ব্রিটেন কোন সাম্রাজ্যের অধীনে ছিল?
প্রার্থী : রোম সাম্রাজ্যের।
পরীক্ষক : ২০২২ সালে বিশ্বকাপ ফুটবল কোন দেশে অনুষ্ঠিত হবে?
প্রার্থী : কাতারে।
পরীক্ষক : শতাব্দীর সেরা ফুটবলার কে?
প্রার্থী : ব্রাজিলের পেলে।
পরীক্ষক : নো ম্যান্স ল্যান্ড কি?
প্রার্থী : পাশাপাশি অবস্থিত দুটি রাষ্ট্রের সীমান্ত সংলগ্ন স্থান, যার মালিকানা কেউ দাবি করতে পারে না।
পরীক্ষক : বাংলাদেশের প্রথম ইপিজেড-এর নাম কি?
প্রার্থী : চট্টগ্রাম ইপিজেড।
পরীক্ষক : জাতীয় সংসদে কোরামের জন্য কতজন সাংসদের উপস্থিতি প্রয়োজন?
প্রার্থী : সংবিধান মোতাবেক ন্যূনতম ৬০ জন।
পরীক্ষক : বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?
প্রার্থী : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
পরীক্ষক : এবার বলুন, বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার কবে গঠন করা হয়?
প্রার্থী : ১০ এপ্রিল ১৯৭১।
পরীক্ষক : বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন কোনটি?
প্রার্থী : সুন্দরবন।
পরীক্ষক : সুন্দরবনের অন্য আরেকটি নাম আছে, বলতে পারবেন?
প্রার্থী : সুন্দরবনের অন্য নাম বাদাবন।

Scanned with CamScanner

পরীক্ষক : আচ্ছা এবার বলুন, সুরমা এবং কুশিয়ারা নদীর মিলিত স্রোতকে কি বলে?
প্রার্থী : কালনী।
পরীক্ষক : বাংলাদেশের ওপর দিয়ে অতিক্রমকারী ভৌগোলিক রেখার নাম কি?
প্রার্থী : কর্কটক্রান্তি রেখা।
পরীক্ষক : দেশের সর্বদক্ষিণের জায়গার নাম কি, বলতে পারবেন?
প্রার্থী : হ্যাঁ, ছেঁড়াদ্বীপ/সেন্টমার্টিন।
পরীক্ষক : এবার বলুন তো, বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশনের নাম কি?
প্রার্থী : কুদরত-এ-খুদা শিক্ষা কমিশন (১৯৭৪)।
পরীক্ষক : জাপান ও রাশিয়ার মধ্যে বিরোধপূর্ণ দ্বীপটির নাম কি?
প্রার্থী : কুরিল দ্বীপপুঞ্জ।
পরীক্ষক : নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেলের জন্ম ও মৃত্যু তারিখ কত?
প্রার্থী : জন্ম : ২১ অক্টোবর ১৮৩৩; মৃত্যু : ১০ ডিসেম্বর ১৮৯৬।
পরীক্ষক : ধন্যবাদ, আপনি আসুন।
প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ। আসসালামু আলাইকুম।

## ◇ নমুনা সাক্ষাৎকার-৪২

প্রার্থী : আসসালামু আলাইকুম। আসতে পারি স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন।
পরীক্ষক : আপনার নাম কি?
প্রার্থী : মোঃ হাসান মাহমুদ।
পরীক্ষক : বাংলাদেশের ১ ও ২ টাকার নোটে কার স্বাক্ষর থাকে?
প্রার্থী : অর্থসচিবের।
পরীক্ষক : GDP-এর পূর্ণ অভিব্যক্তি কি?
প্রার্থী : Gross Domestic Product.
পরীক্ষক : মুদ্রাস্ফীতি কি?
প্রার্থী : এটি এমন একটি অবস্থা যখন অর্থের মূল্য ক্রমাগত কমে আসে এবং দ্রব্যমূল্য ক্রমাগত বেড়ে যায়।
পরীক্ষক : বাংলাদেশ ও মিয়ানমারকে পৃথককারী নদীর নাম কি?
প্রার্থী : নাফ নদী।
পরীক্ষক : বাংলাদেশে কবে 'শিক্ষার বিনিময়ে খাদ্য' কর্মসূচি চালু হয়?
প্রার্থী : ১৯৯৩ সালে।
পরীক্ষক : সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কোন শ্রেণি থেকে ইংরেজি ভাষা শেখানো হয়?
প্রার্থী : প্রথম শ্রেণি থেকে।
পরীক্ষক : বিশ্বে গম উৎপাদনে শীর্ষ দেশ কোনটি?
প্রার্থী : চীন।
পরীক্ষক : 'গারুদা' কি, বলতে পারবেন?
প্রার্থী : গারুদা ইন্দোনেশিয়ার একটি বিমান সংস্থার নাম।
পরীক্ষক : পিসিকালচার বলতে কি বোঝেন?
প্রার্থী : পিসিকালচার বলতে মৎস্যচাষ বিদ্যাকে বোঝায়।
পরীক্ষক : এবার বলুন, বিশ্বের প্রথম নারী প্রেসিডেন্ট কে?

Scanned with CamScanner

প্রার্থী : রানী ইসাবেলা পেরন (আর্জেন্টিনা)।

পরীক্ষক : বর্তমান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কততম প্রেসিডেন্ট?

প্রার্থী : ৪৫তম।

পরীক্ষক : ছিটমহল কি?

প্রার্থী : একটি স্বাধীন দেশের অভ্যন্তরে পার্শ্ববর্তী বা সীমান্তবর্তী অন্য কোনো স্বাধীন দেশের বিচ্ছিন্নভাবে থেকে যাওয়া ভূখণ্ডই ছিটমহল।

পরীক্ষক : এবার বলুন তো, বর্তমানে দেশে বিভাগ কয়টি?

প্রার্থী : ৮টি (সর্বশেষ ময়মনসিংহ)।

পরীক্ষক : বাংলাদেশের নিকাশ ঘর হিসেবে কাজ করে কোন ব্যাংক?

প্রার্থী : বাংলাদেশ ব্যাংক।

পরীক্ষক : বাংলাদেশ ব্যাংক কবে প্রতিষ্ঠিত হয়?

প্রার্থী : ১৬ ডিসেম্বর ১৯৭১ (স্টেট ব্যাংক অব পাকিস্তান-এর উত্তরসূরি হিসেবে যাত্রা করে।)

পরীক্ষক : ক্যারিবিয়ান অঞ্চলের ৫টি দেশের নাম বলুন।

প্রার্থী : ১. কিউবা, ২. ডোমিনিকান প্রজাতন্ত্র, ৩. হাইতি, ৪. বাহামা দ্বীপপুঞ্জ ও ৫. জ্যামাইকা।

পরীক্ষক : আপনাকে ধন্যবাদ, আপনি আসুন।

প্রার্থী : আপনাদের সবাইকে ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-৪৩

প্রার্থী : আসসালামু আলাইকুম। ভিতরে আসব, স্যার।

বোর্ড চেয়ারম্যান : ওয়াআলাইকুমুস সালাম। আসুন।

প্রার্থী : ধন্যবাদ।

বোর্ড চেয়ারম্যান : আপনার নাম?

প্রার্থী : মোঃ ওয়াহিদ উদ্দিন।

বোর্ড চেয়ারম্যান : আপনি কোথায় এবং কোন বিষয় নিয়ে পড়ালেখা করেছেন?

প্রার্থী : আমি ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি বিষয়ে বিএসএস ডিগ্রি লাভ করেছি।

বোর্ড চেয়ারম্যান : বলুন তো, অর্থনীতি শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন।

প্রার্থী : অ্যাডাম স্মিথ (অর্থনীতির জনক) অষ্টাদশ শতকে সর্বপ্রথম এটি ব্যবহার করেন।

পরীক্ষক-১ : দেশে প্রাথমিক শিক্ষাস্তরে অর্জন উপযোগী প্রান্তিক যোগ্যতা কতটি?

প্রার্থী : বর্তমানে ২৯টি (পূর্বে ছিল ৫৩টি, পরে করা হয় ৫০টি)।

পরীক্ষক-১ : আপনি যেহেতু অর্থনীতি বিষয়ে লেখাপড়া করেছেন, তাই এ বিষয় সম্পর্কেই আলোচনা হোক, কেমন?

প্রার্থী : জী স্যার।

পরীক্ষক-২ : বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম কি?

প্রার্থী : বাংলাদেশ ব্যাংক।

পরীক্ষক-১ : বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নর কে?

প্রার্থী : বাংলাদেশ ব্যাংকের বর্তমান গভর্নর ফজলে কবির।

পরীক্ষক-২ : বাংলাদেশের মুদ্রাবাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নাম কি?

প্রার্থী : বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।

Scanned with CamScanner

পরীক্ষক-২ : চতুর্থ বিশ্ব নারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
প্রার্থী : বেইজিং (চীন)।
পরীক্ষক-২ : ইলা মিত্র কোন আন্দোলনের সাথে সম্পৃক্ত ছিলেন?
প্রার্থী : তেভাগা আন্দোলন।
পরীক্ষক-২ : সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিল করা হয়?
প্রার্থী : পঞ্চদশ সংশোধনী।
পরীক্ষক-৩ : আচ্ছা বলুন তো, বাংলাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি?
প্রার্থী : ভোলা।
পরীক্ষক-৩ : এবার বলুন, প্রথম বাংলাদেশী হিসেবে কে এভারেস্ট শৃঙ্গ জয় করেন?
প্রার্থী : মুসা ইব্রাহীম (২৩ মে ২০১০)।
পরীক্ষক-৩ : শেখ মুজিবুর রহমানকে কবে বঙ্গবন্ধু উপাধি প্রদান করা হয়?
প্রার্থী : ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯।
পরীক্ষক-৩ : ১৪তম এশিয়া কাপ ক্রিকেট ২০১৮-এর চ্যাম্পিয়ন দল কোনটি?
প্রার্থী : ভারত।
পরীক্ষক-৩ : বাংলাদেশের শ্রেষ্ঠ মহিলা কবির নাম বলুন।
প্রার্থী : বেগম সুফিয়া কামাল।
পরীক্ষক-৩ : বাংলাদেশে মেয়েদের বিয়ের সর্বনিম্ন বয়স কত বছর?
প্রার্থী : ১৮ বছর।
পরীক্ষক-৩ : বিশ্বের মুসলিম মহিলা হিসেবে কে প্রথম শান্তিতে নোবেল পুরস্কার পান?
প্রার্থী : ইরানের আইনজীবী ও মানবাধিকার কর্মী শিরিন এবাদি।
বোর্ড চেয়ারম্যান : আপনাকে ধন্যবাদ।
প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ, স্যার। আসসালামু আলাইকুম।

## ❖ নমুনা সাক্ষাৎকার-৪৫

প্রার্থী : আসসালামু আলাইকুম। আমি আসব স্যার?
পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন।
পরীক্ষক : আপনার নাম কি?
প্রার্থী : আব্দুর রহমান।
পরীক্ষক : আপনার নিজ জেলা ও উপজেলার নাম বলুন।
প্রার্থী : আমি কক্সবাজার জেলার রামু উপজেলার অধিবাসী।
পরীক্ষক : রামু অর্থনৈতিকভাবে কি জন্য প্রসিদ্ধ?
প্রার্থী : রবার চাষের জন্য।
পরীক্ষক : কোন জেলায় সবচেয়ে বেশি তুলা উৎপন্ন হয়?
প্রার্থী : ঝিনাইদহ জেলায়।
পরীক্ষক : বাংলাদেশে সবচেয়ে বেশি চা উৎপন্ন হয় কোন জেলায়?
প্রার্থী : মৌলভীবাজার জেলায়। এখানে চা বাগানের সংখ্যা ৯১টি।

Scanned with CamScanner